পরমারাধ্য

এযুক্ত বাবু হরিমোহন চট্টোপাধ্যায়



এই গ্রন্থানি

উৎসর্গীকৃত

रहेन।

পাষাণ প্ৰতিমা।

(ঐতিহাসিক দৃশ্যকাব্য।)

প্রথম দৃশ্য।

কাশ্মীর—বীরাঙ্গনগর-সন্ধিহিত বনমধ্যস্থ পথ।
(অশ্বারোহণে রণধীর সিংহের প্রবেশ।)

রণধীর।—(স্থগত) তাইত, পথ যে আর ফুরায় না; নির্বাণণামুথ দীপশিখা বেমন নিবে নিবেও নিবে না, আজ যে দেখছি দেই মত পথও আর ফুরায় না। বিভীবিকাময়ী বিজোহিতা, বেমন শাস্তিসতীর শোভা ধ্বংস করে, সন্ধ্যাও সেইমত প্রকৃতির প্রেম-পূর্ণ সৌন্দর্য্য হরণ কোরতে উদ্যত। ঐ যে, তপ্ত কাঞ্চননিভ তপন, জলবিজলে পভিত হবা মাত্রই বাষ্পা সকল অন্ধকার পে জ্বগৎ জয় কোরতে ধাবমান হচেচ। কি অন্ধকার! একে এই বন—গভীর বন স্থভাবতই তমোময়, তাতে আবার অন্ধকার কি গভীর! এখন উপায় কি? একে বন, জিঅজস্তুপূর্ণ, রজনী আগত, নিকটে জনমানব নাই, পথ অজ্ঞাত, অশ্বও ক্লান্ত হয়েছে, এখন করি কি? উ:! সন্ধ্যাসক্ষমে নীরবতা কি ভয়ানকরপেই বনমধ্যে প্রকৃতি-বক্ষে

নৃত্য কোরচে ! এ মীরবতা—এ খন গভীর নীরবতা স্বাভাবিক নহে, যেন প্রত্যেক বৃদ্ধকোটর হতে—এই বিস্তৃত বিশাল বনধণ্ডের নিম্নভাগ হতে বেগে বহির্গত হয়ে, নৃত্য কোরতে কোরতে বিমানমার্গে ধাবমান হচেচ। (অদুরে অক্ষুট্র ধ্বনি) এ কি ! কিসের স্বর এ ? কিছুইত বৃষতে পাচ্চি না। (পুনরায় অক্ষুট্রেগদন ধ্বনি) তাইত ! এ যে রোদন ধ্বনি—দন্মাদলিত পথিকের অস্ত্রিম ধ্বনি। দেখতে হল। (রোদন ধ্বনি) এ যে কামিনী-কণ্ঠ-নিঃস্তৃত স্বর বোদ হচেচ। না, আর আমি স্থির থাকতে পারি না। আমি উপস্থিত থাকতে, জগতের জীবনরাপাণী রমণীর ত্র্গতি ! কখনই না। অস্থাকে ঐ বৃক্ষে বন্ধান কোরে, একবার ঘটনাটা কি দেখি। (নিকটস্থ বৃক্ষে অস্থা ব্যান্ধান ব্যাদন ধ্বনি) না, এ নিশ্চয়ই নিপ্টাড়িতা রমণীর রোদন ধ্বনি। নিশ্চয়ই কোন পাষ্ড, সরলা ইরিণীর প্রতি অভাচার করতেছে। আজ পারওদের নিস্তার নাই।

· (ধ্বনি লক্ষ্য করিয়া বনমধ্যে গমন ও নেপথ্যে যুদ্ধ কোলাহল এবং একজন দহ্যসহ যুদ্ধ করিতে করিতে আগমন।)

রণধীর ৷—নরাধম দম্মা ! তুই জানিস, কার সঙ্গে যুদ্ধ কোরতে প্রবৃত্ত হয়েছিস ?

দস্ম্য।—তোর মৃত্যু উপস্থিত, এখন দস্ত রেখেদে।
(উভয়ের যুদ্ধ, দস্ম্যুর পতন ও অপর এক দস্ম্যুর প্রবেশ।)
রণধীর।—আয় পাষণ্ড!—গ্রীষ্ম যেমন প্রত্যেক বৃক্ষের পত্ত শূন্য
করে, সেই মত আজ আমি এই বনের সমস্ত দস্ম্যবংশ ধ্বংদ কোরব।

(উভয়ের যুদ্ধ এবং দস্ত্য আহত হইয়া পলায়ন।) রণধীর।—পলায়নপর ব্যক্তিকে বীরেরা মুদ্ধের যোগ্য জ্ঞান করে না, তাই তুই নিস্তার পেলি। ঐ যে, আবার কে পালার ? দাঁড়া, দাঁড়া, পাপিছেরা পালাস কেন ? 🗸 বন মধ্যে গমন ও অচৈতন্যা অনুপকুমারীকে ক্রোড়ে লুটুরা প্রবেশ।) হা! আমি কি হত-ভাগ্য! শ্রম বিফল হল, রমণীকে বাঁচাতে পারলেম না! হা! ভয়-বিহ্বলা বালা পাষ্ডদের পীড়নে একেবারে জীবনলীলা শেষ কোরে-ছেন! কি ছুর্ভাগ্য! না, এই যে, বাদিত বীণার ঝনৎকারের ন্যায় এখনও নিশ্বাস আছে। বোধ হয়, ভয়ে চৈতন্যহারা হয়েছেন। না হবেন কেন? পারওদের পাপকর স্পর্দের পাষান-প্রাক্তির হয়, তা ইনি কোমলাক্ষী রমণী। এখন করি কি ? চৈতন্য ক্ষীপাদনের উপায় ? চারিদিকে অন্ধকারের বিভীয়িকা, নিকটে জনমানব নাই, কোথায় বা সরোবর, কিছুই জানি না। কি করি ? (ব্যজনী) অন্ধকারে কিছুই দেখতে পাজি না। কেবল রমণীর ললিত মূর্ত্তিই নয়নপথে পতিত হচেট। যদিও বন্, ঘন অন্ধকারে আরুত, তথাপি নীল নৈশাকাশে স্কভারা যেমন পরম রমণীয় প্রভা প্রকাশ করে, দেইমত এই উজ্জ্ল হেমময়ী মূর্ত্তি বন আলোকিত কোচে। আহা! कि मत्नातम मूर्जि! इति कि (परी ?-ना अश्रती ?-ना वनत्परी ? তাই আজ আমারে ছলনা কচ্চেন ? আমিত কিছুই বুঝতে পাচিচ না। এরপ রপ মানবীর সম্ভবে না, এ স্বর্গীয় রূপ, ইনি অবশ্যই দেবী। না, তাকি হতে পারে ? আমি ফুড জীব, আমার সঙ্গে কি দেবীর ছলনা শোভা পায়? আর তার্হলেই বাইনি দম্যুদলিতা হবেন কেন ? ঐ যে এক পাষণ্ডের মূত দেহ পতিত রয়েছে, ঐ বা এই তর-বারির আঘাতে পাপ প্রাণ পরিহার কোরবে কেন ? ইনি অবশ্যই মানবী। কিন্তু এমন স্বৰ্গীয় রূপভূষণে ভূষিতা বালার এমন होनत्वम (कन १ (नथहि कृष्क-कन्मांत ना। इ (वम् जूष हैं हिन कि বথার্থই ক্লযক-কুমারী ?

অনুপরুমারী। — আপনি কে? — দম্বাপতি?

রণ্ণীর।—না, আমি দম্মানই, পথিক। আপনার আর্ত্তনাদ শুনেই আমি দম্মাদের উচিত দণ্ড দিয়ে আপনার চৈতন্যপ্রাপ্তির অপেকা কোচ্ছিলাম। ঐ দেখুন, এক জন দম্মার মৃত দেহ পতিত। এক জন আহত হয়ে পলায়ন কোবেছে, আর এক জন শুপু ভাবে থেকে শেষ দেই পথের পথিক হয়েছে। আপনি শাস্ত হন, আপনার কোন ভয় নাই।

অনুপ। — আপনি বীর, মহাপুরুষ, আমায় আসন্ধ বিপদ হতে রক্ষা কল্পেন, আমি ছুংখিনী রুষক-তনয়া। রুষক-বালার পক্ষে আপনার ন্যায় সম্ভ্রান্ত ব্যক্তির এ ঋণ শতজন্মে পরিশোধ করা অসম্ভব।

রণধীর।—আপনার বেশ দেখে আমি পূর্কেই অনুমান করে-ছিলাম আপনি কৃষক-ললনা। জিজ্ঞাসা করি, এ দস্থ্যরা কিরুপে আপনারে এ গছন বনে আনলে ?

অনুপ। — আমি পুর্বেই বলেছি, আমি হতভাগিনী। আমার পিতা শিবদয়াল সিংহ রদ্ধ রুষক, আমার মাতা নাই; তপনকিরণ যেমন স্থাকরের সন্মান প্রাপ্তির এক মাত্র গতি, সেইমত পিতা আমার মুখ দেখেই জীবিত। সন্ধার কিয়ৎক্ষণ পূর্বের সাংসারিক কার্য্যের জন্য আবাসের অদুরে কুপ হতে জল আনয়ন কোরতে গিয়াছিলেম, পান্তের। সেই স্থান হতে আমারে ধোরে আনে।

রণধীর।—আপনার নাম কি শুনতে বাসনা করি ? অনুপ।—আমার নাম অনুপকুমারী।

রণবার। কুমারি ! মণিকে কাচাভরণে ভূষিত কোরলে, মণি যেমন আরও শোভা পার, সেইমত এই কৃষকবালাবেশে আপনার অনুপ রপরাশি অতুল জ্যোতিঃ বিকাশ কোচে। কিন্তু আপনার ন্যায় নবীনা মাধবীলতাকে সাংসারিক কফ্টরূপ পক্ষে পতিত দেখে 庵 দয়ে বিশেষ বেদনা পেলেম। আপনার বাসবাটী কোথায় ?

অমুপ।—এই বনের প্রাস্তভাগে আমাদের কুটীর। আপনি

আমার জীবন রক্ষা কোরেচেন, বলতে পারি না, যদি অমুগ্রাহ কোরে

একবার আমাদের কুটীরে পদার্পণ কোরে আমার জীবন সার্থক ও

পিতার স্থাদয়ে আনন্দ দান করেন।

রণধীর।—আমি যদি কার্য্যাস্করে ব্যাপৃত না থাকতেম, তাহলে অনুক্ষণ আপনার সরলতাময় পবিত্র মূর্ত্তি দেখে নয়ন তৃপ্ত করতেম, প্রীতিময় বাক্য শুনে প্রাবনস্থখ চরিতার্থ আর উদারস্থানয় ক্ষমকবালা-স্থলড অভ্যর্থনায় আপ্যায়িত হতেম।

অনুপ।—আপনি এখন কোখায় যাবেন ?

इनशीत ।--- वीताक्रनगरत ।

অনুপ।—আপনার আফৃতি দেখে, আপনারে ভিন্নদেশবাসী বলে বোগ হচেচ।

রণধীর।—আপনার অনুমানই সত্য। বিচিত্রনিবাস এখান ছতে কতদুর বলতে পারেন १

অনুপ।—এই বনের সীমান্তেই বীরাঙ্গনগার; নগরের ভিতরেই বিচিত্রন্থ্য এবং সেই দুর্গমধ্যেই বিচিত্রনিবাস।

রণধীর।—আপনি কখন বিচিত্রনিবাসে গিছলেন ?

অনুপ।—না, বিচিত্রত্নের এক জন পরিচারক ধরম্ দিংহ,
ুপ্রায় মধ্যে মধ্যে আমাদের কুটীরে আনেন। বিচিত্রনিবানে কার
সঙ্গে আপনার সাক্ষাৎ করা উদ্দেশ্য ?

রণধীর।—মলহর সিংহের সহিত সাক্ষাৎ করাই মুখ্য উদ্দেশ্য।

অনুপ।—আপনি কি জানেন না, সরদার নলছর সিংহ এখানে নাই? তিনি শ্রীনগরে। মহারাজ রণজিং সিংহ, পঙ্গণালের ন্যায় নিজ সৈন্যাল দ্বারা কাশ্মীর বেউন কোরেছেন। প্রথম যুদ্ধে কাশ্মীর- সম্রাট মহম্মদ আজিম খাঁর প্রধান সেনাপতি জব্বর খাঁ পরাস্ত হয়ে সিন্ধু পারে পলায়ন করেছেন। একণে সরদার মলহর সিংহ সর্বসাধারণ হিন্দুকে উত্তেজিত কোরে শিখরাজের সহিত সংগ্রাম জন্য শ্রীনগরে সজ্জিত হচ্চেন।

রণধীর।—সেই সৈন্য দলে প্রবেশ করাই আমার উদ্দেশ্য। অনুপ।—তবে কি আপনি সত্ত্বেই তথায় গমন কোরবেন ? রণধীর।—হাঁ।

অনুপ।—আপনাকে আর অধিক অনুরোধ কোরতে পারি না, আমি রুষকবালা, আপনি বীরবর, মহাপুরুষ, যদি এক্বার কুটীরে পদার্পন কোরে পিতার সহিত সাকাং—

রণধার।—আপনি ক্লফকবালা বটেন, কিন্তু আপনার নাম থেমন অনুপকুমারী, আপনার সকল বিষয়ই সেইমত অনুপ; রূপ অনুপ, গুণ অনুপ। ভাগ্যবান সামাগ্র শুক্তিতে যেমন স্থাতিনক্ত্রের রূপা ছলে মুক্তা জন্মে, সেইমত জগদীশ্বরের রূপায় আপনার পিতা, আপনার ন্যায় অনুপলাবণ্যবতীকে প্রাপ্ত হরেছেন। অল্লকার এ ঘটনা যেন আমার জীবনের মধ্যে সর্বাপেকা আনন্দকর বোধ হচেচ, ইহজন্মে ইহা ভুলব না।

অনুপ।—আপনি যে আজ গ্রংখিনীর জীবনদান কোরলেন, ইহাও এ জন্মে বিশ্বত হবার নয়।

রণনীর।—চুলুন, আপনার ভাগ্যবান পিতারে দর্শন কোরে হুদয় তৃপ্ত করিগে।

ভিতয়ের প্রস্থান।

দ্বিতীয় দৃশ্য।

কাশীর—বীরাঙ্গনগর-প্রান্তর-পার্য স্থ দেবালয়-সম্মুখ-প্রদেশ। (ভীম্মাচার্য্যের প্রবেশ।)

ভীষাচার্য্য।—(স্বগত) ভগবান ভবানীপতি, ভীষাচার্য্যের প্রতি
অবশাই সদয় হবেন। স্বাদীনতার নামে কাশ্মীরবাসী হিন্দুমাত্তের
হৃদয় যেরপ উদ্দীপ্ত হয়েছে, তাতে আমার আশা সফল হবার সম্পূর্ণ
সম্ভাবনা। রণজিং সিংহ, প্রবলপরাক্রান্ত হলেও ষধন কাশ্মীরের
প্রত্যেক হিন্দু, জন্মভূমি—স্বাদীনতা প্রাপ্তির জন্ম এই হুযোগে
প্রাণ পর্যান্ত বলি দিতে উদ্ভাত, তখন রণজিং, অবশাই পূর্ব্ব বারের
ন্যায় এবারেও পরান্ত হয়ে স্বরাজ্যে গমন কোরবে। আমাদের
অভাব—এক্ষণে একজন দক্ষ সেনাপতি। বীরবর রণদীর সিংহকে
যে প্রলোভন দেখিয়ে আসবার জন্ম পত্র লিখেছি, তাতে তিনি
সম্ভরেই আসবেন বোধ হয়। আজত তাঁর আসবার কথা, দেখা
যাক আসেন কি না। তভক্ষণ অনাদিনাথের পূজা করিগে।
(মন্দিরমধ্যে গমন)

(जगारताहरण तणकीरतत अरवन ।)

রণধীর।—(স্বগত) কে বলে রণজিৎ মহাবীর ? রণজিৎ নরপ্রেত—
রণজিৎ—দন্মা। অধর্ম মুদ্ধেয়ে পররাজ্য আত্মসাৎ করে, তাকে কে বীর
বলতে প্রস্তৃত্ত ? রণজিতের নামে সমগ্র ভারতবর্ষ কম্পিত বটে,
ইংরাজ, স্তম্ভিত বটে, কিন্তু তাহা রণজিতের বাত্তবলের কারণ নয়,
রাজনৈতিক বলের কারণ। কিন্তু রণধীর, রণজিতের অসিকে ভয়

করে না। যখন কাশ্মীরের প্রত্যেক হিন্দু অসিহন্তে সমরসাগরে ঝপদিতে প্রস্তুত, তখন দেখর কেমন রণজিৎ। জগৎ দেখরে—রণধীর, রণজিতকে পরাস্ত কোরতে পারগ কি না। এইত প্রাস্ত্রের দক্ষিণদীমান্ত দেবমন্দির; এইখানেইত ভীত্মাচার্য্যের উপস্থিত হবার কথা, অশ্বকে বিশ্রাম কোরতে দিয়ে অপেক্ষা করা যাক। (অশ্বকে নিকটত্ব রক্ষেন)

(ভীমাচার্য্যের মন্দিরমধ্য হইতে আগমন।)

ভীম্ম ৷—বোধকরি আপনার নাম রণধীর সিংছ?

রণদীর।—আপনার অনুমান সত্য; কিন্তু একটি প্রশ্ন এই, আমার পরিশ্রামের ফলস্বরূপ পত্তে যে পুরস্কার দানের উল্লেখ আছে; আপনিই কি সেই দানাধিকারী ?

ভীষা।—হাঁ, আপনি যদি জয়লক্ষ্মী অর্জ্জন কোরতে পারেন, তাহলে সেই পুরক্ষারও আপনার লাভ করা ত্রুকর হবে না। কাশ্মী-রের প্রধান সেনাপতিপদ আপনি চিরজীবনের জন্য প্রাপ্ত হবেন। বিশেষ—

রণধীর।—দেখছি আপনি আচার্য্য, ধর্মকর্ম্ম, দেবোপাসনা আপনার ব্রত, রাজনীতি-তত্ত্বে আপনি কেন নিবিষ্ট এবং আপনি কিরুপেই বা আমাকে এ আশাসাগরে নিক্ষেপ কোচ্চেন, তা বুঝতে পাচ্চি না।

ভীষ্ম।—আপনার মনে এ সন্দেহ উপস্থিত হতে পারে বটে, কিন্তু যদিও আমরা উভরে নবপরিচিড, তথাপি এখন উভরের মনের ভাব স্পাঠ ব্যক্ত করাই কর্ত্তব্য ।

রণধীর।—নচেৎ কার্য্যসামন করাও কঠিন। ভীম্ম।—আপনি জানেন, কাঞ্মীরপতি আননদদেদেবের পরলোক প্রাপ্তির পর, ক্রবান্বরে ক্রয়োদশ জন যবনের মুও এই মর্ভ্যলোকের অমর-পুরী দদৃশ কাশ্মীর-রাজছত্ত্রতলে বিরাজ করে। এক্ষণে আজিম খাঁর শিরে রাজছত্ত শোভা পাচে। কাবুলপতি স্থজাউলমুলুক প্রাণত্যাগ করায়, আজিম, প্রবল পরাক্রমের সহিত কাবুল পর্যান্ত জয় কোরে এক্ষণে পেশোয়ারে বিহার কোচ্চে। এদিকে শিখরাজ রণজিৎ সিংছ কাশ্মীর-বক্ষে উপস্থিত। আজিমের সেনাপতি জব্বর খাঁ, রণজিতের পুত্র খড়ুগাসিংছ ও সেনাপতি দেওয়ানচাঁদের সহিত ইতপূর্ব যুদ্ধে পরাজিত হয়ে সিম্ধু-পারে পলায়ন কোরেছে। রণজিৎ এখনও রাজধানী জীনগর জয় কোরতে পারে নাই। এই সপ্তাহের মধ্যেই নগর লুপ্তন কোরে কাশ্মীর জয় শেষ কোরবে। কিন্তু সম্প্র কাশ্মীরবাদী হিন্দুর বাদনা যে, এই সূত্রে একবার তরবারি ধারণ কোরে কাশ্মীর-ছুর্নে পুরাতন হিন্দুরাজপতাকা উজ্জীয়-মান করে। কাশ্মীরের সর্ববিধান সম্রান্ত সরদার মলহর সিংহ আমার প্রির দেবক; তিনি ও আর আর সমস্ত সন্তান্ত সরদারই এখন জীনগরে রণসজ্জায় ব্যস্ত। আপনি না কি মহাবীর, অনেক যুদ্ধে জয়লাভ কোরে এক্ষণে উৎক্লফ যুদ্ধ-নীতি শিক্ষার জন্য ব্রিটিস দেনাদলে প্রবেশ করেছেন, দেই জ্যেটে আপনাকে কার্য্যদক্ষ জেনে প্রধান দেনাপতি পদে বরণ কোরে সংগ্রাম-কেত্রে প্রেরণের বাসনা করেছি। আপনি যদি এই সময়ে শিখ সৈত্য-দিগকে পরাস্ত কোরে সরদার মলহর সিংহকে রাজসিংহাসনে উপ-বেশন করাতে পারেন, ভাছলে নিশ্চই কাশ্মীরের প্রধান সেনাপতি পদে চিরজীবনের জ্বন্থ নিযুক্ত হবেন, এবং সেই ভারতবিদিতা ললনাললাম স্থারমুন্দরীকেও প্রাপ্ত হতে পারবেন।

রণধীর।—রণজ্জিৎ না স্থরস্থন্দরীর প্রোমতিধারী ? ভীত্ম।—কেবল ভিধারী নয়, সেই ভারতবিদিতা কনক কর্মালনীর জন্মই এই কাশ্মীর জয়ে প্রাবৃত্ত হয়েছে। ৮ বংসর হল, রণজিৎ আর একবার সেই নন্দন-পারিজাত চয়ন জন্ম কাশ্মীর-বন্দে উপনীত হয়, কিন্তু বাসনা পূর্ন হয় নাই, সংগ্রামে পরাস্ত হয়ে স্মদেশে প্রত্যাগমন করে। একণে আপনি তরবারির বলে রণজিতকে পরাজিত কোরে সেই অনাজ্রাতা ফুল্প নলিনীকে লাভ করেন, ইহাই আমার বাসনা।

রণধীর।—আচার্য্য! বীরের প্রতিজ্ঞাই কার্য্য। আমি এই অসিস্পর্শ কোরে প্রতিজ্ঞা কোচিচ, যতকণ দেহে একবিন্দু মাত্র রক্ত
ধাকবে, ততকণ কোনমভেই রণজিতকে জীনগরে প্রবিফী হতে
দেব না। এ বাছত্বয় শরীর শোভার জন্য—এ অসি কাষ্ঠচ্ছেদ জন্য
ধারণ করি না, শক্রে মুণ্ড নিপাত জন্মই ধারণ করি।

ভীষ্ম।—সাধু, সাধু, বীরের উচিত বাক্যই বর্টে। রণধীর।—একটি প্রশ্ন কোরতে ইচ্ছা করি। ভীষ্ম।—বলুন।

রণধীর।--স্থরস্থন্দরী এখন কোথায় ?

ভীষা 1—আমারই অধীনে অতি গুপ্ত আবাসে আছেন। বতদিন না আপনি বাত্বলে কাশ্মীর-সিংহাসনে মলহর সিংহকে উপবেশন করাবেন, ততদিন আপনি সেই অনুপলাবণ্যবতীকে দেখতে পাচ্চেন না।

রণবীর ।—আপনার এ আজ্ঞা অমাস্থা কোরতে পারি না। তবে কি না, লোকের মুখে স্থরস্থন্দরীর ধেমন রূপের কথা শুনতে পাই, তেমনি চক্ষে দেখলে আরও প্রতীতি হতে পারে। আর আপনার কথাতেও সমধিক বিশাস কোরতে পারি। একবার সাক্ষাৎ—

ভীম্ম।—আচ্ছা, আমি একবারমাত্র তাঁহার সঙ্গে আপনার সাক্ষাৎ করিয়ে দিতে পারি। কিন্তু অত্যে আপনাকে একটি প্রতিজ্ঞা কোরতে হবে। আমি যেভাবে আপনাকে সেখানে লয়ে গ্রীয়াব, আপনাকে সেই ভাবে যেতে প্রস্তুত হতে হবে।

রণধীর।—কি ভাবে আপনি লয়ে যেতে চান ?

ভীত্ম।—চক্ষুবন্ধন কোরে। আপনি পরশ্বদিন সন্ধ্যার সময় লক্ষ্মীখালের পূর্ব্বপারে আত্মকানন মধ্যে অপেক্ষাকোরবেন, আমি আপনাকে তথার লয়ে যাব। এরপ করার অন্ত কোন উদ্দেশ্য নাই,
তবে কি না যতদিন আপনি কার্যোদ্ধার না কোচেন, ততদিন আপনাকে প্রকাশ্যরপে তথার লয়ে যেতে পারি না। সূরস্ক্রী, এখন
যেখানে আছেন, আমি ব্যতীত অন্ত কোন ব্যক্তিই তা জানে না।

রণধীর।—আপনার এ প্রস্তাবে আমি সমত হলেম। কিন্তু স্বরস্থানরীর সঙ্গে সাক্ষাৎ না হলে আমি সেনাগতি পদ গ্রহণ কোচ্চিনা।

ভীষ্ম।—সে বিষয়ে আমার একটি কথা আছে। রণজিৎ একণে রাজবানীর নিকটেই অবস্থান কোচেচ, শুনলেম এই সপ্তাহতেই সে নগরাধিকারে প্রাব্ত হবে। এ সমরে ষত শীঘ্র পারা বায়, সৈত্য সজ্জিত করা আমাদিগের প্রধান কর্ত্তর। মলহর সিংহ পঞ্চাশ সহত্র শিক্ষিতাশিক্ষিত সৈত্য সংগ্রাহ কোরেছেন; আপনি ইংরাজ সৈত্যদলে থেকে বৃদ্ধে নির্মানাদি উত্তযন্ত্রপেই শিক্ষা করেছেন, এ সময়ে আপনি যত শীদ্র পারেন, সেনাপতিপদ গ্রাহণ কোরে, সংগ্রাম সংক্রোক্ত আয়োজন কোরলেই মঙ্গল। আপনি স্থারস্থানীর সহিত সাক্ষাতের অপেক্ষা কোচেচন বটে, কিন্তু প্রশ্বাদিনই আমি আপনার নয়ন চরিতার্থ করাব।

রণধীর।—আপনার আজ্ঞাই শিরোধার্য। ভীন্ম।—আপনি তবে এখন পাস্থনিবাদে অবস্থান কচ্চেন ফ্ রণধীর।—আজ্ঞা হাঁ। ভীষ্ম।—সাবধানে আসবেন, আমি অগ্রাসর হই। রণধীর।—সাবধানের প্রয়োজন ?

ভীষা।—রণজিৎ চারিদিকে গুপ্ত সৈতা রক্ষা কোরেছে, যদি ধৃত হই, তা হলেই বিপদ। আমি এই পথ দিয়ে যাই, আপনি ভিন্ন পথ অবলম্বন ককন।

রণধীর।—যে আজ্ঞা।

[উভয়ের বিভিন্ন পথ দিয়া প্রস্থান।

তৃতীয় দৃশ্য।

কাশীর—শিথ-শিবির-সন্নিহিত কানন। (রণজিৎ সিংহ এবং প্রেক্তপ্রভা আসীনা।)

প্রেডপ্রতা।—মহারাজ! সকলেই বলে, চিরদিন সমান না যায়, কিন্তু আমার ভাগ্যত তার সাক্ষ্য দিচে না। প্রভাকর যেমন চিরদিন—মানবজাতির স্মরণাতীত দিন থেকে সমভাবে উদয় হচেন, আমার ভাগ্যও সেইমত জন্মাবিধি সমভাবেই ছঃখ ভোগ কোচে, বিরাম নাই, শেষ নাই। তরঙ্গের উপর তরঙ্গ—সহত্র তরঙ্গে বারিধি-বক্ষপ্র তরীকে যেমন তলগত করে, আমার ভাগ্যও সেইমত ক্রমাগত বিপত্তরকে আলোড়িত হচে। মহারাজ! এ তরঙ্গ কি নির্বিভ হবে না? ভূষরের পার্শ্বে আপ্রায়্ম লয়েও কি প্রবল প্রভঞ্জনে পত্তিত হতে হবে ?

রণজিৎ।—আমি বধন ভোমাকে আশ্রয়—অভয় দিয়েছি, যখন
ইাভিজ্ঞা করেছি, তথন অবশ্যুই ভোমার ভাগ্যচক্র ঋতুচক্রেরস্থায়
শারিবর্ত্তিত হবেই হবে। এই সপ্তাহের মধ্যে কাশ্মীর জয় সমাধা হলেই
তোমার বিষাদাবসান আর পাপিষ্ঠ ভীমাচার্য্য ভীম দও প্রাপ্ত হবে।
প্রেতপ্রভা।—মহারাজ! আপনার বাহুবলে পঞ্চনদরাজ্যা—সম্ব্র্য ইন্দ্রস্থান কম্পবান, আপনার অসির নিকট যে, পাপাত্মা ভীম্মাচার্য্যের চাতুরীজ্ঞাল হেদিত হবে তার সন্দেহ নাই। সেই আশাতেই
এদেহে এখনও জীবন দীপ প্রাজ্ঞালিত হয়েছে।

রণজিং।—আমি তোমারে যেরূপ উপদেশ দিয়েছি, যেভাবে অবস্থান কোরতে বলেছি, তুমি আর এক সপ্তাহ কাল দেইভাবে ফাপন কর, নিশ্চয় আমার অগস্ত্য রূপ অসি তোমার ছঃখসিষ্কু শোষণ কোরবে।

(রণধীরকে লইয়া কতিপয় প্রহরীর প্রবেশ।)

রণজিৎ।—আপনি কে ?

রণধীর।—অামার নাম রণধীর সিংছ। পথিমধ্যে প্রছরীরা ামাকে অন্তর্ধারী দেখে, মহারাজের নিকট আনয়ন কোরেছে।

রণজিৎ।—উপবেশন করুন। (প্রহরীদিগের প্রতি) তোমরা স্বকার্য্যে যাও।

[প্রহরীদিগের প্রস্থান।

।—সেভাগ্যক্রমে অস্ত মহারাজের সাক্ষাৎ প্রাপ্ত হরে পরম তুই হলেম। অপনার বিক্রম, বাত্তবল ভারতবিদিত। লোকে বলে যে, আপনি এক মাত্র খালসা সৈত্য সহায়ে জয়লক্ষীর আলিঙ্কন প্রাপ্ত হচ্চেন, কিন্তু সেটি ভাদের বুঝবার এম। অক্ত লোকে ভাবে দীতকালে কুয়াসারাশি শৃত্য হতে ভূপৃষ্ঠে পতিত হয়, বাস্তবিক ভা নয়। ভূগর্ভ হতে কুয়াসারাজি উথিত হয়ে জগৎ যেমন আছের করে, সেইরপ আপনার জয় রত্ন সৈত্যসঞ্জাত নছে, আপনার বাভ্বল-সম্ভূত।

রণজিং।—মলরামান্ত ধেমন বসস্তাগমের পরিচয় দান করে, আপনার উক্তিও দেইমত আপনার বিজ্ঞতা, বিচক্ষণতা, এবং বীর-জ্বের পরিচয় দান কোচেচ। বার ধেমন বীরের শক্র, দেইমত বীরই সময়ে বীরের মিক্র। আজ আমি আপনারে পরম্মিক্র-পদে বরণ কোরলেম। আতিখ্য স্বীকার করেন ইহাই প্রার্থনা।

রণধীর।—আপনার আতিখ্য স্থীকার করা পরম সেভিাণ্যের বিষয়। জিজ্ঞাসা করি ইনি কে?

রণজিং।—ইনি আমার আত্মীয়া নন, এবং স্বজাতীয়াও নন।
কিন্তু এঁকে আমি আপনার কন্তাপেকা স্নেহ কোরে থাকি। ইনিও
আমাকে পিতার তুল্য মান্ত কোরে থাকেন। আমার সমর্থা বিক্রাপ্ত
সৈত্য দলের মধ্যে এমন কেহই নাই বে, এঁর জন্ত প্রাণ পর্য্যস্ত বলি
দিতে প্রস্তুত নয়।

রণধীর।—আমি বোধ করি, আপনি এই কাশ্মীর প্রদেশের কোন সম্রাস্ত ব্যক্তির তনয়া ছবেন। আপনার বিমল বর্ণ এবং বিচিত্র-মূর্ত্তি তার সাক্ষ্য দিচেচ।

প্রেডপ্রতা।—আপনার অনুমান মিধ্যা নয়। ভারতের মধ্যে ষে
প্রাদেশ সকল বিষয়েই অমরাবতী সদৃশ, যে প্রাদেশে প্রকৃতি সভী
সকল ঋতুতেই পারম রমণীয় মুর্তি গারণ করেন, সেই এই কাশ্মীরেই
আমার জন্ম। আমি বোধ করি আমার নামও আপনি জ্ঞাত হতে
ইচ্ছা করেন, আমার নাম প্রেভপ্রজা।

রণধীর।—প্রেতপ্রভা ! এ কি নাম ? আপনার ভার বিশ্বনো-হিনী রমণীর এরপ নাম অতি বিচিত্র। প্রেতপ্রতা।—যে কোন অর্থই হকনা, বধার্থই আমার নাম প্রেতপ্রতা।

রণজিং।—ইনি সভাই বলছেন। কিন্তু কেন এ নাম হল, কে এ নাম দিলে, তাহা অনেক গৃঢ় রহস্তোর গর্ভস্থ এবং তাহা ব্যক্ত করাও অনেক সময়সাপেক। বোধ করি আপনি এ সহদ্ধে আমাকে আর কোন প্রশ্ন করবেন না।

রণধীর।—ক্ষমা করবেন। প্রথম সাক্ষাতে এতদূর সাহস করা আমার পক্ষে শোভনীয় নয়।

রণজিং।—এক্ষণে রজনী উপস্থিত, চলুন শিবিরে গমন করি। রণধীর।—যথাজ্ঞা।

[সকলের প্রস্থান।

চতুর্থ দৃশ্য।

কাশ্মীর—শিথ-শিবিরের অদ্বস্থ নিভৃত বন।
(তুই জন দৈনিক উপবিষ্ট।)

প্রথম সৈনিক।—ভোমার কথার আমার বিশ্বাস হর না। দ্বিতীয় সৈনিক।—কেন ?

প্র-স।—রণজিৎ মহাবীর, মুহাবলশাদী হলেও তার দাধ্য কি কাশ্মীর জন্ন করে ? একবার এই কাশ্মীর জন্ন কোরতে এদে বর্ধেট অপমান প্রাপ্ত হয়, তা কি স্মরণ নাই ? বখন প্রত্যেক কাশ্মীর-বাসী তরবারি হল্তে জন্মভূমির উদ্ধার জন্ম সমবেত হচ্চে, তখন রণজিতের সাধ্য কি বে কাশ্মীর-ছুর্গে জয়পতাকা উড্ডীয়মান করে?

ছি-স। — চিরদিন সমান বায় না। রপজিতের তখনকার অব-স্থার সঙ্গে এখনকার অবস্থার তুলনা হয় না। রণজিৎ নিজে যেমন নরসিংছ তাঁর প্রত্যেক সেনাপতি, প্রত্যেক সৈনিক, সেইমত এক একটি সিংছবিক্রমী। সেদিনকার সংগ্রামে মুসলমান-সেনাপতি জব্বর খাঁ, তার সাক্ষ্য পেয়েই জীবন লয়ে পলায়ন করে।

প্র-স।—তা হলেও তুমি মনে কোরনা যে, রণজিৎ সহজে আমাদিগকে অধীনতা শৃঞ্জলে আবদ্ধ কোরতে পারবে। যতকণ করে তরবারি থাকবে, যতকণ দেহে জীবন থাকবে, ততক্ষণ পর্যান্ত কাশ্মীর দুর্গে আবার হিন্দু রাজপতাকা উড্ডীন কোরতে চেষ্টা কোরবই কোরব।

দ্বিনা । —ভাই! জন্মভূমির ত্র্গতি দূর করা কার না প্রার্থনীয় ?
কিন্তু জয়লক্ষী কার ভাগ্যে কখন ভূফী হন, তা কে বলতে পারে ?
যে কাশ্মীর, ভারতবর্ধের নন্দনকানন স্বরূপ—প্রকৃতির ক্রীড়াভূমি
স্বরূপ বিদিত, সেই কাশ্মীর দীর্ঘকাল যবনের পাপপদে দলিত
হয়েছে; যদিও সেই যবন পলায়িত, কিন্তু কে বলতে পারে যে,
আবার সেই যবনের পরিবর্জে শিধরাজের অধীনতা নিগড়ে আবদ্ধ
না হবে ? ভাগ্য একবার ভাললে সহজে পূর্ব্ধ দশা প্রাপ্ত হয় না ।
মলহর সিংহ মহাবীর বটেন, এবং সমস্ত হিন্দু জন্মভূমি রক্ষায় যত্নবান
বটে, কিন্তু ভাগ্যে কি আছে, কে বলতে পারে ?

প্রান্দ ভাগ্যের কথা ছেড়ে দাও। সংগ্রাফ সম্বন্ধে ভাগ্যবল খাটে না । কাপুরুবেরাই ভাগ্যের উপর নির্ভর করে। ওনেছি, বাঙ্গালীর। এইরূপ ভাগ্যবাদী, তোমার ইচ্ছা যে আমরাও তাদের মত চিরদিন দাসত্ত্ব কাটাই। যাহক, স্থুরেন্দ্র সিংছ যে এখনও ক্রিরচে ন।? বোধ হয় রণজিতের অসি আজ তার রক্তে স্নান কোরেছে।

দ্বি—স। — না ভাই, স্থ্রেন্দ্রর দেই কখনই রণজিতের অসির ভৃপ্তি সাধন কোরবে না। স্থ্রেন্দ্র, নামে যেরপ কার্য্যেও সেই মত। সে যে কার্য্যে গিরেছে, কার সাধ্য সেরপ কার্য্যে অর্থসর হয় ? একে বিপক্ষ রণজিতের শিবির, তাতে একা, নিরন্ত্র, নারীবেশ, ইহাপেক্ষা সাহসের কাজ আর কি আছে ?

প্র–স।—ত্বুরেন্দ্র প্রকৃত প্রস্তাবে সাহদী বটে, এখন কার্য্যোদ্ধার হলেই মন্ধল।

দ্বি-স।-
 না কে আসচে ?

প্রা–স।—যে অন্ধকার কিছুই দেখতে পাচিচ না।

(স্থরপ্রভাকে ক্রোড়ে লইয়া নারীবেশে স্থরেন্দ্রের প্রবেশ।)

প্র-স।—খন্ত স্থরেন্দ্র খন্ত তোমার বিক্রম! খন্ত ভোমার দাহস!

স্বরেন্দ্র সিংছ।—ভাই! যতকা না একে সেই প্রভু ভীত্মাচার্য্যের চরণে অর্পণ কোরতে পাচিচ, ততকা আমি ধন্সবাদ চাই
না। যে ভীত্মাচার্য্যের মন্ত্রণায় এই নারীবেশে নিরন্ত্র হয়ে বিপক্ষ
শিবির হতে একে হরণ কোরে আনতে সমর্থ হলেম, সেই ভীত্মা চার্য্যকে ধন্সবাদ দাও। এখন ভাই, এখানে আর কাল বিলম্বের
প্রয়োজন নাই। কি জানি যদি রণজিতের অনুচরেরা উপস্থিত হয়,
ভাহলে সকলেই বিপদে পড়বো।

প্র-স।—মিথ্যা নয়, কিন্তু রমণী দেখছি মূর্চ্ছা গেছে, এ অবস্থায় নিয়ে গেলে যদি পথে প্রাণ ত্যাগ করে ? স্থরেন্দ্র ।—একটু অঞাসর হরে না হয় বিশ্রোম করা যাবে । কার পদ-শব্দ না ?

((दर्भ त्रभी (त्रत व्यक्ति ।)

রণধীর।—কে তোরা ?

স্থরেন্দ্র ।—তুই কে ?

রণধীর।—এই অসি আর বেশ তার পরিচয় দিচেত।

श्रुदत्रक्त ।—वीत ?

त्रवधीत ।--शै।

স্থরেন্দ্র।-প্রাণের আশা রাখ?

রণধীর।—করে অসি থাকতে কার সাধ্য আমার প্রাণবিনাশ করে।

स्रुत्तस्त्र । -- मन्नी कर कन ?

রণধীর।--রণধীর সঙ্গির অপেকা করে না।

স্থরেন্দ্র।—এখন কি চাও ?

রণধীর।—এই অসিকে তোদের রক্তে স্থান করাতে চাই।

স্থরেন্দ্র।—এতদুর সাহস! (প্রথম সৈনিকের নিকট হইতে অসি গ্রহণ।)

রণধীর।—রণধীর সিংহ, রণজিৎ সিংহের শিবিরে অভিধি ধাকতে তাঁর আখ্রিতা অবলাকে অপহরণ ?

(হ্রুরেন্দ্রের সহিত রণধীরের যুদ্ধ, হ্রুরেন্দ্রের পতন ও মৃত্যু।)

রণধীর।—আয় পাষও ! অসিকে তোর রক্ত পান করাই।

(দ্বিতীয় সৈনিকের পলায়ন এবং প্রথম সৈনিকের সংগ্রামে পতন।)

রণনীর ৷—(স্থগড) একি! এবে প্রেতপ্রভা! হা! কি
্রুক্রাগ্য! এ ভারশৃত্য বীণা, দেহে প্রাণ নাই! কি পরিভাপ! না—

এই যে নিশ্বাস আছে। প্রভঞ্জন-প্রভাবে ফুলফুলেশ্বরী যেমন জলমধ্যে বদন গোপন করেন, পাষণ্ডের পীড়নে এই কনক কমলিনীও সেইমভ দ্রিরমানা হয়েছেন। না—এড প্রেডপ্রভান নয়। ভাইড! আমার আজ্ঞি উপস্থিত হল না কি ? এ প্রেডপ্রভাই বটে। সেই অমিয়ময় মুখমওল, সেই প্রেমময় জ্যোতিঃ, সেই বালস্ব্যাসম ওষ্ঠাবর, সেই স্থকোমল গঠন, এ প্রেডপ্রভা—নিশ্চয় প্রেডপ্রভা। না! একি! প্রেডপ্রভার কেশপাশ অস্তাচলচূড়াবলমী আরক্তিম তপনমত, এঁর কেশ যে দেখছি এই নিশার আঁধার অপেকাও ক্ষমবর্ণ! কি বিচিত্রে! সেই রূপ, সেই গঠন, সেই ভঙ্গী, সেই সব, বিভিন্ন কেবল কেশ। কি আশ্চর্য্য! এমন ঘটনা এ জীবনে শুনিনাই, দেখি নাই। মায়ার ছলনায় কি আমার দৃষ্টি আস্তিয়ক্ত হয়েছে? না, ভাই বা কেমন কোরে হবে? এ অতি অপুর্ব্ব ঘটনা। (ব্যক্তন) এই যে, মলয়ানীল মেমন মধুর বসস্তাগম বিজ্ঞাপন করে, ললনার নীলনলীন নয়নয়ুগলও সেইমত জ্ঞান-সঞ্চার জানাচেচ। প্রকাশ্রে।

সুরপ্রভা।—আপনি আমার জীবনরক্ষক। এজম্মে এ ঋণ পরিশোব্য নর। এখন জস্তুরের সহিত আপনারে বহুহবাদ দিচিত। আপনি আমার অপরিচিত নন।

রণধীর।—আপনি কি আমারে চেনেন?

স্থরপ্রভা।—হাঁ, আপনি বীরবর রণধীর সিংহ। যদিও আপনি আমারে কখন দেখেন নাই, কিন্তু আপনি বতক্ষণ আজ মহারাজ রণজিৎ সিংহ ও প্রেভপ্রভার সহিত কথোপকখন কোরেছেন, ভতক্ষণ আপনার উদারমূর্ত্তি দেখে দর্শনাশা তৃপ্তি করেছি।

রণধীর।—প্রেডপ্রভার সহিত আপনার কোন সম্বন্ধ আছে ? স্করপ্রভা।—আমার সহেদিরা। রণধীর।—সত্য বলছি, আপনারে প্রথমে দেখে আমি প্রেত-প্রভাই মনে কোরেছিলেম। বাস্তবিক, দেই অঙ্গ, দেই রূপ, দেই বদন, সেই গঠন, দেই বেশ, বিভিন্ন কেবল কেশ! উভয় সংহাদরার এরূপ অভিন্নতা আমি এ জগতে দেখি নাই, শুনি নাই। বিধির এ বিচিত্র বিধান! আপনার। এক মৃণালের অভিন্ন যুগল সংরাজিনী। স্থানরি! পাষ্ড, কিরূপে এই রজনীতে আপনাকে। অগম্য শিখ-শিবির হতে অগহরণ কোরে আনলে?

স্থরপ্রতা। —বীরবর! অদুঃস্থ প্রামে আমার এক আত্মীরা আছেন। এই নারীবেশধারী পাবও, তাঁর পরিচারিকা পরিচয় দিয়ে বলে যে, "তিনি শিবিরের বহির্দেশে আপনার সঙ্গে সাক্ষাৎ জন্ম অপেকা কোচেন, আপনি স্বত্বকে আন্থন।" আমি এর বাকের বিশ্বাস কোরে, গুপুভাবে শিবির হতে বাহির হয়ে, কিঞ্চিদ্ধে আসবা মাত্রই পাবও আমার মুখে বস্ত্র দিয়ে আক্রমণ করে। পরে কি হয়, তা কিছুই জানি না। আপনি এই গভীর রজনীতে এখানে কিরুপে উপস্থিত হলেন, তাই জানতে বাসনা করি।

রণধীর।—স্থন্দরি! আপনি জানেন, আমি কাশ্মীরে কখনও আদি নাই, এই আমার প্রথম আগমন। কাশ্মীর, প্রকৃতি দতীর ক্রীড়াভূমি বলে বিদিত। ভূধর-শিখরে আরোহণ করে তাই প্রকৃতির অনুপ লীলা দেখছিলেম, এমত গমরে ঐ পাষও আপনারে লয়ে যাচেচ দেখতে পেলেম; মনে সন্দেহ হল, শিখর হতে অবতরণ কোরে পাষওের অনুসরণ কোরলেম। পাপাত্মা আমারে দেখে ক্রেতবেগে ধাবমান হল। শেষ এখানে উপস্থিত হয়ে, তুই জনকে প্রতিকল স্বরূপ যমালয়ে প্রেরণ করি, একজন পলায়ন করে।

স্থ্রপ্রভা।—ধ্যুজাপনার দাহদ! ধ্যু আপনার বিক্রম! আপ-

নার এ ঋণ আমি শতজন্মেও পরিশোধ কোরতে পারব না। এখন রজনী অধিক হয়েছে, চলুন শিবিরে যাই।

রণধীর ।—আপনার যেরপ অভিকচি। বোধ হয় কাল প্রাতঃ-কালে আপনার সাক্ষাং পেতে পারবো।

স্থ্রপ্রতা।—না, আমি গোপনেই অবস্থান করি। আপনি কি আমার সহিত সাকাৎ কোরতে ইচ্ছা করেন ?

त्रनधीत ।---वामखी शृन्तिन्या पर्णात कात ना वामना इत ?

স্থরপ্রতা। — যে দিন মহারাজ, জীনগর অধিকার কোরবেন, সেই দিন রজনীতে রাজপ্রাসাদ–সংলগ্ন উপবনে সন্ধ্যাসঙ্গমে আমি একাকিনী উপস্থিত থাকবো।

রণধীর ।—-এই সদয় অনুর্ত্তাহের কারণ আগনাকে সহত্র ধক্তবাদ দিচ্চি । যথা স্থানে যথা সময়ে অবশ্যই সাক্ষাৎ কোরব।

িউভয়ের প্রস্থান।

পঞ্চমদৃশ্য।

কাশ্মীর—শিখ-শিবির।

(প্রেতপ্রভার প্রবেশ।)

প্রেতপ্রতা।—(স্বর্গত) কেবলে প্রেম হাদরে? নয়নে নয়নে মিলনে প্রেমের জন্ম, নয়নই প্রেমের সিংহাসন, হাদর বিচ্ছেদের আবাস। বলতে পার, প্রেমে হাদয় কলি প্রাস্থাটিত হয়, আমি

তা বলি না। প্রেমে হৃদয় স্থির থাকে, মিলনে হৃদয়কে শাস্ত करत, विष्ट्रित झनत्र-मागत्रक जालां डिंड करत । मिलत्तत्र सूथ আত্মায়, বিচ্ছেদের যাতনা হৃদরে। কে বলে জীবনরাজের মোহন ছবি হানয়ে আঁকা থাকে ? হানয়ে আঁকা থাকলে কি কেউ কখন प्रचेर शांत ? ना—कथनरे ना। नत्रत्नरे त्म पूर्छि विशांक करत, অনুষ্ট্রকাল নয়নেই থাকে, নয়ন মুদিত কোরলেও সেই মোহন মূর্ত্তি অলক্ষ্যে স্তব্যে দেখা দেয়। যে দিকে চাই সেই দিকেই দেই মূর্ত্তি। দে মূর্ত্তি যতকণ দেখা যায়, ভতকণ বিরহ দূরে থাকে, সে মৃর্ত্তির অদর্শনে বিরহদাবানল প্রজ্জ্বলিত হয়্নে দেহকে ভত্ম করবার চেষ্টা করে। এতদিন আমি পরের জত্ম ভাবি নাই, কাঁদি নাই, ছাসি নাই, পরকে দেখে তপ্তও হই নাই। আজ কেন আমি পরের জন্ম পার্গলিনী ? যে নয়নের জ্বলে আপনার হুঃখই নিবারণ কোর-তেম, সে নয়নের জল আবার পরের জন্ম কেন পতিত হতে চায় ? কেবল নয়নে নয়নে মিলনের কারণ। যাকে চাই, ভাকে কি পাব ? এতদিনের পর যাকে আমি "আপনার" বলে মনোনীত কোরেছি, যাকে পেলে আত্ম। তপ্ত হবে বুঝাতে পেরেছি, তাকে কি পাব ? না পেলে শান্তি কোঝায় ? ফুংখানলের সঙ্গে না হয় এ অনলও প্রাজ্ঞ-লিত হয়ে আমায় জীয়ন্তে ভদ্ম কৰুক।

(রণধীরের প্রবেশ।)

রণধীর। — মুন্দরি! অঞ্জলিচ্যুত সকল পুলাই দেব শিরে পতিত হয় না। কোনটি দেবাল স্পর্শ কোরেই পতিত হয়, কোনটি অর্দ্ধ পথে বিচ্যুত হয়, কোনটি শিরে স্থান পায়। আমি পরম সোভাগ্য-বলে বট্টমাক্রেমে এই শিশ্ব-শিনির সদৃশ নন্দনকাননে এসে আপনার স্থায় পারিজ্ঞাত দর্শনে বদিও জীবনকে চরিভার্থ বোধ করলেম,

কিন্তু নিতান্ত হুর্ভাগ্য যে কার্য্যান্তর আমাকে এ মুখ—এ অনুপম মুখ-সৌরতে অধিক দিন আমোদিত হতে দিচেচ না।

প্রেতপ্রভা।—কেন বীরবর ? আপনি কি নিতাস্তই আমাদিগকে পরিহার করবেন ? এ সংবাদে বড়ই হুঃখিত ছলেম।

রণধীর।—প্রতিজ্ঞা পালন জ্বন্ত আমি নিজেই নিজ খুখের পথে কণ্টক অর্পণ কোচিচ। যা হক স্থন্দরি! আপনার জীবন-দীলা অতি বিচিত্র—অপুর্বি!

প্রেতপ্রতা।—সত্য বটে, জামি যে ভাবে জীবন যাপন কোরতেছি, তা অতি বিচিত্র। আমার জন্ম হতেই এই বিচিত্র আরম্ভ হয়েছে, আমার সমাধির সহিত এই বিচিত্র শেষ হবে।

রণধীর।—আপনি পরমম্মধিনী, কেমন, আপনি ছখিনী নন্? প্রেতপ্রভা।—বীরবর! এ জগতে পুর্বস্থী কে ?

রণধীর।—কাপনি অস্থ্যিনী শুনলে হৃদয়ে বড়ই ব্যথা পাব।

প্রেতপ্রতা।—আপনার মুখচন্দ্র-বিনির্গত ওরপ বাক্য সুখা প্রকৃত কি না তাতে সন্দেহ হচে।

রণধীর।—আশ্চর্যা! আপনি কি পরিছাসের পাত্রী?

প্রেডপ্রতা।—এরপ অপ্প সমরের মধ্যে আমার স্থুখ ছুংখের প্রতিবে আপনার দৃষ্টি পতিত হল ইহাই আশ্চর্য্যের বিষয়।

রণধীর।—শারদীয় পূর্বশাশী দর্শন মাত্রই হ্রদয় আমোদিত হয়।
চিরক্তীবনে কি দে শান্তিময় মুর্তি তুলা যায় ? মুন্দরি! আপনি
সত্য জানবেন বে, আমি হ্রদয়শৃত্য হয়ে আজ এই শিবির পরিহার
কচিচ। আপনি কি অনুষান করেন বে, আমি এই শিবির পরিহার
কোরলেই আপনাকে বিস্মৃত হব ? না—না—কথনই না—ইহার
সম্পূর্ণ বিপরীত্তই ঘটবে।

প্রেতপ্রভা।—আপনার এই সকরুণ বাক্যে আত্মা চরিতার্থ লাভ কোচেচ।

রণণার।—আমি এখন একটি বিষয় ভিন্ন অস্থ্য কিছু প্রার্থনা কোরতে সাহদী হচ্চি না।

প্রেভপ্রভা।—আপনি কি এই দৃশ্যমান বিচিত্র রমণার সহিত আত্মীয়তা কামনা করেন ?

রণধীর। — আপনি আমার হৃদয়ের কথাই বলেছেন। আপনার জীবন-লীলা যতই কেন বিচিত্র হক না, আমি আপনার মঙ্গল কামনা করি। আপনি আমারে মিত্র সম্বোধন কোরলেই চরিতার্থ হব।

প্রেতপ্রভা।—আজ অবধি আমি আপনারে পরমস্থহাদ জ্ঞান কোরলেম।

রণধীর।—এ মিত্রতা লাভ আমার পক্ষে অতি অপূর্ব্ব পদার্থ। আবার কবে আপনার সঙ্গে সাক্ষাৎ কোরতে সক্ষম হব ?

প্রেতপ্রভা।—যে দিন মহারাজ রণজিৎ সিংহ জ্রীনগর জয় কোরবেন, সেই দিন রজনীতে প্রাসাদসংলগ্ন কাননে রজনী নয় ঘটিকার পর আমি আপনার সহিত সাক্ষাৎ কোরব।

রণধীর।—যদি মহারাজ শ্রীনগর জয় কোরতে সমর্থ না হন ? প্রোতপ্রভা।—আপনি আমাদের শিবিরে পদার্পণ কোরতে পারেন।

(রণজিৎ সিংহের প্রবেশ।)

রণজিও।—অনুরোধ করি আপনি আর কিছু দিন আমাদের শিবিরে থেকে আনন্দবর্দ্ধন করেন।

রণধীর।—আপনার এ অনুরোধ রকা কোরতে সুক্ষ ছলে আমি পরম তুট হতেম। একটি বিশেষ ঘটনা, আমাকে অফ্টই জ্রীনগরে যেতে বাধ্য কোচেচ। রণজিৎ।—বিশেষ ঘটনাটি কি, গোপনীয় না হলে শুনতে বাসনাকরি।

রণধার।—সরদার মলহর সিংহের বাসনা, কাশ্মীরে পুনরার হিন্দুরাজ-পতাকা উড্ডায়মান হয়। তাঁর দ্বারা আমন্ত্রিত হয়েই আমি এখানে এসেছি।

্রপ্রেতপ্রভার ধীরে ধীরে প্রস্থান।

রণজিৎ।—আসবার উদ্দেশ্য ?

রণধীর।--সংগ্রামে সহায়তা করা।

রণজিৎ।—অতি উত্তম, কিন্তু আপনি জানেন, রণজিৎ জীবিত থাকতে সে বাসনা পূর্ন হবে না।

রণধীর।—দে কথা অনেকাংশে সত্য হতে পারে। আমাকে কিন্তু আজই সেই সমবেত হিন্দু-সমাজে উপস্থিত হতে হবে।

রণজিৎ।—দেখানে আমার সঙ্গেও সাক্ষাত হবে।

রণধীর।—শক্র না মিত্রবৈশে ?

রণজিৎ।—আপমি বিজ্ঞ, বীর, কোন্ বেশে দেখা দেব, সহজেই অনুমান কোরতে পারেন।

রণনীর।—শক্রবেশে দেখা দেবেন তার সন্দেহ নাই, কিন্তু আমি বলি মলহর সিংহের সহিত সন্ধি করাই কর্ত্তব্য। আপনি শ্রীনগর অধিকার কোরতে গিয়ে বিপদে পতিত হলে বড়ই ফু: খিত হব।

রণজিৎ।—সাহসিক বীর! আপনার হানগত উদারস্থভাব আমি
পূর্ব্ব হতেই অবগত আছি। আপনি শক্রপকীর হলেও আমি আপনাকে উদারহানর শক্র জ্ঞান কোরব। আপনি স্থরপ্রভার প্রাণরক্ষক,
আপনি আমার ষড়ের ধন। এই অঙ্কুরী উপহার দিলেম, গ্রহণ
করেন ইহাই প্রার্থনা।

রণধীর।—আপনার প্রদাদলাভ বহুভাগ্যের কল। (স্করপ্রভার প্রবেশ।)

রণজিৎ।—স্থরপ্রভা! তোমার জীবনরক্ষক আমাদের পরিছার কোরে চোললেন। ভোমরা যদি আর কিছুদিন এঁরে রাখতে পার ভালই। আমি আর অনুরোধ কোরতে পারি না।

[রণজিৎ সিংহের প্রস্থান।

স্বরপ্রতা। — আমি মনে করেছিলেম যে, ইতিমধ্যে আর আপনার সহিত সাক্ষাৎ হবে না। কিন্তু আপনি আমার প্রাণরক্ষক,
এখন আমার এ প্রাণ আপনার, আপনি আর কিছুদিন এখানে
অবস্থান কোরলে আপনাকে নিয়ত দর্শন করে এ প্রাণ পরিতৃপ্ত করি।

রণধীর।—আপনাদের উত্তর ভণ্নির সকষণ ব্যবহার আমি এ
জীবনে বিশ্বৃত হব না। আপনাদের উত্তরের মূর্জি, কেশ ব্যতীত
যেমত সমস্তই অভিম, বিচিত্র, মুরম্য, সেইমত আপনাদের উভ্রের
গুণও অভিম, মুরম্য। বিদি, আপনাদের স্পৃষ্টি করে, বিচিত্র লীলা
প্রকাশ করেছেন। আপনারা যে উভরে বিভিম্ন দেহ ধারণ করেন,
কার সাধ্য কেশ দর্শন না কোরে বলতে পারে? আপনাদের এ
বিচিত্র, অভিম মূর্জি যেমন এ জীবন ধাকতে আমার হৃদয় হতে
বিদ্বিত হবে না, আপনাদের এ অনুগ্রহও আমি সেইমত এ জম্মে
বিশ্বৃত হব না। আমি যেখানেই ধাকি না কেন, আপনাদের এই
ক্রিভ্রনমনোরম বিচিত্র মূর্জি, আর সরল ব্যবহার শ্ররণ কোরে
অতুল আনন্দ প্রাপ্ত হব। আমি এখন প্রতিজ্ঞা-পাশে আবদ্ধ,
কাজেই সেই প্রতিজ্ঞা পূরণ জন্ম আপনাদের আভিথ্য স্বীকার
কোরতে পাচ্চি না।

স্বপ্রভা। — সামরাও আর আপনাকে অধিক অনুরোধ কোরতে

ুপারি না। কিন্তু প্রার্থনা এই যে, জ্রীনগরে যে সময়ে সাক্ষাতের কথা বলেছি সেটি যেন বিস্মৃত না হন।

রণধীর।—কখনই না। একণে বিদায় হই। স্বরপ্রভা।—সাপনার আশা পূর্ণ হক।

িউভয়ের বিভিন্ন দিক দিয়া প্রস্থান।

यकं जुना ।

কাশীর—ভীমাচার্য্যের গুপ্তাবাদ উপবেশনাগার।

(স্থরস্থন্দরী এবং চন্দ্রিকা আদীনা।)

স্থরস্থন্দরী।—চন্দ্রিকে! বিধি আমারে কেন সৃষ্টি করেছেন, বলতে পার?

চন্দ্রিকা।—লোকে বলে, কবিগণ ধেমন ত্রিভূবন-ললাম ললনার সৃষ্টি কোরতে পারেন, বিধি সেরূপ সর্কাঙ্গস্থন্দরী রমণীর সৃষ্টি কোরতে পারেন না। এই ত্র্নাম দূর করবার জন্মই বিধাতা ভোমারে সকল সৌন্দর্য্যের আধার কোরে সৃষ্টি করেছেন।

স্থ্যস্থান । — ছি, ছি, ওকথা আর বোল না; অপুরে গুনলে আমাদের পাগল বলবে। যে যারে ভালবাদে, ভার চক্ষে ভার রূপ, গুণ সকলই শারদীয়া সিত সরোজিনীর হুগায় মধুময়ী বোধ হয়, কিন্তু অপুরের চক্ষে ভাষা বিসদৃশ—নিন্দনীয়। ভোমার এই

অতিরিক্ত বর্ণনায় লোকে ভোমার কথায় হাসবে, আমাকেও লজ্জা দেবে।

চন্দ্রিকা।—সধি! তোমার জন্ম কেবল এ জন্মে নয়, আরও একটী কারণ আছে।

श्वतश्चन्तती।-कि यल ?

চন্দ্রিকা। —পুরুষদের জীবন্তে বধ করবার জন্যেই তোমার সৃষ্টি। স্থরস্থন্দরী।—দেকি?—আমি আবার পুরুষ বধ কোরলেম

কিনে ? চন্দ্রিকা।—ছীরক এখন কয়লার খনিতে। যখন ময়লাভুলে

বাজারে বাহির কোরবে, তখন কত জত্তী সর্বস্থ দিয়েও নিতে চাইবে। তখন কতলোকের জীবস্তেই জীবনাস্ত হবে।

স্থরস্থন্দরী।—আমিত জানি, আমাকে আজীবন এই কারাগারে কুমারী হয়ে থাকতেই হবে।

চন্দ্রিকা। — পদ্ধজিনী পদ্ধে ফুটে পদ্ধেই লয় পায় না। বিধি ভারে আদরের নিধি বলে পদ্ধ থেকে তুলিয়ে অবশ্যুই মানব-সমাজে ভাসিয়ে দেন। পদ্ধজিনী তখন রূপের গৌরবে—মধুর সৌরভে কত জীবকেই মুধ্ধ করে।

সুরস্থন্দরী।—সে কথা সত্য বটে, আশাতেই স্থিতি, আশাতেই লয়। আমি জানি কোন কারণ ব্যতীত কোন কার্য্যের জন্ম হয় না। আমি কোন কারণ দেখছি না, কাজেই সে আশাও আমার নাই।

চন্দ্রিকা।—অচিরেই কারণ এদে উপস্থিত হবে। স্বরন্দরী।—তুমি জানলে কিদে ?

চন্দ্রিকা।—গোপনে শুনলেম, ভীত্মাচার্য্য, বীরবর রণধীর সিংহকে আনমুন কোরেছেন। অচিরেই তাঁর সঙ্গে আপনার সাকাৎ হবে-। জলদের কোলে দামিনী তুলবে, তমালে মাধবী মিলিত হবে, তোমার পূর্ণ হৃদয়ে ভালবাসার বাস। হবে। স্থরস্কুন্দরী।—<u>ভালবাসাত স্থার্থসাংক মাত্র</u>।

চন্দ্রিকা।—পৃথিবীর সৃষ্টি হতে এপর্য্যন্ত সকলেই ভালবাদা নিয়ে পাগল হল, তুমি বল কি না সে স্বার্থসাধন মাত্র।

স্থরস্থলরী।—আমি অক্সায় বলিনাই। সকলেই ভালবাদা ভালবাদা করে বটে, কিন্তু সেটি স্বার্থদাধন ভিন্ন আর কিছুই নয়। তোমার দক্ষে আমার প্রথম দাক্ষাৎ হল, ভোমার রূপ বা গুণ দেখে আমার মন মুদ্ধ হল, মনে স্বার্থ প্রবিষ্ট হল, কাজেই ভোমাকে না দেখলে আমার মন ভাল থাকে না, ভোমারে অনিবার দেখতে চাই, হৃদয়ে গাঁথতে চাই। এতেই লোকে বুঝলে যে ভালবাদা জন্মছে, কিন্তু আমার মন যদি ভোমারে দেখবার জন্মে উতলা না হয়, স্বার্থ না জন্মে তবে ভালবাদা জন্মিবে কেন? ভোমারে দেখে আমার স্বার্থদাধন হয় বলেই ভোমারে দেখতে চাই। তাই বলি ভালবাদা কেবল স্বার্থদাধন মাত্র।

চন্দ্রিকা।—ভালবাসা না হলে প্রণয় জন্মাবে কিসে?
স্থান্ত্রন্দরী।—প্রণয়ের সঙ্গে ভালবাসার কোন সংশ্রব নাই।
চন্দ্রিকা।—ভবে প্রণয়টা কিসে হয়?

স্থারস্থানর ।—জগতে এমন অনেক দেখতে পাওয়াখায় যে, এক-জনকে একজন তালবাসে, কিন্তু খাকে সে তালবাসে, সে তারে তাল দেখতে পারে না। এতে কি প্রাণয় হয় ? আর যদিও ছুই জনে পরস্পারে তালবাসে বা নিজ নিজ স্বার্থসাখন কোরে লয়, তাতেই বা প্রণয় জন্মে কৈ ? আর সে প্রণয়ইবা চিরদিন–খাবজ্জীবন থাকে কৈ ? একজনের তালবাসা বা স্বার্থসাখন শেষ হলেই প্রণয় তখন মাধ্যাকর্ষনীশক্তি-ভ্রম্ভ তারকার ত্যায় কোথায় চলে যায়, কেইই দেখতে পায় না। স্কাদয়ে, দেহে দেহে, প্রাণে প্রাণে এক না হলে

কখন প্রণয় জন্মে না। সেরপ প্রণয় জগতে অতি বিরল। হয়ত প্রথমটা মনে মনে অনেকেরই মিলন হতে পারে, কিন্তু দে মিলন স্বার্থসাধন জন্ম। অক্লব্রিম মিলন ক্লাগ্য ব্যতীত ঘটে না।

(কতিপয় সহচরির প্রবেশ।)

स्रुतस्मनती।--मश्वान कि ?

প্রথম সহচরী।—ভীন্মাচার্য্য আমাদিগকে বোল্লেন, আজ একজন সম্রাস্ত বীরপুরুষ এখানে আদবেন, ভোমরা সজ্জিত হয়ে থাকগে. তাঁকে সংগীতাদি শুনাতে হবে।

স্থরস্থন্দরী।—(স্থগত) আমি অভাগিনী, বন্দিনী—আমার এ কারাপারে ত্র্ক্য—গীত—বীরপুরুষ—কি এ ? সত্য সত্যই কি এত-দিনের পর আমার হুঃধ-যবনিকা উত্তোলিত হবে ?

চক্রিকা।—তোমরা ভতক্ষণ একটা গাওনা, শোনা যাক।

(সহচ্রিগণের গীত ও নৃত্য।)
রাগিনী থায়াজ, ভাল থেমটা।

আজি পোহাল দথির তুঃখ যামিনী রে ।

নব জলদে ছুলিবে দামিনী রে ।

নবীন পরাণে, প্রেমস্থা পানে,

স্থ-সাগরে ভাসিবে সজনী রে ॥

(ভীমাচার্য্য এবং রণধীরের প্রবেশ।)

ভীম্ম।—বীরবর ! শান্তি বেমন ধৃতি, কমা প্রভৃতি গুণসমূহ বেন্টিত হুরে পরম রমণীয় মুর্ত্তি বিকাশ করেন, সেইরূপ এই দেশুন বহুচরী-বেন্টিডা সাক্ষাং সুরস্থন্দরী সদৃশা স্থ্রস্থন্দরী। আমি পুর্বের প্রতিজ্ঞা করেছি, এখনও প্রতিজ্ঞা কোচিচ. আপনি অচিরে সেমাপণ্ডির পদ গ্রহণ কোরে শিধরাজের হস্ত হতে কাশ্মীর উদ্ধার কঞ্চন, এই কনক কমলিনীকে আপনার করে অর্পণ কোরব। সমগ্র কাশ্মীরবাসী আপনার নিকট আজীবন ঋণী থাকবে।

রণধীর।—আচার্য্য! আমিও পূর্ব্বে এই অদি হস্তে প্রতিজ্ঞা করেছি, কাশ্মীর উদ্ধার জন্য প্রাণ পর্যান্ত বলি দিতে প্রস্তুত, এখনও আমি দেই প্রতিজ্ঞা স্মরণ কোরে বলচি, এ প্রাণ আমি কাশ্মীর উদ্ধার জন্য আজ হতে উৎদর্গ কোরলেম। বীরের স্বভাবই এই যে, রণস্থলে পিতা, বিপক্ষ-পক্ষ অবলম্বন কোরলেও তিনি অদির অধীন হন। রণজিৎ সংগ্রাম-ক্ষেত্রে উপস্থিত হলে তাঁর সঙ্গের কোন বীর যোগদান ককন না, যতক্ষণ আমার করে এই অদি থাকবে, ততক্ষণ কার সাধ্য শ্রীনগার জয় করে? আমি অহক্ষার কোচিচ না, জাতীয় যুদ্ধ বিদ্যায় আমি বিলক্ষণ শিক্ষিত, আবার ছল্ববেশে বিশ্ববিজয়ী ব্রিটিস-দেনাদলে প্রবিষ্ট হয়ে কয়েক বারের সংগ্রামে পাশ্চাত্য-যুদ্ধ-প্রণালীও অবগত হয়েছি। রণজিৎ সে প্রণালীর মুখে কখনই জয়লাত কোরতে পারবে না।

ভীম্ম।—আপনি মহাবীর, সংগ্রাম—কুশলী বোলেই আপনাকে আহ্বান করেছি। তুলসী বেমন বিষ্ণুর লভ্য, সেইমত এই স্থুরস্থুন্দরী আপনার ন্যায় মহাবীরের যোগ্য বলেই ধতনে রক্ষা
করেছি। আপনি এখন শ্রান্তি দুর কফন, আমি আসছি।

[ভীষ্মাচার্য্যের প্রস্থান।

রণরীর।—স্থলারিগণ ! ব্যাবের বংশীধানি ওনে কুরক বেমন মুখ্র হয়ে আপনি এসে জালে পতিও হয়, আমিও সেইমত ভোমাদের কিন্নরী-কঠের কমনীয় সংগীত প্রবণ কোরে এই গৃহত্তপ জালে পতিত। ইচ্ছা হয়, আর একটি সংগীত শুনি।

চন্দ্রিকা।—কুরঙ্গ, জালে পড়ে পালাবারই চেষ্টা করে, সে কি আবার পুনরায় বংশীধ্বনি শুনতে চায় ?

রণধীর।—সত্য বটে, কিন্তু কুরকিনীর স্থায় আপনাদের সধির নয়নের ভক্নী দেখেই আর পলায়নে ইচ্ছা হচ্চে না। ইচ্ছা হয় থেন চিরদিন এইরূপ জালে পতিত হয়ে ঐ নয়নের রক্ক দেখি।

প্রথম-সহচরী।—আমাদের বাসনা যে অনঙ্গরঙ্গিশী প্ররম্পদরীর সঙ্গে আপনার ন্থায় অনঙ্গমোহনের ফিলন হয়, আমাদের অঙ্গও স্থাওবাঙ্গ তাসতে থাকে।

(সহচরিগণের গীত ও নৃত্য।)

রাগিগী থাছাজ, তাল থেমটা। এসহে নটবর নাগর রসময়! পুরাও হে মানস-আশ, হৃদয়ে দিয়ে হৃদয়।

নবীনা নলিনী সথী হরহে বিরহ-ভয়॥ [চন্দ্রিকা এবং সহচরিগণের প্রস্থান।

রণধীর।—স্থন্দরি! ছুই খানি মুকুর পরম্পর সমুখবর্ত্তী রেখে ভদ্মধ্যন্থলে দণ্ডারমান হলে, যেমন উভর দিক হতেই অসংখ্য মুর্ত্তি দেখে হৃদরে অনুপ প্রমোদ-পারিজাভ প্রাক্ষ্যুটিভ হয়, সেইমভ আমার হৃদয়দর্পণ ও মিলনাশাদর্পণ এই উভয়দর্পণমধ্যস্থ আপনার এই স্থধাময়ী মূর্ত্তি অনস্ত ধারার অনস্ত স্থধা বিকীণ কোচেচ। আমি পরম সোভাগ্যবান তাই আজ এই অভূতপূর্ব্ব সম্ভোষ সংগ্রহ কোরতে সমর্থ হলেম। স্থন্দরি! আপনার আশাভেই আমার

এখানে আসা। আপনার **আশাতেই** এ দে**হা**গারে জীবন দীপ প্রস্কুলিত।

স্থরস্থলরী।—বীরবর! আশা অনস্তঃ, বিজ্ঞ লোকেও আস্ত হয়ে আশার মুগ্ধ হন। মাধ্যাকর্ষণী শক্তি যেমন জড়জগতকে স্থিরভাবে রক্ষাকরে, আশাও সেইমত সমস্ত জীবের হাদয়কে নানা তরক্ষ মুখে স্থির রাখে। আপনি আশা কোরতে পারেন বটে, কিন্তু আমি বলিনী।

রণধীর।-কি।--বিদ্দনী!-

স্থরস্থন্দরী।—কেবল বন্দিনী নই, অনাধিনী, অত্যাচার-পীডিতা।

রণধীর।—সর্ববিদামী পবনের স্থায় যাঁর অনুপ রণেরাশি ভারতবিদিত, সেই স্থরস্থলারী বন্দিনী!—অত্যাচার-পীড়িতাঁ! ভীমাচার্য্য কি তবে ঘোর পাষও? প্রস্তরেও কমল ফুটে, ভীমাচার্য্যর হৃদয় কি পাষাণ অপেক্ষাও কঠিন? বর্ষণ উপলক্ষ কোরে জলদ শেমন ভীম বজ্ঞাঘাত দ্বারা নিজ কঠোর হৃদয়ের পরিচয় দেয়, ভীমাচার্য্যও কি সেইমত এই স্থরস্থলারীকে উপলক্ষ কোরে নিজ নীচ প্রবৃত্তির পরিচয় দিচেচ? বীরের চক্ষে এ অত্যাচার অসহ।

স্থরস্কারী।—বীরবর! আমার জন্ম এইরপ ছংখে—সমাধিও এইরপ ছংখে হবে। এই কারাগার আমার পৃথিবী, আমি স্থরম্য হর্ম্যে বাস কোরতেছি, সহচরি পরিবৃতাও বটে, কিন্তু হৃদয় ভন্মাভ্রমা অনলমত ছংখাগ্নিতে পূর্ব। ভীন্মাচার্য্য সেই অনলের হোতা, তাগ্যালিপি মন্ত্র, যন্ত্রণা ছত, বলি আমার প্রাণ, নৈবেত্র দেহ, হৃদয় বেদী, বিধাতা তন্ত্রধারক, যজ্জের নাম ভাগ্যপতন, কল—ভীন্মাচার্য্যের স্থার্থসিদ্ধি। আপনি বীরপুক্ষ হয়ে ভীন্মাচার্য্যের চক্রান্তে পতিভ হয়েছেন, এই আমার হুংখ।

রণধীর । — সুন্দরি ! জলধির যে কোন স্থান হতে জল যান পরিচালনা কোরলে দে জল-যান যেমন নানা স্থান পরিভ্রমণ কোরে শেষ সেই স্থানে এসেই মিলিত হয়, সেইমত আমি এই কাশ্মীরে আপনার অনুপ্রহপ্রার্থি হয়ে এসে যে কোন কার্য্য করি না কেন, পরিণামে আপনার নিকট জীবন বিক্রেয় কোরতেই হবে । আমি অসি স্পর্শ কোরে প্রতিক্তা কোরেছি যে, সেনাপতি-পদ প্রহণ কোরে কাশ্মীরকে রণজিতের করাল কবল হতে উদ্ধার কোরব, এ প্রতিজ্ঞা আমি প্রাণথাকতে বিক্র হতে দেব না । এখন আমি যদিও জানতে পাচ্চি গে, ভীখাচার্য্য আমাকে তার চক্রান্ত জালে নিক্ষেপ কোরেছে, কিন্তু থখন আপনি সানুকূল নয়নে আমার প্রতি দৃষ্টিপাত কোরেছেন, তখন তার চক্রান্তকে আমি তয় করি না । কিন্তু একটি কথা এই যে, আমি সেই প্রতিক্তা পালনের পূর্ব্বে আপনাকে এ কারাণ গার হতে উদ্ধার কোরতে চাই ।

স্বস্থলর ।—বীরবর! নক্ষত্ররাজি দিবারজনীই প্রভাকরকিরণে বিকসিত থাকে; দিবসে মার্ত্তিরে প্রচণ্ড করই যেমন তাদের
বিমল জ্যোতিকে আচ্ছন্ন কোরে রাখে, সেইযত আপনার আগমনরূপ
তপন-কিরণ আমার হানরস্থ আনন্দতারকাকে এরূপ আচ্ছন্ন
কোরেছে, যে তা প্রকাশ করা অসাধ্য । আর এক কথা—শারদ
চন্দ্রিকালোকে দীপহস্তে দণ্ডায়মান হলে যেমন হুইটি ছায়া পতিত
হয়, বেইমত আপনার দর্শনরূপ চন্দ্রিকা-কর এবং আপনার অভয়
প্রেদ বাক্যরূপ দীপ মধ্যে দণ্ডায়মান হয়ে আমার হাদয়ে হুইটি আশার
উনয় হচেচ । প্রথম—কারাগার হতে উদ্ধার, দ্বিতীয় মানবীজন্মের
স্বার্থকতা সাধন । কিন্তু স্ব্যাদেব, যেমন জগতের রসাকর্ষণ
কোরে সময়ে আবার সেই রস জগতেই নিক্ষেপ করেন, সেইমত আপনি এ ছুংখিনীকে অতুলছুংখ-জলধি হতে উদ্ধার কোরে

আবার এই জলম্বি-জলে বিসজ্জ¹ন না দেন ইহাই প্রার্থনীয়।

রণধীর।—বে বসস্তু, প্রকৃতিকে নবীন সাজে সাজিয়ে মনু-জমন
মুদ্ধ করে, দে বসস্তুর কি ইচ্ছা যে, নিদাঘ এসে প্রকৃতির সেই
স্থিমা হরণ করে ? বিধি লিপিতেই এই সকল ঘটে থাকে। আমি
বলতে পারি, এ দেহে প্রাণ থাকতে কখনই হুঃখরাত্ আপনাকে
আক্রমণ কোরতে পারবে না। এখন আমি আর সময় অপব্যয়
করা কর্ত্তব্য বোধ করি না। আপনার যদি অভিপ্রায় হয়, আদ্বন,
এ কারাগার পরিহার করি।

स्त्रस्कती।- এখন অসম্ভব।

রণদীর :-কারণ গ

স্থরস্থন্দরী।—আপনি কি জানেন না, এ প্রাদাদের চৌদিকে দৈনিক প্রহরী?

রণধীর।-জানি।

স্থরস্থন্দরী।—এ কারাগার হতে বহির্গত হয়ে কোন দিকে গেলে রাজপথ পাওয়া যায় তা কি আপনি জানেন ?

রণধীর।—না, ভীত্মাচার্য্য প্রথম দিনেই আমারে প্রতিজ্ঞাবদ্ধ করে যে, স্থারস্থানরীর সঙ্গে সাক্ষাৎ কোরতে হলে চক্ষুবন্ধন কোরে যেতে হবে। সেই প্রতিজ্ঞামত আমার চক্ষুবন্ধন কোরে কত দিক ঘ্রিয়ে এখানে এনেছে। আপনি কি পথ চেনেন না ?

স্থরস্থনরী।—পূর্বেই বলেছি, আমি জন্মাবধি বন্দিনী। এই গৃহই আমার পৃথিবী, এই গৃহই আমার স্বর্গ, এই গৃহই আমার নরক।

রণধীর।—না চেনেন, তাতেও ক্ষতি নাই। আমার অশ্ব এরণ শিক্ষিত যে, চালনা করবামাত্রই আগত পথ দিয়ে যথাস্থানে যায়। আর প্রাহরীদের কথা বলছেন, রণধীরের করে এই অসি থাকতে প্রহরীরা কিছুই কোরতে পারবে না। তবে আপনার একটু সাহস চাই।

স্থ্যস্থান করে, এ অধিনীও সেইমত আপনার সঙ্গে থেতে প্রস্তুত।

রণধীর।—তবে আস্থান।

(ভীম্মাচার্য্য এবং চারিজন সৈনিকের প্রবেশ।)

ভীত্মাচার্য্য।—রণধীর ! ভুমি না বীর ? তক্ষরের স্থায় নারী-ছরণ কোরে পলায়ন করাই কি তোমার স্থায় বীরের ধর্ম ? তোমার অভিযদ্ধি—গুপু আশা আর জানতে বাকি রইল না। ভুমি এখন পাষাণ-প্রতিমার নিকট বলিদানের যোগ্য। প্রছরিগণ! পাপিষ্ঠকে ধর।

রণধীর।—ভীষ্মাচার্য্য! তোমার নাম-তোমার বেশ-তোমার মূর্দ্তি দেখে অনুমান করেছিলেম, যথার্থই তুমি সাধুপুক্ষ, কিন্তু তোমার কার্য্য তার বিপারীত সাক্ষ্য প্রদান কোচে। রণধীরের নিকট তোমার চক্রান্ত ধাটবে না। কুয়াসা, স্থ্য্য-কিরণকে অম্প-ক্ষণই আরুত করে। প্রহরিগণ! তোমাদের যদি প্রাণের ভয় থাকে, সরে যাও, বীর হও, এস, একে একে মুদ্ধ কর, নচেৎ রণধীরের করে অসি থাকতে নিস্তার নাই।

ভীষ্ম।—তোমরা এখনও বিলম্ব কোচ্চ কেন ?
রণবীর।—কি পাপাত্মা ! আয়, অগ্রে ভোর প্রাণ বলি দি।

ভীষ্মাচার্য্যের প্রস্থান, সৈনিকগণের সহিত রণধীরের
সংগ্রাম, তুইজন সৈনিকের মৃত্যু, এবং রণধীরের পতন।
প্রথম সৈনিক।—যদি প্রাণের আশা ধাকে, নীরবে ধাক।

দ্বিতীয় সৈনিক।—আচার্য্যের আজ্ঞা পালন কর, ব্যাচাকে বেঁধে অন্ধ্যকূপে নিক্ষেপ কর।

(ভীম্বাচার্য্যের পুনঃ প্রবেশ।)

ভীষা।—না, ওকে অন্ত কুপে নিক্ষেপ করে কাজ নাই।
তোমরা ওরে পাধাণ-প্রতিমার নিকট লয়ে চল, আমি এখনই গিয়ে
বলি দেব।

রণধীর।—নরাধম ! ভুই অন্সায় রূপে আমারে আবদ্ধ কোরলি, আমার হস্তে অসি দে, দেখ ভোর মুগুপাত কোরতে পারি কি না। স্থ্যরম্বনরি! আমি চল্লেম, যদি জীবিত থাকি, প্রতিজ্ঞা পালন কোরব।

ভীম্ম।—ভোমরা এখনও বিলম্ব কোচ্চ কেন ?

িরণধীরকে লইয়। দৈনিকদ্বয়ের প্রস্থান।

ভীষ্ম।—পাপিনি! ভাঠাচারিনি! এই কি ভোর ধর্ম্ম? এখন কে ভোর প্রাণ রাখে?

স্থরস্থন্দরী।—দেখ, তুমি আমায় অনেক যাতনা, অনেক মনো-বেদনা দিয়েছ, আমাকে উপলক্ষ কোরে, তুমি অনেক পাপ সঞ্চয় কোরেছ। যদিও তুমি আমার প্রাণবধ কর নাই, কিন্তু জীবস্তে দয়্ধ কোরেছ, এই অদি নাও, এখনই আমার প্রাণ সংহার কর। রণধীরকে আমি মনে মনে পতিত্বে বরণ করেছি, তাঁরে তুমি পাষাণ-প্রতিমার নিকট বলি দিতে পাঠালে, আমাকেও দেই স্থানে পাঠাও, আমি এ পাপ প্রাণ আর রাখতে চাই না। তুই নরপিচাশ, ঘোর-পাতকী, নারকী—দূর হ, তোর মুখ দর্শনে মহাপাপ।

ভীষ্ম।—হাঃ-হাঃ-হাঃ-হাঃ। স্থরস্থলরি, ভোর মুখ দিয়ে এমন কথা বেরবে তা আমি স্বপ্নেও ভাবি নাই। তুই জানিস, আমার এই ছাতের ভিতর ভোর প্রাণ। ঘুদিন বিলয় কর, কেন এত উতল। ছচিচ্ন ?

(একজন দৈনিকের প্রবেশ)

দৈনিক।-বন্দী পলায়ন কোরেছে:

ভীষা ৷--সেকি !

দৈনিক।—আমরা তুজনে তারে দৃঢ়রূপে গরে নিয়ে যাছিলেম, বন্দী হঠাৎ এমনি সজোরে ছুইদিকে ধাকা দিলে যে, আমরা ছুইজনেই পড়ে গোলেম। বন্দী, আমার অদি নিয়েই আমার সদীকে হত্যা কোরলে, আমি ভয়ে পালিয়ে এলেম। বন্দী নিকটস্থ এক অখে আরোহণ কোরে বেগে পলায়ন কোরলে।

ভীষা ৷ — বলকি ? —বলকি ?

[ভীন্নাচার্য্য এবং দৈনিকের বেগে প্রস্থান।

সুরস্থলর । — জগদীশ্বর যদি সত্য হন, বীরবর অবশ্যুই পাপাআকে প্রতিফল দেবেন। আর আমার আশা—মনেই রইল। আমি
সার ভেবেছি, জন্ম আমার হুঃখে, ভাসছি এখন ছুঃখে, এজগং
পরিজ্ঞাগ কোরব এই ছুঃখে। বিধি স্থাদন দেন, ভালই, নচেৎ
আমার প্রাণাপ্ত হলে পৃথিবীর সকলেই বলবে স্থ্রস্থলরী অতি
ছুঃখিনী ছিল।ছা!—ভগিনি!—তোমায় আবার মনে পড়লো, না,
ভুমি যে পাষানহাদয়ের পরিচয় দিয়েছ, ভাতে আর ভোমায় শ্বরণ
কোরব না। ভুমি নিজের স্থাখের আশায় এ কারাগার গোপনে
পরিছার কোরলে, এ ছুঃখিনী ভামীকে একবার শ্বরণ কোরলে না!
ভগিনি! ভুমি স্থাখই খাক, আর আমার এ ছুঃখের নিশি যেন
পোহায় না।

मक्षम पृशा

শ্রীনগর-তপ্তপ্তসংগ্রাম-সভা।

পেরদার মলহর সিংহ, সরদার অর্জ্জ্ন সিংহ, সর-দার হুর্জ্জন্ত সিংহ প্রস্তৃতি কতিপন্ন সরদার এবং সেনানী আসীন।)

মলহর্নিংই। — দূত-মুথে শুনলেম, শিথ-সেনাপতি দেওয়ানচাঁদ এবং কুমার খড়্সানিংই ছুই চারি দিবদের মধ্যেই শ্রীনসার অধিকার কোরতে আদরেন। শিথরাজ রণজিং সিংইও তাঁদের পশ্চাদ্যামী হবেন। এখন আমাদের চি করা শ্রেয়ঃ বলুন? স্বাধীনতার
অমৃত্রময় ফলাস্থাদ জন্য—জন্মভূমির গৌরব রদ্ধির জন্য সমবেত
দৈন্য লয়ে রণজিতের আগমনের পূর্মে তাকে আক্রমণ করা কর্ত্বর্য
কি না তাহা আপনারা বিবেচনা করুন। আর দিন নাই, বহু সহস্র
দৈন্য সংগ্রহ হয়েছে, সকলেই উত্তেজিত, যদি সংগ্রাম করা ধার্য্য
ইয়, আপনারা বলুন। আমি জন্মভূমির উদ্ধার জন্য প্রাণ দিতে
প্রতিজ্ঞা কোরেছি।

রুর্জ্জরিসংছ। -- আপনার বাক্য বীরের যোগ্য, -জন্মভূমি কাশ্মী-রের উপযুক্ত পুত্রের উপযুক্ত। কাশ্মীর-রাজ সেনাদেবের পরলোক প্রাপ্তির পর তাঁর হতভাগ্য উত্তরাধিকারী আনন্দদেব, সামীর নামক যবন সচিবের প্রলোভনে পতিত হয়ে স্লেছ্র্যর্মের আশ্রয় লন, এবং সেই স্থত্ত হতেই এপর্যান্ত কাশ্মীর-রূর্বে যবনরাজ-পতাক। উড্ডান হতেছে। এপর্যান্ত আমরা যে জন্মভূমি কাশ্মীরকে যবন কর- তাল হতে উদ্ধার কোরতে চেন্টা করি নাই, ইহাই আমাদের মহাপাপ-মহাকলক্ষের বিষয়। জ্বাদীশার প্রাসন্ন হয়েই আমাদের সে কলঙ্ক দুর করবার স্থযোগ দিয়েছেন। ধবনরাজ আজীম খাঁ, এখন পেশো-য়ার, কাবুল, কান্দাহার জ্বয় কোরে কাশ্মীর-সিংহাসন রক্ষায় মনো-যোগী নন। তাঁর দেনাপতি জব্বর খাঁ প্রথম যুদ্ধেই রণজিতের নিকট পরাস্ত হয়ে, সিম্বুপারে পলায়িত। এই সূত্রে রণজিতের **জ্রীনগ**র অধিকারের পূর্বে**র** আমরা প্রত্যেক **হিন্দ্র** যদি অসি ধারণ কোরে সংগ্রাহ-প্রাঙ্গণে উপস্থিত হই, তাহলে রণজিতের সাধ্য কি বে কাশ্মীর জয় করে? যদিও সে কাশ্মীর-বক্ষে উপস্থিত হয়ে কয়েকটি প্রদেশ হন্তগত কোরেছে, কিন্তু দে প্রদেশ গুলিও পুনরধি-কারের অসম্ভাবনা কি ? যদিও আমরা অনেক দিন হতে পরাধীনতা ভোগ করেছি, আমাদের ভেমন শিক্ষিত সৈতা নাই, কিন্তু বধন জব্বর খাঁর পরিত্যক্ত দেনাগণ যোগ দিয়াছে, প্রত্যেক হিন্দু, তরবারি ধরিতে প্রতিশ্রুত হয়েছে, আর আপনার ন্যায় বীর সরদার সেনা-পতি হয়েছেন, তখন আমার মতে কাশ্মীর কমলকে কোনমতেই শিখ-করির পাপ-পদে দলন হতে দেওয়া উচিত নয়। আমিও প্রতিজ্ঞা কোচিচ, জন্মভূমির জন্ম প্রাণ দেব।

প্রথম দেনানী।—আমার অধীনস্থ সমস্ত সৈত্যই প্রাণপণ কোরেছে।
দ্বিতীয় দেনানী।—যদি যুদ্ধ করাই প্রেয়ঃ হয়, ভাহলে আর
ক্ষণমাত্র কাল বিলম্ব করা কর্ত্তব্য নয়। রণজিতের শ্রীনগর অবরোধ
করবার পূর্বেই ভাকে আক্রমণ করা কর্ত্তব্য।

আর্জুনসিংহ। — আপনারা যা বলছেন, সে সমস্তই সত্য। কিন্তু আমার মতে যুদ্ধ করা অনাবশ্যক। শিখরাজ রণজিং সিংহ অমিত-তেজা, মহাবীর, তাঁর সৈত্যদল ভারতের মধ্যে অতুল। ইংরাজেরাও তাঁর শিক্ষিত সৈত্যদের ভয়ে কম্পিত, তাঁর সঙ্গে সংগ্রাম করা কেবল নর নাশ যাত্র। বিশেষ যবন-দেনাপতি জবর খাঁ যখন শিক্ষিত দৈত্য সহায়েও তাঁর নিকট পরাস্ত হয়েছে, তখন রণ-জয়োশ্মত্ত রণজিতের দৈতাদলের সহিত যুদ্ধ করা কখনই উচিত নয়।

মলহর।—দেনাপতি জব্বর খাঁর দৈত্য সংখ্যা অতি অপ্প ছিল।
এখন প্রত্যেক কাশ্মীরবাদী জন্মভূমির উদ্ধার জন্ম প্রাণ দিতে
প্রস্তা। কাশ্মীর দমভূমি হয় দেও স্বীকার, তথাপি আর পরাধীনতাশৃগ্ধল পদে ধারণ কোরব না, এখন প্রত্যেক কাশ্মীরবাদীর
এই ধূয়া।

অর্জ্জুন।—তাহলেও মঙ্গল নাই। যদিও আপনারা অনেক দৈন্য সংগ্রাহ করেছেন, যদিও যুদ্ধের সমস্ত অস্ত্রাদিও এক প্রকার প্রাপ্ত হয়েছেন, যদিও ধনকুবের মলহর সিংছ যুদ্ধের সমস্ত ব্যয়-ভার বহন কোরতে প্রস্তুত, তথাপি আপনাদের স্মরণ করা উচিত বে, রণজিৎ মহাবীর । আমার মতে শিখরাজ্যের করে কাশ্মীর সমর্পণ করাই কর্ত্ত্ব্য।

মলহর।—ধিক, শত ধিক, কাশ্মীর-কলঙ্ক তুই
ধরিয়ে মানব দেহ—পূজ্য আর্য্য-রক্ত —
কাটাইলি এ জীবন যবন-দেবনে!
স্বাধীনতা মহাধন—অমূল্য—অতুল —
জানিদ না দে স্থধার কেমন স্থসাদ,
তাই তোর মুথে শুনি এমন বচন।
ভীক্ক, কাপুক্ষ তুই, কুলের অঙ্গার,
শুধিতে না চাদ তাই জন্মভূমি-ধার।
যে ভূমিতে ধরেছিদ মানব জনম,
যে ভূমিতে হতেছিদ লালন পালন,

যে ভূমি হলেও বন, আদরের ধন, সেই ভূমি স্বৰ্গাপেক্ষা হৃদয়তোষণ-অজ্ঞান, অধম তুই, পশুর সমান, কেমনে বুঝিবি বল সে ভূমির মান ? সর্ব্বাধম জাতি,যথা বাঙ্গালী জগতে— দাসত্ব জীবনব্রত ভাবে যারা মনে, দাসত্বিহীন নরে পশু বলে যারা, তুই যে তাদেরি মত জনমভূমিরে দিতে চাস ডেকে এনে হায়! পর করে? ধিকরে দহজ ধিক, পাপাত্মা, পামর, কোন্ আশে আছিদ রে জীবন ধরিয়ে ? দেখনা নয়ন মেলি জগতের প্রতি-স্বাধীন-স্বাধীন ভবে আছে যত জাতি। সভ্য হক, বন্থ হক, হক সে পাহাড়ী, সকল জাতিই ধনী স্বাধীনতা ধনে, জাতীয় গোরবে দীপ্ত সবাকার মন, একতা অমিয় ফলে অমর সকলে, মাতৃভূমি মুখোজ্জল করিছে প্রমোদে। আমরা কাশ্মীরস্থত আর্য্যবংশধর, কেনবা বহিব শিরে বিজাতি-পাত্রকা ? থাকিতে জীবন দেহে, আর চুই বাহু, বিজাতি-দাসত্বভার বহিব কি হেতু ? ুশুনিসনি কভু কাণে—কত শত বীর—

কত লক্ষ লক্ষ নর, অসি ধরি করে. দিয়াছে জীবন বলি জন্মভূমি তরে? জনম হলেই হবে অবশ্য মরণ, বেদেতে বিদিত আছে আত্মা অবিনাশী,— জন্মভূমি পাশে চিরক্বতজ্ঞ যে জন, নর নামে গণ্য হতে আশা যার মনে— দে কি কভু ডরে ভারু! কাপুরুষ মত, এ ছার জীবন দানে – নিশার স্বপন ? উদ্ধারিতে জম্মভূমি শক্রকর হতে. শতজন্মে শতবার দেয় প্রাণ বলি। জগতে স্থযশঃ ঘোষে সবার রসনা, কীর্ত্তি-ভাতি ছুটে তার অতুল গগনে, কনক আসনে সেই বৈজয়ন্ত-ধামে বদে দেই বীরবর কৃতজ্ঞ সন্তান। পশুর অধম তুই প্রাণভয়ে ভীত, সংগ্রামের নামে তাই বিচলিত চিত। ধিক রে সহস্র ধিক, কহিব কি আর ? যাও, যাও, বহ গিয়ে অধীনতা-ভার। যতক্ষণ এই দেহে আর্য্য-রক্ত রবে, যতক্ষণ রবে করে অসি থরসান. দিবনা সে শিখরাজে রাজসিংহাসন। প্রত্যেক কাশ্মীরবাসী, সংগ্রাম-প্রাঙ্গণে দিব বলি ছার প্রাণ প্রমোদিত মনে,

দাসত্বশৃষ্থল তবু পরিব না পদে।
কি না হয় একতায় জাতীয় মিলনে ?
কিনা হয় স্বজাতির ঘোর উদ্দীপনে ?
উঠ তাই! পর দবে একতার হার,
ধর অসি, শক্র নাশি বাঁচাও মাতায়।
অনস্ত স্বরগবাস আশা যদি থাকে,
বিজাতি-কবল হতে রক্ষা কর মাকে।

ছুর্জ্জর।—যে কাপুরুষ প্রাণের ভয়ে জন্মভূমিকে পর করে অর্পণ কোরতে প্রস্তুত, তার মুখ দর্শনে মহাপাপ। একজাতি চিরদিন অন্য জাতির দাসত্বশৃঞ্জলে আবদ্ধ থাকবে, বিধির কখনই এরপ বিধি নয়। এই সোনার ভারতবর্ধ—এই ভারতবর্ষে কত জাতি জয়পতাকা হস্তে দেখা দিল, কত জাতি সর্বস্থ লুওন করিল,সিংহাসন পাতिল, ভারতের সর্বনাশ করিল, কিন্তু কয় দিন ? চিরদিন সমান যায়, একথা অকাটা। আমরা এতদিন পরাধীনতা-শৃঞ্জলে আবদ্ধ ছিলাম বলে কি একবারও জননী জন্মভূমির ছুর্গতি দুরের চেষ্টা কোরব না ? এখন এক হত্তে জাতীয় পতাকা, অন্ত হত্তে অসি লয়ে সমরসাগরে ঝম্প প্রদান করাই কাশ্মীরবাসী মাত্রের কর্ত্তব্য। নচেৎ এ ভারময় দেহ ধারণে কোন ফল নাই। আমরা কাশ্মীর রক্ষার জনাই কাশ্মীরে জন্ম এছণ কোরেছি, যদি দেই কাশ্মীর কম-দিনীকে বিজ্ঞাতীয় কীটে দংশন কোরতে থাকে, আর আমরা সেই কীটের সহায়তা করি, তাহলে কি আমাদের পরকালের মুক্তি আছে? কখনই না। জন্মভূমির হুংখে যার হৃদয় কাতর নয়, জন্মভূমির তুর্গতি দূর করবার জন্ম ধে প্রাণ বলি দিতে ভীত, সে কখনই মলুমা, নয়, সে পশু—না, পশুরাও নিজ বাসন্থান রক্ষার জক্য প্রাণপণ করে,

শ্বত এব সে পশু অপেকাও অধম। আমার মতে এই দণ্ডেই সংগ্রাম-ক্ষেত্রে অবতরণ করা কর্ত্তব্য।

(একজন প্রহরীর প্রবেশ।)

প্রহরী।—রণধীর সিংছ নামে এক ব্যক্তি সাক্ষাৎ জন্ম অপেকা কোচেনে।

মলহর।—আসতে বল।

প্রহরীর প্রস্থান।

দুর্জ্জর।—রপধীর সিংহ কে १

মলহর।—স্থবিধ্যাত বীরবর রণধীর সিংহকে আপনি জানেন না ? ভীখাচার্য্য তাঁকে আমাদের সেনাপতি পদে বরণ করবার জন্ম জাহ্বান কোরেছেন।

(রণধীর সিংহের প্রবেশ।)

মলহর।—ভীষাচার্য্যের সহিত বোধ করি আপনার সাক্ষাৎ ্রাহ্যে থাকবে।

রণধীর।—সাক্ষাৎ হয়েছে, এবং তিনি আমারে প্রতিজ্ঞাবদ্ধও ্কুকোরেছেন। সমর নিকটাগত, সেইজন্ত পূর্ব্বোপদেশমত এই স্থানে উপনীত হলেম।

ত্র্জ্জন ।— সামাদের মতে আর বিলপ্প করা কর্ত্তব্য নয়। অস্তাস্ত্র সেনাপতিগণ এই স্থানেই উপস্থিত। আপনি একবার সম্প্র সৈক্ত পরিদর্শন কোরে কাশ্মীর রক্ষার উপায় করুন।

(নেপথ্যে কামান-ধ্বনি।)

মলছর।—একি ! হঠাৎ কামান-ধ্বনি হল কেন ? প্রি-সেনানী।—বোধ হয়, সৈত্যগণ উৎসাহিত হয়ে যুদ্ধার্থ সক-লকে আহ্বান কোচে।

(পুনরায় কামান-ধ্বনি।)

মলহর।—না, আমি ভাল বোধ কোচিচ না। ভোমরা একজন গিয়ে কাওটা কি দেখে এস।

প্রথম সেনানীর প্রস্থান।

রণধীর।—সৈম্ভদল কি সকলেই শ্রীনগরে ? মলহর।—বিচিত্রনিবাদেও কতক সৈত্য আছে।

(কামান-ধ্বনি)

্মলহর।—তাইত, ঘন ঘন কামান-ধ্বনি হচ্চে কেন?

অর্জ্কুন।—না, তার জন্মে ভয় নাই; বোধহর সেনাপতি পৃথী-সিংহ সৈন্যদলকে আক্রমণের উপায় শিক্ষা দিচ্চেন। আপনার সকল সৈন্যত আর শিক্ষিত নয়। যারা কোন জন্মে সংগ্রামে দেখা দেয় নাই, ভারাও অসি লয়ে উপস্থিত। কামানের শঙ্কে ভারা বাঙ্কালীর স্থায় পালায় কি না, সেটাওভপরীক্ষা কোরতে হবে।

রণধীর।—এ বড় বিচিত্র কথা। যারা যুদ্ধার্থ প্রস্তুত, তারা আবার কামানের শব্দে পালাবে ?

> (কামান-ধ্বনি।) (ভীস্মাচার্য্যের প্রবেশ।)

ভীষ্ম।—একি ? এ পাতকী এখানে ?

মলহর।—বলেন কি ? ইনি কি রণগীর সিংছ নন ?

ভীষ্ম।—রণধীর সিংছ বটে, কিন্তু খোর অধর্মাচারী—ঘোর
বিশ্বাস্থাতক।

মলছর।— আপনি নিজে এঁরে আহ্বান করে, আবার । এমন— ভীম্ম।—আমি কালদর্পকে রজ্জুদ্রমে আহ্বান করেছি।

রণদীর।—আচার্য্য! নীরব ছন। মহাশয়, আপনারা

শকলে শুনুন। ইনি আমারে সেনাপতি-পদ আর ভারতবিদিতা
শ্বরুন্দরীকে আমার করে অর্পণ কোরবেন বলে এখানে
শানিয়েছেন। কাল রজনীতে ইনি আমাকে স্থরস্কুন্দরীর আবাদে
শারে যান। স্থরস্কুন্দরী, আমার নিকট ব্যক্ত করেন যে, এই
শাচার্য্যরূপী ভণ্ড তাঁরে নানা যাতনা, নানা কফ দিচেচ। তিনি
কালই আমার সহিত সেই কারাগার পরিহার কোরতে প্রস্তুত হন।
শামি সেই নিরপরাধিনী অবলা বালাকে উদ্ধার কোরতে উদ্যত
হয়েছিলেম বলে, ইনি আমারে বন্দী করেন। নিজ বাল্বলেই
উদ্ধার পেয়েছি, এই আমার অপরাধ। যাহক, আমি যখন এই
শাসি স্পূর্ণ কোরে প্রতিজ্ঞা করেছি, রণজিতের হস্ত হতে কাশ্মীর
ইদ্ধার জন্য প্রাণ পর্যান্ত দেব, তখন সে প্রতিজ্ঞা পালন করা বীরের
ক্রবণ্য কর্ত্বর বোধেই আমি এখানে উপন্থিত হয়েছি। এখন
শাপনাদের বিচারে যাহা হয়।

ভীম।—বিচার! বিচার আবার কি? ভোর মত বিশ্বাস-যাতকের হত্তে কোন মূর্থ সৈতাদলের ভারার্পণ কোরবে? এখন এই চূড়ান্ত বিচার হল যে, তুই যেমন ঘোর বিশ্বাস্থাতকতা করে কাল পলায়ন করেছিলি, আজ ভার প্রতিকলস্বরূপ বন্দী হলি।
ভোরে আজীবন কারাগারে থাকতে হবে।

(कामान-ध्वनि।)

রণধীর।—হাঃ-হাঃ-হাঃ! বার আত্মা খোর পাপে কলুষিত, আত্মীতিলাষ পূর্ন জন্য অবলা রমণীর ত্নগতি সাধনে যে পাডকী নিযুক্ত, সেই ভও ভীমাচার্য্যের বিচারে রণধীর সিংহ বন্দী হবে! হাঃ হাঃ-হাঃ! কণটি ! রণবীর সিংহ যখন তোমার পাপাশা জানতে । পেরেছে, তখন তোমার নিস্তার নাই।

মলহর।—কি ! তুমি পূজ্যগাদ ভীম্মাচার্য্যের নামে কলঙ্ক দাও। সেনাপতিগণ ! আমি অনুমতি কোচ্চি, রণধারকে বন্দী কর।

রণধীর।—আপনি পাতকীর মানরক্ষার জন্য সহস্রবার প্তরুপ আজ্ঞা দিতে পারেন, কিন্তু দে আজ্ঞা পালন করে, আপনাদের মধ্যে এমন কে আছে ? রণধীর দেহ সেন্দির্ব্যের জন্য এ বাহু ধারণ করে না, কেবল আত্মরক্ষার জন্য এ অসি রক্ষা করে না, পরের উপকারের জন্য—দুফী দমনের জন্য এ বাহু, এ অসি ধারণ করে।

(বেগে একজন দৈনিকের প্রবেশ।)

দৈনিক।—সর্বনাশ উপস্থিত! রণজিৎ সদৈতে উপস্থিত ছয়ে সংগ্রাম বাঁধিয়ে দিয়েছে। সেনাগতি দেওয়ানচাঁদ ও ধ্জাসিংছ সংগ্রামে নায়কত্ব কোচেচ। রণজিৎ কোথায় জানা বায় নাই। পৃথীসিংছ আর রক্ষা কোরতে পারেন না, আপনারা শীত্র আয়ন।

মলহর।—তাইত ! রণজিং এত শীঘ্র আক্রেমণ কোরবে, তাত কোন মতেই জানা যায় নাই। আমি যা মনে কোরেছিলেম তাই ঘটল। আমরা যে এখানে মন্ত্রণায় নিযুক্ত, পৃথীকে তা জানালে কখনই এ বিপদ উপস্থিত হত না। চলুন, আমরা যাই, আর বিলম্ব করা উচিত নয়।

(নেপথ্যে রণবাদ্য ও কোলাহল।)

মলহর।—একি ! রণবাদ্ধ কোখা হতে এল ? ভীশ্ব।—ভাইত !

(রণজিৎ সিংহের প্রবেশ, রণধীর এবং অর্জ্জুন ব্যতীত সকলের অসি নিষ্কাষণ।)

রণজিৎ সিংছ। —সরদার মলছর সিংছ এবং অন্থান্থ সরদারগণ!
তোমরা তুর্ব দ্বিবশতই রণজিতের বিরুদ্ধে অসি ধারণ কোরতে
উল্পত। তোমরা কি একবার অমেও ভাব নাই দে, পঞ্জাববিজয়ী
রণজিৎ সিংছের বিরুদ্ধে অসি ধারণ করা আত্মনাশের কারণ মাত্র!
সেনাপতি জব্বর খাঁর হুর্দ্দশা দেখেও তোমরা কোন্ সাছসে সামান্থ
সৈন্থ লয়ে সাগর-প্রবাহ সদৃশ শিখসৈন্য দলের গতি রোধ কোরতে
উল্পত হয়েছিলে? রণজিতের এই অসির সম্মুখে দণ্ডায়মান হয়,
জগতে এমন কে বীর আছে । জান না, এই অসি, সমস্ত পঞ্জাবকে
একছত্র কোরেছে । পাপাচারী ভীম্মাচার্য্য! তোমার চরিত্র কভদূর
পাপময়, তুমি কিরূপ তও তা আমার জানতে বাকি নাই। তুমি
কোন্ সাহসে এই বড়বদ্ধে যোগ দিলে? সরদারগণ! আমার শেষ
প্রশ্ন এই যে, তোমরা এখন কি চাও? আত্মসমর্পণ কোরতে

মলছর।—ভূমি এক জন বীর, বীরের নিকট বীরের কি প্রার্থনীয় তা জান না ?

রণজিং। —যুদ্ধ কোরতে চাও । অতি উত্তম। তোমাদের এই মন্ত্রণাবাস শিখসৈত্য-বেন্টিত, তোমাদের প্রধান সৈত্যদল ভঙ্গ দিরে পলায়ন কোরেছে, এখন কি লয়ে যুদ্ধ কোরবে ?

অর্জুন।—ওছে মলহর ভারা! আমি বা বলি তা শোন, মহারাজ রণজিৎ সিংহের অপ্রিয় হোও না। আত্মসমর্পণ কর, নচেৎ কেন এ বয়সে ক্রাণটা হারাবে ?

মলহর।—কাপুকর ! নীরব হ। আমি এখন বিলক্ষণ বুরীতে পেরেছি, তুই আমাদের এই সর্বনাশের মূল। তুইই নিজ জন্মভূমির ভালে কলঙ্ক দিলি। আমাদের এ মন্ত্রণার কথা কেছই জানতো না, তুইই অর্থলোডের বশীভূত হয়ে এ সংবাদ রণজিভকে দিয়ে-ছিস। তুই নরকের কীট, তোর মুখ দর্শনে মহাপাপ।

অর্জ্জুন।—ভাষাহে! মহাপাপ বটে, এখন ভোমার কোন্
বাপ রাথে? স্থাধ ধাকতে ভূতে কীলোয়। খাও, দাও, আমোদ,
আহ্লোদ কর, একি মা, স্থাধীনতা, স্থাধীনতা নিয়ে কি
ধুয়ে খাবে?

তুর্জার।—পাষর! নীরব হ, নইলে এখনি উচিত কল পাবি।

(অর্জুনের রণজিতের পশ্চাতে গমন।)

রণজিৎ।—মলহর সিংহ! আমি জানি তুমি এক জন সাহসী,
আমি জানি তুমি জন্মভূমির উদ্ধার জন্য—স্বাধীনতার অমৃত্যয় ফল
ডোগ জন্য আমার সহিত সংগ্রাম কোরতে উত্যত হয়েছিলে।
আমি জানি তুমি কাশ্মীরের মধ্যে প্রধান ধনী, কাশ্মীরে তোমার
ক্ষমতাও অতুল, কিন্তু ধন ও সাহসে কখনই স্বাধীনতা অর্জ্জন করা
যায় না। স্বাধীনতা উপার্জ্জনের অর্থ্রে রাজনীতি শিক্ষা করা
কর্ত্রবা। যে জাতি রাজনীতি বিনয়ে যতই চূড়ান্তরমপে শিক্ষিত্রক
সেই জাতির স্বাধীনতা ততই দৃঢ়। কেবল রাজনীতি নয়, অর্থ্রে
জাতীয় একতা-বন্ধন দৃঢ় করা চাই, ভাই ভাই এক দেহ, এক মন,
এক প্রাণ হতয়া চাই, তবে স্বাধীনতার নাম উচ্চারণ করা কর্ত্রবা।
এখন বক্তবা এই যে, আমি যবন নই, আমার শাসনে ভোমাদের
কোন তর নাই। আমার বিকল্পাচরণ করা ভোমাদের মুর্থতা যাত্র।
আমি যখন যবনের হস্ত হতে কাশ্মীর উদ্ধার কোরলেম, তখন
ভোমার এ ষড়যন্ত্র করা নিভান্ত অন্যায় হয়েছে। এখন ভোমরা
সহমানে আত্মপর্শক কোরবে কি না, ইহাই আমি জানতে চাই।

মলহর।—কখনই ন:। এখন ভোমার সহিত অসিযুদ্ধ কোরতে চাই।

্রণজিৎ।—রণজিৎ, মৃথিকের সহিত যুদ্ধ কোরে হস্ত কলঙ্কিত কোরতে চায় না।

মলছর।—যে ব্যক্তি বীর হয়, তার নিকট যে কেউ যুদ্ধ প্রার্থনা কোরলে কখনই প্রভ্যাধ্যান করে না।

্র রণজিং।—তোমরা মনে কোরেছ, আমি তোমার সঙ্গে অসিযুদ্ধ ক্সারস্ত কোরলে ভোমরা সকলে আমার প্রাণ নস্ক কোরবে ? সে বাসনা কোরনা।

রিণজিৎ কর্তৃক ভেরী বাদন মাত্র শিথসৈন্যগণের প্রবেশ এবং রণধীর ও অর্জ্জুন ব্যতীত সকলের বেগে প্রস্থান। রণজিৎ।—কোধায় পালাবে ? চারিদিকে সৈন্ত। যাও, সৈত্ত-গণ! ওদের ধৃত কোরে কারাগারে রক্ষা করগে।

ি সৈম্বগণের প্রস্থান।

রণজিও। — মার্জ্জুন সিংছ! তুমি আমারে এই চক্রাপ্ত-সংবাদ
দিয়ে মহোপকার কোরলে, তোমাকে পুরক্ষত কোরতে বিশ্মৃত
হব না। যাও, ওদের সকলকে ধৃত কোরে কারাগারে রাখতে বলগে।
আর্জ্জুন। — এ দাস, আপনারি অনুগত দাস। এ দাসের প্রতি
দরা — ক্লপা কোরতে ভুলবেন না। এ দাস, আপনারি দাস।
রণজিও। — না ভুলবনা।

[অজুন সিংহের প্রস্থান।

্র---প্রণজিৎ।—বীরবর ! এখন আপনাকে মিত্র না শব্দ বলে সম্ভাষণ কোরব ? রণধীর।—আপনার যেরপ অভিকচি।

রণজিং।—পাপাত্ম। ভীত্মাচার্য্য আপনাকে যে প্রলোভন দেখিয়ে এনেছে, তা আমার জানতে বাকি নাই। আর ভীত্মাচার্য্য কর্তুক আপনি যে মনোবেদনা পেয়েছেন, তাও আমি জ্ঞাত হয়েছি।

রণধীর।—আমি প্রতিজ্ঞাপাশে বদ্ধ হয়েছিলেম বলেই এখানে উপস্থিত হই, এবং সেই প্রতিজ্ঞাপাশে বদ্ধকারী ভীম্মাচার্য্যের দোষেই সেই প্রতিজ্ঞা সকল হল না।

রণজিং।—তজ্জন্য কি আপনি হুঃখিত আছেন ? রণধীর।—নিজেরদোষে প্রতিজ্ঞা সকল না হলে হুঃখিত হতেম। রণজিং।—এখন আপনার কি অভিপ্রায় ?

রণধীর।—প্লাবন উপস্থিত হলে, তরঙ্গ মালা যেমন দিগদিগন্তুরে ধাবিত হয়ে, শেষে সেই সাগরেই গমন করে, আমিও সেইমত যেখান হতে এসেছি, সেই স্থানেই যাব।

রণজিৎ।—আপনি স্থরপ্রভার প্রাণদাতা, ভজ্জন্য আমি চিরদিন আপনার নিকট বাধ্য। আমি যত দিন না কাশ্মীর রাজ্যের শাসন-বন্দোবস্ত কোরে লাছোরে যাচ্চি, ততদিন আপনি এখানে খাকেন, আমার এই অনুরোধ।

রণধীর। — আমি আনন্দের সহিত এ অনুরোধ রকা কোরতে স্বীকৃত হলেম।

উভয়ের প্রস্থান।

অফীন দৃশ্য।

শ্রীনগর-প্রাসাদসংলগ্ন উদ্যান।

(স্বরপ্রভার প্রবেশ।)

স্রপ্রভা।—(স্বগত) মনুষ্য জীবনের সার সুখ যৌবনে। আমার ভাগ্যে বিধির দে বিধি বিপরীত। যৌবন ছুঃখে এল, ছুঃখে গাচে, এইরূপ হঃখেই শেষ হবে। বর্ষাকালের ঘন ঘটাচ্ছন্ন আকাশে পূর্ণশশী ষেমন অলক্ষ্যে উদয় হয়ে, অলক্ষ্যেই অন্তগামী হন, আমার বৈবিনও দেইমত একটানা শ্রোতস্বতীর স্থায় বুংখভার বহন কোরেই চলেচে। কোন কোন রাজ্যের রাজসিংহাসন দেমন শৃত্য, প্রজাপুঞ্জ উন্মন্ত হয়ে, আপনারাই রাজ্য শাসন কোরতে বায়, আমার দেহরাজ্যের যেবিন সিংহাসনও সেইমত শৃত্য। আমার পূর্ব্বজন্মকত পাপপুঞ্জ ও বিধি-লিপি এ সিংহাসনে উপযুক্ত অধি-কারীকে উপবিষ্ট হতে দিচে না। শিখরাজ আমারে যে অবস্থায় নিকেপ কোরেছেন, তাতে হৃদয়াশা পূর্ন হওয়া হুকর। ভিনি আমার আশ্রারদাতা, তাঁর আজ্ঞা বছন করা কর্ত্তব্য বলেই এখনও এত কট সহু কোচিচ। বীরবর রণধীর সিংহ আমার জীবনরক্ষক, মনচোর, পূর্ব্ব প্রতিজ্ঞায়ত আজ এখানে তাঁর আগমন সম্ভাবনা বলেই উপস্থিত হলেম। আমার আশা কি পূর্ণ হবে? না, বোধ-इज्ञानी। द्रवशीत महावीत, महामञ्जास वाकि, व्यामि मामान्य तमनी, ব্যামার এ আশা করা অন্যায়। অস্থায় বা বলি কি করে?

এ জগতে কে না উচ্চ আশা করে থাকে ? কি করি ? হাদর
খুলে কি বলব, রণধীর ! আমি ভোমার চরণপ্রার্থিনী ? না---তা
পারবনা। কেবল আমিই ষে এ কথা বলতে প্রস্তুত হচিচ তা নয়,
আমার স্থায় যে রমণী এইরূপ অবস্থায় পড়েছে, সেইই মনে মনে
এইরূপ আলোচনা করে, হ্রদয়-রাজকে হাদয়ে গেঁথে অস্তুরের ছবি
দেখতে চায়।

(রণধীর সিংহের প্রবেশ।)

সুর প্রভা।—আস্থন, আপনি যে প্রতিজ্ঞা পালন কোরলেন, এতে পরম তৃষ্ট হলেম।

রণদীর।—আপনার তায়ে উদারহৃদয়া রমণীর নিকট প্রতিজ্ঞা-বন্ধ হয়ে, যে ব্যক্তি সে প্রতিজ্ঞা পালন না করে, তাকে মনুষ্য বলা বেতে পারে না।

স্থরপ্রভা। — আপনার ত্যার পৃথিবীর সকল পুরুষের হৃদর বিদি সরল হত, তাহলে অবলা রমণী জাতির অনস্তকাল এ অনস্ত হুর্গতি হত না। পক্ষীকুল বেমন রজনীতে বুক্লের সহিত সমহুংখর্মতা প্রকাশ করে, দিবসে সে বুক্লের কোন সন্ধানই লয় না, পুরুষেরাও সেইমত অবলা রমণীর খেবিন সময়ে নিজ স্থার্থসাধন জন্ম হুংখতোগ কোরতেও কতক বাধ্য হয়, কিন্তু রমণীর সার ধন খেবিন গত হলে পুরুষ কখনই হুংখের হুংখী হতে চায় না।

রণধীর। - আপনি অসুখিনী শুনলে তাপিত হব।

স্থরপ্রতা।—আপনি বিজ্ঞ, সহজেই জানতে পারেন, আমার হানয়সাগারে ছুংখ পর্বত লুকাইত আছে কি না ? এবং সেই পর্বত্যক্রান্ত হয়ে, সুখত্তরী মগ্ন হচ্চে কি না ভাও বুঝতে পার্টিরমান রণহীর।—রণ্টীর হতে হদি আপনার ছুংখ পাদপের মূল উংপা- 🐞 হয়, বলুন, প্রাণ পর্যান্ত দিতে প্রস্তুত আছি।

সুরপ্রভা।-—আপনার পবিত্র বদন হতে ওক্কপ বাক্য শোনবার
ক্রেন্ডেই আমার এখানে আদা। যে দিন হতে আপনি ভীম্মাচার্য্যের
প্রোরিত পাষণ্ড চরদের হস্ত হতে আমারে উদ্ধার কোরেছেন, সেই
ক্রিন হতেই ভাবি যে আপনি আমার।

্র রণধীর।—অবশ্য, আমি আপনার, চিরজীবন আপনার থাকব, শ্বামি আপনার সংহাদর ভ্রাতা।

স্বরপ্রভা ।—স্যা !—স—হো—দ – র—ভা—তা !!

[সলজ্জভাবে স্থরপ্রভার প্রস্থান ।

রণনার।—(স্থগত) বিষম বিজ্ঞান্ত ! আমার একটি মন, কজনকে দেব ? শরতের পূর্ন শশগরকে খণ্ড খণ্ড কোরে গগন-প্রাঙ্গণে ইড়ারে দিলে যেমন তার সে অনুপ শোডা থাকে না, পূর্নরপেই রম প্রভা প্রকাশ পায়, সেইমত আমার একটি মনকে খণ্ডে খণ্ডে রতক্ত কোরে দিলে কোন মুখই হবে না। আমি কোন বিপদক্ষই বিপাদ জ্ঞান করি না, কিন্তু কাশ্মীরে এসে এই বে এক মুপূর্ব্ব বিপাদে পতিত হয়েছি, এরূপ বিপাদে কোন মনুষ্য পতিত হয়েছে কি না বলতে পারি না। আমি রমণী-চক্রে পতিত। মাহা! সেই অনুপকুমারী, সরলা—ক্ষমক-বালা—অনুপকুমারীর রাগাররপ এখনও হারয় আলোকিত কোকে। কিন্তু সে ক্ষমক-মালা। প্রেমের প্রতাপের নিকট জ্ঞাতি বন্ধন থাকে না বটে, কিন্তু প্রকাশ্যে যিলন অসম্ভব। অথচ তারে ভূলতে পারি না, পারবও যা। মনুষ্যের স্মৃত্ব বেমন ইছ জ্বন্মে যায় না, আমিও সেইমত তারে হ জ্বাবনে বিস্মৃতি-সলিলে নিক্ষেপ কোরতে পারব না। দ্বিতীয়— ভারতবিদিতা কনক-কমলিনী সুরস্কারী। যার আশায় এ কাশ্মীরে

আসা, সে স্বস্থলরীর অনুপ সেদির্য্য দেখে কোন পাষাণহ্বদয় তারে जुनएउ পারে? স্থর স্থান লাভ মুর্ঘট। শুনলেম, খোর নারকী ভীমাচার্য্য না কি সেই কনক-নলিনীকে জুলৰ অনল-মুখে নিক্ষেপ কোরেছে! পূজার পূর্বেই স্বর্ণ-প্রতিমাকে জলে বিসর্জ্জন দিয়েছে! স্থ্য ক্রম করা নাই ! হা ! এ কথা বিশাস হয় না। একবার বেমন স্বস্থাৰ বিপদে পড়েছিলেম, সেই মত সহস্ৰবাৰ বিপদে পডেও যদি তারে উদ্ধার কোরতে পারি দে চেষ্ট। কোরব। তার পর-প্রেতপ্রভা। প্রেতপ্রভা নাম্টী অঞ্তপুর্বা, সেই নামের যদি কোন গুপ্ত রহন্য থাকে, তাও অপূর্ব। রূপরাশি অপূর্ব্ব, গুণরাজি ও অপুর্ব। আমি কবি নই, কাজেই দে অনুপ রূপরাশির বর্ণন আমার ক্ষমতাতীত। কিন্তু সেরূপ আমার শিরায় শিরায় প্রবিষ্ট হয়ে আমাকে উন্মন্ত কোরেছে। বলতে পার, যে যাকে ভালবাদে, দে কুরুপা হলেও ভালবাদার চক্ষে স্বরুপা দেখে, কিন্তু প্রেমকম্পত্তক আমার হৃদয়ে প্রোধিত হবার পূর্বেই আমি জেনেছি সে রূপরাশি অপুর্বা। তাকেও ভুলতে পারি কৈ? আর এই স্থরপ্রভা?—মুরপ্রভা, পূণ্য তপোবনের সরলা হরিণী—বাসন্ত্রী মালতী—স্থির সৌদামিনী। প্রেতপ্রতা আর স্থরপ্রতায় কিছুমাত্র विट्डिम नाई! এक अक, এक श्रेम, এक क्रम, এक वनम, मकल ह এক, হুইয়ে এক একে হুই। প্রভেদ কেবল কেশ। নিবীড ক্লফ জলদরাজির ভাায় কেশরাশির মধান্থ সুরপ্রভার বদন শারদ মুধাকরের ফ্রায় শোভা পায়, নিভম্বচুম্বিত আলুলায়িত রুঞ কেশদায অপুর্ব প্রভা প্রকাশ করে, আর রক্তিম কিরণ মালার ভাায় কেশগুদ্ধ-মধ্যন্থ প্রভাতী তপনের মত প্রেতপ্রভার মুখ-মণ্ডল শোভনীয়-স্বৈধং লোছিত কেশজালে বিচিত্ত বিভা বিকাশ আবার বলি--প্রভেদের মধ্যে কেবল কেশ! উভয়ের

🖛 শ বিভিন্ন বর্ণযুক্ত না হলে কার সাধ্য বলে বে বিধি তুক্তনকে 🗝 খনই অবিকল নির্মাণ করেন না 📍 কার সাধ্য বলে যে স্থরপ্রভা ও প্রপ্রতা এক নয় ? স্থরপ্রতার বাসনা আমার জীবনসহচরী হন, কিন্তু আজত আমি পাধাণজনয়ের স্থায় তাঁর কোমল মনে বেদনা দিলেম। তাই বলি এ বিষম বিজ্ঞাট ! বিকচ মুকুলে মধুপানাশয়ে মক্ষিকা উপস্থিত হলে পবন যেমন তারে বিতাডিত করে, আজ আমি সুধামুখী সুরপ্রভাকে সেইমত নিদয় হয়ে নিরাশ কোরলেম। আর সেই বিশ্বমোহিনী প্রেতপ্রভা?—কৈ এখনও বে সে অনুপচন্দ্রিকা এই কাননগগনে উদয় হচ্চেন না? নয়ন! এ কি ! আজ তুমি অসময়ে কেনইবা নিদ্রাভারে অবমত হচ্চ ? 🌬 েক এই বাসন্তী পবন, ফুল্লফুলের পরিমল বছন কোরে অমিয় বর্ষণ কোচ্চে, প্রকৃতি সতী অনুপ মূর্ত্তি ধরে স্থা-দাগরে ধরণীকে অভি-বিক্ত কোচেন, সজু সলীলে সিত সরোজিনী সহাস আনন বিকাশ কোরে বেমন পরম প্রভা প্রকাশ করে, নীল নৈশাকালে সিভ শাশার সেইমত বিমল বিভা বিকাশ কোরে তাপিতের হৃদয়ও শাস্ত কোচ্চেন। বোধ হয় এই অমৃতরাশি পান কোরেই আজ আমার নয়ন মাতোয়ারা হয়ে নিক্রাভিত্ত হচে। (নিক্রা) (স্থরপ্রভার পুনঃ প্রবেশ।)

সুরপ্রতা।—(স্থাত) বাই বাই কোরে বেতে পারি না, প্রেম আর তালবাসা যেন আমার পারে শৃঞ্জল বেঁরেছে। রণবীর নিদ্রিত। আহা! নিদ্রোর অক্ষেশয়ন কোরে এই অতুল রূপ কি অতুল জ্যোতিঃই বিকাশ কোচেে! রপরাশি যেন অমৃত্যাখা, কিন্তু হৃদর ? রণবীরের হৃদর পাবাণময় কি না তা জানতে বাকি কি ? ভালবাসার এত জ্বালা, প্রেমকামনে এত কণ্টক, তা অদেও জানতের না।

গীত।

রাগিণী বেহাগ—তাল একতালা।

(মরি) হল একি দায় ! প্রেমে যে নাচায়,
প্রাণ যারে চায়, ফিরে সে না চায় !
অবলায় কেন সে কাঁদায় ?
যারে ভালবেদে ভাবিয়ে আপন,
সাঁপিলাম প্রাণ মন এ যৌবন,
পাষাণ সমান কেন সেই জন, অকুলে ভাষায় ?
কে বলে পুরুষ পরশরতন, পরশে হরে সে হৃদয়-বেদন ?
নিদয়হৃদয়, করে জ্বালাতন, অবলা কুলবালায় ঃ
প্রেমিদ্মু মথি উঠিল গরল,
পোড়া প্রাণ আর ধরিয়ে কি ফল ?
মুদিত হইল দে সুথ কমল, দহিল আশায় !

[স্থরপ্রভার প্রস্থান।

রণনীর।—(স্বগত) আমি কি স্বপ্রে সংগীত শুনছিলেম? আহা! কি চমৎকার সংগীত! শূন্যপথে পালিয়া যেন মধু বর্ষণ কোরলে! উদাসহৃদরা বিরহিনীর তালিত প্রাণের উচ্ছাস! উঃ! আমি কি নিস্তুর! না জানি স্বরপ্রভার হৃদর আজ এই মত কতই বেদনা বিবে কাতর হচেত। কিন্তু কি কোরব, একটী মন কজনকে দেব ? রক্ষনী বোৰ হর এক প্রহর গত হয়েছে, এই নন্দনকাননে এখনও সেই পারিজ্ঞাত স্বরূপ প্রোত্তপ্রতা প্রাক্ষ্য টীত হল না কেন ? না, এই বে, মেহাজ্বরিত স্থাকর বেমন মোহন বরণে উদয় হরে

কাং উজ্বলিত করেন, প্রেতপ্রতাও দেইমত অমৃত্যয়ী মূর্তিতে আগতেন।

(প্রেতপ্রভার প্রবেশ।)

রণবার।—মনে করেছিলেম, আপনি প্রতিজ্ঞা ভূলে গেছেন।
প্রেতপ্রভা।—আপনি বে এডক্ষণ অপেকা কোরেছিলেন,
ক্রুল্লান্ত বাধ্য ছলেম। আপনি বেশ জানেন, সাগর আপনার
লমর বুরোই বর্ষাকালে নানা নদ নদী তরকে পূর্ণ কোরে নাচার,
আবার নিজ কার্য্য সাধন ছলেই, ত্রীত্মে সেই সমস্ত জলরাশি নিজ
ক্রিনরে আনরন করে। এ পৃথিবীতে পুরুষ জ্ঞাতিও সেই মত নিজ
কার্য্য সাধন জন্তা রমণীদিগকে অনস্তম্প্রথের অনস্ত আশায় নাচার,
শেষ নিজ কার্য্য সাধন ছলেই সেইমত্ত সমস্ত আশায় মূল ছেন্দন
করে। রমণী সেরপ জানে না, রমণী বাছাকে আশা দেয়, চিরজ্ঞাবনে তাছা ভূলে না। পৃথিবীর তপনই গতি, কিন্তু তপনের
কিরণ রাধবার সহত্য ছান আছে।

রণধীর।—রণধীর যদি এ জীবন আপনার চরণে বিক্রন্ন কোরতে শ্রস্তত হয়, তাহলে কি আপনি বিশ্বাস করেন বে, রণধীর সেই সাগরস্বতাব ধারণ কোরবে ?

প্রেতপ্রতা।—আপনি বীর, আপনার হৃদয় সরল, আপনার গুণ অনস্ত এই মাত্র জানি, এ গুলি যদি প্রতিভূপরণ হয়, তাহলে বলতে পারি, আপনি সাধারণ পুরুষ নন।

রণধীর।—আপনি জানেন, এই অসিই বীরের পুজনীয়, জীবনস্থরপ, জামি এই অসি স্পার্গ কোরে বলছি, আজ অবধি আপনার নিকট এ জীবন বিক্রের করলেম। এখন বলুন আপনি কি আযার ? প্রেতপ্রতা।—বীরবর ! আমি তা সহস্রবার বলতে পারি, কিন্তু একটি কথা আছে।

রণধীর।-- কি কথা বলুন ?

প্রেতপ্রতা।—আপনি জানেন, আমার নাম প্রেতপ্রতা। বেদিন আপনার সহিত প্রথম সাক্ষাৎ হয়, সেদিন শিশরাজ এ নামের ওচ রহস্য প্রকাশ করেন নাই। আমি কাশ্মীরের পরলোকপ্রাপ্ত সর্বশ্রেষ্ঠ বীর বলেন্দ্র সিংহের কন্তা। আট বংসর গত হল, শিশরাজ যথন এই কাশ্মীর জয় জয় আসেন, তথন আমার পিতা তাঁর যথেষ্ট সাহায্য করেন। শিশরাজ সেই সময়ে আমারে দেখে আপন কন্তার তায় স্বেহ প্রকাশ করেন। পিতা তৎকালীন যুদ্ধে গমনকালে হঠাৎ অর্থ হতে পতিত হয়ে প্রাণ ত্যাগ করেন। সেই রজনীতেই পিতার প্রেতাত্মা আমারে স্বপ্রে দেখা দিয়ে বলেন যে, আজ অবধি তোমার নাম প্রেতপ্রতা হল। কিন্তু আমার অনুমতি ব্যতীত তুমি কোন পুরুবকেই স্বামীপদে বরণ কোরতে পারবে না। তীম্মাচার্য্য আমার পিতার গুরুক, তাঁরে এই স্বপ্র রুভান্ত কোরলে, তিনি সাহস দিয়ে নিজাশ্রমে লয়ে থান। কিন্তু তাঁর জ্ঞাাচারে নিতান্ত পীড়িত হয়েই ভাগ্যক্রমে একণে শিশরাজের আশ্রয় প্রাপ্ত হয়েছ।

রণধার।—স্থরপ্রভা এতদিন কোথায় ছিলেন ?

প্রেতপ্রভা । – মাতুলালয়ে । এখন নিবেদন, আপনি যদি আমার পিতার প্রেতাত্মার সঙ্গে সাক্ষাৎ কোরে নিজ বাভ্রদের পরিচয় দিয়ে অনুমতি এইণ কোরতে পারেন, তাহলেই আশা পূর্ন হয় ।

রণধীর।—(স্বগত) প্রেত! প্রেত কি এ জগতে আছে ? আফারত বিশ্বাস হর না। কিন্তু সকল জাতিই প্রেতের আবির্তাব স্বীকার করে। প্রেতের সঙ্গে সাকাৎ, বিচিত্র কথা। প্রেডপ্রভা।—আপনি যদি পিভার প্রেডাত্মার সঙ্গে সাকাৎ কারতে ভীত হন, প্রভিজ্ঞা কিরিয়ে দিন।

রণনীর।—মুন্দরি! আপনার জন্ম আমি সহজ্র প্রেওপূর্ণ স্থানে ক্রা গমন কোরতে প্রস্তুত আছি। কোন্ সময়ে কোন্ স্থানে সাকাৎ ধুবে ?

প্রেত প্রতা। — পিতা, কাল স্বপ্রে দেখা দিয়ে বলেছেন বে,
নগরের তিন ক্রোশ দুরে বনমধ্যে সরোবরের নিকট এক বৃহৎ অখথ বুক্রের তলে তিনি আজই আগমন কোরবেন। আগনি রজনী বিপ্রাহরের সময় তথায় উপস্থিত হলেই সাকাৎ পেতে পারবেন।

রণধীর।—(স্থগত) রজনী দ্বিপ্রহর, গছন বনমধ্যন্থ বৃক্ষতল, প্রেতাত্মার সহিত সাকাৎ, রণধীর এতে ভীত নয়। (প্রকাশ্যে)

জ্ঞানী অধিক হয়েছে, আমি তবে এখনই বাই। ঈশ্বরের নিকট প্রার্থনা করুন, যেন তিনি সদয় হন।

[রণধীর সিংহের প্রস্থান।

প্রেতপ্রতা।—(স্থগত) প্রিয়তম রণধীর যে আমারে সম্পূর্ণ-রূপে হাদয়ে স্থান দিয়েছেন, তার আর সন্দেহ নাই। মন পরীকার বাকিই বা কি? শিধরাক্ত অভয় দিয়েছেন, এখন ঈশ্বর যা করেন। হুংখ সমুদ্রের মধ্যে এইবার অদ্রের কুল দেখা দিচ্চে, ভূর্তাগ্য প্রাক্তর্কান যদি এসময়ে কিঞ্চিৎ শাক্তমূর্ত্তি ধরে ভরকের গতি হ্রাস করে, ভবেই কুল পাব, নতুবা এ জীবন এবার প্রকৃত পক্ষেই অকুল ক্রলবি-জলে বিসর্জ্জন দেব।

েপ্রতপ্রভার প্রস্থান।

नवग मृभा।

কাশ্মীর—বীরাঙ্গ নগর—বিচিত্রনিবাস—মৃত্তিকাগর্ভস্থ তমসারত পাষাণময় গৃহের মধ্যস্থলে

পাষাণ-প্রতিমা।

(অমুপকুমারী ধ্রাসনে পতিতা।)

অনুপকুমারী।—(স্ব্যাত) এ কি ! আমি এখন কোখার? খোর অন্ধকার ! এ কি পাতাল ?—না নরক? কিছুই বে দেখতে পাচিচ না। এ কি প্রেতভূমি? না। জন মানবের শব্দ নাই, পশুপক্ষীর রব নাই, পবনেরও স্বাভাবিক গতি মাই! কেবল অন্ধকার! যে দিকে চাই কেবল অন্ধকার—যোর অন্ধকার! তপন-ভয়ে কি জগতের সমগ্র অন্ধকার এখানে পুকাইত? না, এ নরকই বটে। পাপাত্মা স্থলর সিংহ কি জ্মামাকে জীবন্তে নরককুটে নিকেপ কোরলে? আমাকে কি এই বোর তমসারত নরকে জীবন বলি দিতে হল? হা! আর আমার উদ্ধারের উপায় নাই! সে বার ভাগ্যবলেই বীরবর রণধীরসিংহ, দেই গহন বনে পাষত্তের অমুচরদের হত্ত হতে আমারে উদ্ধার করেন, এখন তিনি কোখার? হা! আমি বন্দিনী!! জীবন বাক, এই খোর অন্ধকার নরকে জীবন যাক। কিন্তু পিতা?—আমার বৃদ্ধ পিতা? পিতার দশা কি হবে?

ক্লিব ! ভূমিত কেবল আমার জীবনাস্ত কোচ্চ না, আমার স্থায় আমার বৃদ্ধ পিতার জ্ঞীবনও হরণ কোচ্চ! হা! এ কি বিচার ? বিদি ! পুত্রমুখ দর্শনই বেমন অশভ্রীর মৃত্যুর কারণ, সেইমত পদে 📆 দ বিপদ ভোগের জ্বন্তাই কি এজগতে নারীদের স্থন্দরী করেছ ? ৰিধি! আমি ক্লংকবালা, জগতে হুঃখিনী বলে বিদিত, আমারে কেন ছুমি এ পোডা রূপ দিলে ? তুমি আমায় বেমন অনাথের গৃছে সৃষ্টি 📆রছ, আমারে অনাধিনী করেছ, সেইমত কেন আমার কুরুপা কোরলে না ? এখন যে আমার প্রাণ যায়। উঃ! কি অন্ধকার! बा, এ নরক নয়। নরককুও পাপির বিকট আর্ভনাদে, শমনের জীম তাড়নায়, ষমদূতগণের ভরাল কোলাছলে পূর্ন; এ যে দেখছি, ছির, গন্তীর, অন্ধকার-কুণ্ড। তবে কি এ যমদ্বার ? (উপ্থান) অদুরে 🔹 কি দেখা বাচ্চে ? দীপ না ? (शीরে शीরে ভিমিত দীপ এছণ।)-कि ? किटमत होत्रा ७ ? ना होता नत्र। ७ कि ? नतकहोत्तत ৰ্মিণিফাত্রী দেবতা ? না ভূতবোনী ? না, এ বে স্থিরতাবেই আছে। िनिकरि गमन) এ य निम्छन, निस्क, निर्वाक मुर्खि। একে খোর ক্ষকার, তাতে এমূর্ত্তিও যে দেখছি মসীময়। আমি কি স্বপ্ন দেখছি ? 📲। এ বে প্রতিমা-প্রতিমাইত বটে, ভীমা পাষাণ প্রতিমা। ক্রালবদনা কালীর প্রতিমা! এ ত্যোময় গুছে এ কালরপিনীর ্রাতিমা কেন ? এ প্রতিমার স্থাপরিতাই বা কে ? এ গৃহও বে ক্লেখছি পাৰাণময়! কোৰাও দ্বার নাই! আমি এলেমই বা কিরুপে ? ্রপামপুর্বক) দেবি ! সভীপ্রধানা ! মা ! আমার মা নাই, আমি ক্লাথিনী—ত্বঃধিনী—মা! এ জগতে ভোষার ঐ রাকা চরণই আমার ার। মা! আমার প্রতি সদরা হও। বিপতারিণি! অস্বালিকে! নামার প্রাণ ধার ভাতে ক্ষতি নাই, হু:খ নাই, কিছু এ জগতে নামার কাছে বেন আমার জীবনের সার ধন সভীত্ব না বার। মা !

আমার কেউ নাই,পিতা বৃদ্ধ, দীন। মা! এখন তুমিই আমার তরসা— আশা। মা! তুমি সতীকুলেশ্বরী, আবার বলি, ডোমার কাছে বেন আমার সতীত্ব না যার।

(পাষাণময় ক্ষুদ্র গুপ্ত দ্বার উদ্যাটন পূর্বক স্থন্দর সিংহের প্র বেশ।)

অনুপ।—(স্থগত) এ কে ? স্থন্সর সিংছ না কি ? কেমন কোরে এল ? এ দ্বার কিরুপে ছল ? পাপিট কি মোহিনী মারা জানে ? আমার কি মারাচক্রে নিকেপ কোরলে ?

সুন্দরসিংছ। স্থানর ! এখনও বলছি আমার কথা রাখ। এমন নবীন ঘোঁবন আর অনুপ রূপ থাকতে কেন রুষকবাসে কাল কাটারে? আমার এ প্রানাদ—আমার সমস্ত ঐর্থ্য সকলই ভোমার ছবে। রাজরাণীর ফ্রার থাকবে, আমি ভোমার পদসেবা কোরে এ জীবন চরিতার্থ কোরব, আমার বাসনা পূর্ণ কর।

অমূপ।—আমি এখনও বলছি, তুমি ও পাপ কথা আর আমার ভানিও না। তুমি মনে কোর না যে, ভোমার প্রলোভনে পড়ে আমি নারীর সর্ববিধন সভীত্ব রত্ব বিসর্জ্জন দেব। তুমি খোর ভণ্ড, পাষণ্ড, পাপ ভোমার সহচর, কুপ্রবৃত্তি ভোমার মন্ত্রী, তুমি খোর পাপিন্ঠ, তুমি আনেক সাধ্যা সভীর সর্ব্বনাশ কোরেছ, ভোমার মুখ দর্শনে পাতক হয়। এখনও বলছি, তুমি এখান থেকে বাও।

স্থানর।—হাঃ হাঃ হাঃ। স্থানরি ! আমি বে কথাটা বল্লেম, তা একবার তলিয়ে বুঝালেও না। আর তোমার যদি সে বুদ্ধি থাকবে, তা হলে আর এত গোলবোগ কর। আমি অনেক দিন হুতেই তোমার প্রেমডিখারী, আমার বাসনা বিকল কোরনা।

ष्ममू ।- तम्बीत द्वानत कामन वर्ष, প্রালোভনে সহজে

মুশ্ধ হয় বটে, কিন্তু তুমি জেনো আমার ছানয় দেরণ কোমল নয়।
গন্ধহীন পৃষ্পা যেমন দেব-দেবার অধাগ্য, সতীত্বহীনা নারী
সেইমত মানব-সমাজের অযোগ্য। তুমি কেন আর আমায় জ্বালাতন
কর ? চলে যাও, আর বিরক্ত কোরনা। তুমি মহাপাতকী
ও পাপমুখ আর দেখিও না।

স্থুন্দর। কি! আমি মহাপার্ককী! জানিস, এখন তুই কোথায়?

অনুপ।—না, জানিনা, এখন আমি কোথার। কেবল দেখছি এই পাষাণময় গৃহ, এই পাষাণ-প্রতিমা আর তোমার পাষাণহৃদয়ে পাপের লীলা।

স্থানর।—আমি এখনও বলছি, যদি আমার বাক্য রক্ষা না করিস ভাছলে এই পাষাণ-প্রতিমার নিকট ভোরে বলি দেব।

অনুপ।— এং! স্থান্দরসিংহ! তাতে আমি ভীতা নই।
সতী রমণী সতীত্ব রকার জন্য একবার নয়, সহস্রবার এই সতীপ্রধানা পাধান-প্রতিমার নিকট জীবন বলি দিতে পারে। এ
আমার স্থাবর সংবাদ। দাও, পাধান-প্রতিমার নিকট আমায় বলি
দাও।

(গুপ্ত দার দিয়া ধরম সিংহের প্রবেশ।)

সুন্দর।—ধরম সিং ! সংবাদ কি ?

ধরম সিংছ। অতি অমকল। রণজিং সিংছ জীনগর অধিকার কোরেছে। আপনার পিতা সরদার মলহর সিংছ প্রস্তৃতি সকলে বন্দী। সমবেত সৈত্যদলের মধ্যে কেবল পাঁচ দল মাত্র এখানে পালিয়ে এসেছে।

স্থন্দর।-পিতা বন্দী!

ধরম। — যুদ্ধে বন্দী হন নাই। শুনলেম গুপ্তাবাদে সকলে
মন্ত্রণা কোছিলেন। রণজিং কোন রক্ষে এ ঘস্ত্রণার বিষয় জ্ঞাত
হরে, তাঁদের আক্রমণ কোরে বন্দী করেছে। রণজিং যে জ্রীনগর
আক্রমণ করেছে, এ সংবাদ তাঁরা পূর্বের পান নাই।

স্থানর।—বটে? পাপাত্মা অবশ্যই প্রতিকল পাবে। তুমি এক কর্ম কর, অমুপকুমারীকে ভিনবার জিজ্ঞাসা কর, আমার বাক্য রক্ষা কোরবে কি না? যদি অস্বীকার পায়, সেই দত্তে ভূমি পাধাণ-প্রতিমার নিকট একে বলি দিয়ে আমার সংবাদ দেবে।

ি স্থলর সিংহের প্রস্থান।

অনুপ্র-ধরম সিংহ! তোমার প্রভুর আজ্ঞা পালন কর।
বৃদ্ধ হয়েছ, আমার ত্যার দি তোমার কত্যা থাকে, আর সে বদি
আমার ত্যার এইরূপ বিপদে পতিত হয়, তাহলে তোমার পক্ষে
কি করা কর্ত্ব্য একবার ভেবে দেখ।

ধরম।—না, তোমার স্থায় বিশ্বমোহিনী রমণীকে এ পাধাণ-প্রতিমার নিকট বলি দিয়ে এ হস্তকে কলুবিত কোরতে চাই না। কিন্তু বলি তুমি আমার একটি অভুরোধ রক্ষা কর, তাহলে তোমার জীবন দান বাতীত ভোমার আর একটি অভাব আমি মোচন কোরতে প্রস্তুত আছি।

অনুপ।—কি অনুরোধ বলুন । আনর অভাবই বা কি ?
ধরম।—ভোষার পিতা মাভার নাম ভূমি জান ।

জানুপ। — সে কি ? শিবদরাল সিংহ কি আমার পিতা নন ? জার আমার জননী?—সেই পরলোকপ্রাপ্ত হিঙ্গপুন্মারী কি জামার মানন?

थत्रम ।---ना ।

অমুপ।—দেকি?

ধরম।—তোমার পিতা যাতা কে জানতে চাও ?

অনুপ।—অতি বিচিত্র কথা ! প্রামের সকলেই জ্ঞানে রন্ধ শিবদরাল সিংহ আমার পিতা, আমি জ্ঞানি তিনি আমার পিতা, তুমিও মধ্যে মধ্যে আমাদের কুটীরে যাও, তুমিও জ্ঞান তিনি আমার পিতা। আজ এ কি কথা শুনি ?

ধরম।—কথা নুতন বটে, কিন্তু শিবদয়াল তোমার পালক পিতা, জনক নন।

অনুপ।—ভবে আমার জনক কে ?

ধরম।—আমার অনুরোধ যদি রক্ষা কর, তাহলেই জানতে পারবে।

অনুপ !— আপনার অনুরোধ রকা কোরতে যদি প্রাণ যায়,
তাতেও আমি স্বাক্ত আছি। আপনি বলুন আমার জ্ঞানক
জননী কে?

ধরম।—না, যতক্ষণ না তুমি অমুরোধ রক্ষা কোচচ, ওডক্ষণ জানতে পারবে না।

অনুপ। -- কি অনুরোধ বলুন।

ধরম।—আমার সঙ্গে এস, আমার অমুরোধ কি জানতে পারবে। তোমার পিতা মাতা কে তা সময়-চক্রে সকলই প্রকাশ পাবে। এখন চল।

অনুপ।—দেখছি একটি মাত্র গুপ্ত দার, এ ছার দিরে গেলে ফুন্দর সিংহ যদি দেখতে পায়, ভাহলেই বিপদ।

ধরম। এ দ্বার দিয়ে বরাবর সিঁড়ি দিরে উপরে উঠতে হয়। এ গুপ্ত গৃহ। এ গৃহ বে আছে, তা বিচিত্রনিবাসের কেইই জানে না। কেবল সরদার মলহর সিংহ, স্কুন্দর সিংহ, ভীম্মচার্যায় আর আমি জানি। এ গৃহের পশ্চিমদিকে মৃতিকার ভিতর একটি স্কুড়ক আছে। সেই স্কুড়কের মুখে একটি স্কুড় গুপ্ত হার আছে। সেই হার দিয়ে গোলে কৃত্রিম বনে উপস্থিত হওয়া যায়। পরে সেখান থেকে রাজপথে পড়ে যেখানে ইচ্ছা সেই খানে যাওয়া যেডে পারে। স্থলার সিংহ জিজ্ঞাস। কোরলে বলর যে, ভোমাকে পাযান-প্রতিমার নিকট বলি দিয়েছি। এখন আর বিলম্বের প্রয়োজন নাই, চল।

[উভয়ের প্রস্থান।

দশম দৃশ্য



কাশীর—শ্রীনগরের নিকটস্থ গছন বন (অশ্বারোহণে রণধীর সিংহের প্রবেশ।)

রণধীর।—(স্বগত) লোকে বলে প্রেমের জন্ম প্রকৃত প্রেমিক সহজেই প্রাণ পরিহার কোরতে প্রস্তুত হয়; বাস্তবিক সে কথা মিধ্যা নয়। আমিই তার সাক্ষ্য দিচ্চি। প্রেতপ্রভার প্রেমের জন্ম আমি আজ জীবন বলি দিতেও প্রস্তুত, এ কথা শুনলে প্রেমিকেরা অবশ্যই আমার প্রশংসা কোরবে, কিন্তু বীরেরা শুনলে অবশ্যই ধিকার দেবে। আমি আজীবন অসির সেবা করে, আজ কি না কামিনীর প্রেমের মুখে অসিকে পরিহার—বীরজ্কে বিস্মৃত হচ্চি! বীরের পক্ষে এ কি অম্প কলক্ষের বিষয় ? না, কলক্ষকালিমা কেন আমায় স্পর্শ কোরবে ? আমিত আজ সংগ্রাম কোরতেই এই গভার রজনীতে তথামর বনে উপস্থিত। আমার প্রতিশ্বন্দ্বী—প্রেত। প্রেতের সহিত প্রেমের জন্য সংগ্রাম সকলের তাগ্যে যটে না। প্রেতেক বদি পরাস্ত কোরতে পারি, প্রেম ও বলঃ উভয়ই লাভ হবে। না পারলেও বলঃ লাভ হবে। এইত সেই বনমধ্যম্ম সরোবর-সম্মুখস্থ বৃহৎ অখ্যথ বৃহ্দ, এই স্থানেই প্রেতের আগমনের কথা। অখ্য অভিক্রভবেগে বিনা বিশ্রামে তিন ক্রোলা পথ এসে বড়ই ক্লাম্ভ হয়েছে। একে অদ্রে বৃহ্দশাখার বন্ধন কোরে শ্রাম্ভ হতে দেওয়াই বিহিত। (অখ্যকে অদ্রে বন্ধন।) প্রেতের সহিত সংগ্রাম অক্রভতপূর্ব্ধ। এ জীবনে আমি প্রেত দেখি নাই। প্রেতের বিচিত্রে লীলা সকল জাতিই শুনে আসছেন, আমিও শুনছি, কিন্তু দেখি নাই। এখনই দেখা যাবে প্রেত কেমন, আর তার বাহ্নবলই বা্কেমন।

(অখারোহণে কৃষ্ণবর্মাবৃত প্রেতের প্রবেশ।)

প্রেত।—(বিক্নত স্বরে) কে তুমি ?

রণধীর।—(স্থগত) এই কি প্রেত ? উঃ ! কি বিকটমূর্ত্তি ! প্রেত আবার অশ্বারোহণে। উঃ ! ভয়স্কর দৃষ্ঠা !

প্রেত।—কে তুমি ? নীরব কেন ?

রণধীর।—তুমি কে? মনুষ্য ?

প্রেত।—না, তুমি কে আগে পরিচয় দাও।

রণধীর।—তুমি যদি নর-যোনী-সম্ভূত না হও, তাহলে অবস্থাই জানবে আমি কে।

প্রেত।—ভোমার নাম রণধীর সিংহ?

. রণধীর।—ই।।

প্রেত।-তুমি প্রেতপ্রভার গাণিপ্রার্থী?

तनिहा ।- इटक शारत ।

প্রেত।—সরল উত্তর দাও, নচেৎ যুদ্ধ। ভীক হও প্রস্থান কর।

রণধীর।--সংগ্রামে পলায়ন কারে বলে ভা জানি না।

প্রেত। প্রসংশার কথা। যদি প্রেতপ্রকাকে পরিণয় ছত্তে আবদ্ধ কোরতে চাও, তবে অগ্রে আমার নিকট অসির পরীকা দাও। যুদ্ধে জয়লাভ কোরতে পার, নিঃসন্দেহ প্রেতপ্রতাকে প্রাপ্ত হবে।

রণদীর।—রণধীর এ প্রস্তাবে ভীত হলে এখানে আসত না। প্রেত্ত।—তোমার অশ্ব কোধায় ?

त्रनेशीत ।-- अमृद्र ।

প্রেত।—আছে, আমিও তবে পাদচারে যুদ্ধ কোরতে প্রস্তুত। (অদুরে অশ্বকে বন্ধন)

রশধীর।—ন্যারযুদ্ধ কি অধর্মাযুদ্ধ কোরবে 📍

প্রেতপ্রতা।—অংশ্যুদ্ধ কাকে বলে জানি না।

রণধীর।—অতি উত্তম।

(উভয়ের ঘোরতর অসিযুদ্ধ এবং রণধীরের পতন।)

প্রেত।—রণধীর ! তুমি ষথার্থ সাহদী এবং বীর বটে, সেই জক্মই আজ তোমার প্রাণ সংহার কোরলেম না। যদি তুমি আমার বাক্যমত চল, তাহলেই প্রেতপ্রতাকে পেতে পারবে। আজ অবধি যে পর্যান্ত না রণজ্জিং সিংহ কাশ্মীর জর করে, সে অবধি তুমি প্রেতপ্রতার সহিত সাক্ষাৎ কোরতে পারবে না। আর তদবি তুমি মলহর সিংহের প্রলোভনে মুগ্ধ হয়ে, কোন মতেই তার সৈত্যদলে প্রবিক্ত হতে পারবে না। বদি এই বাক্যের ব্যতিক্রের, ভাহলে ভোমার আশা পূর্ণ হবে না।

ি প্রেতের প্রস্থান।

রণধীর।—(স্থগত) উঃ ! আমি উপ্থানশক্তি রহিত ! অসির জাবাতে বাত্ বুঝি ছিন্ন হয়ে গেছে। ঘোর অন্ধকার, নিকটে জনমানব নাই, কিছুই দেখতে পাচ্চি না। বড় পিপাসা— যাতনা। যুদ্ধে প্রাণ গেলনা কেন ?

(অখারোছণে জনৈক স্বর্ণবর্দ্ধারত বীরের প্রবেশ।)

স্বর্ণবর্দ্মারত বীর।—(স্থাগত) এ নির্জ্জন বনে এ গভীর রক্ষনীতে মনুষোর স্বর কোধা হতে আসচে? এ কি মৃত্যু-মুখ-পতিত পাধিকের আর্দ্তনাদ ? যে অন্ধকার, কিছুই দেখতে পাচিচ না।

রণধীর।---আপনি কে?

বীর।—এই বে, নিকটেই পথিক পতিত। (অশ্ব ছইতে অবতরণ এবং অশ্বকে অদুরে বন্ধন) আপনি এ গছনবনে এ অবস্থার পতিত কেন? আপনি কি পীড়িত?

রণধীর।—না পীডিত নই।

বীর।—(স্থগাড) এ শারদ স্থগাণ্ডনিত বদন ধেন কোথাও দেখিছি দেখিছি বোধ হচেচ। আহা ! কি স্থান্দর মাধুরি ! চিনেছি, ইনিই দেই বীরবর রণধীর সিংহ, ইনিই দেই—

রণনীর।---আপনি কে? কোথায় যাচেচন?

বীর।—সরদার মলহর সিংহের সহিত সাক্ষাৎ জব্ম 🕮 নগরে ফাচিচ।

त्रनथीत ।--- मन्हत मिश्ह वन्ती । फेंश्व कि यांजना ।

বীর।—দেখছি, আপনার বড় কন্ট হচ্চে, উঠে বসবেন কি? আপনি এ অবস্থার পতিত কেন?

রণদীর।—(উপবেশন) কোন প্রভিদ্বন্ধির সহিত অসি-মুদ্ধ কোরতে প্রভিশ্রুত ছিলেম, সেই মুদ্ধে আহত হয়েই এখানে পতিত। বীর।—গুৰুতর আঘাত লাগেনিত ?
রণধীর।—না, বামহন্তে কিছু আঘাত লেগেছে মাত্র।
বীর।—এ যুদ্ধের কারণ ?
রণধীর।—রমণী।
বীর।—রমণী!—রমণীর সহিত আর কিছু যোগ আছে ?
রণধীর।—প্রেম।
বীর।—প্রেম।
বীর।—প্রেম!! এখন আপনার উদ্দেশ্য কি ?
রণধীর।—কেউ যদি সহায়তা করে, তাহলে শ্রীনগরে প্রাতিরামন কবি।

বীর।—আমি আপনার সহায়তা কোরতে প্রস্তুত।
রণধীর।—আপনার এ অনুগ্রহ এ জয়ে বিস্মৃত হব না।
বীর।—আপনি কি পাদচারে এদেছেন ?
রণধীর।—না, অদুরে অশ্ব আছে।
বীর।—আপনি এ অবস্থায় অশ্বারোহণে থেতে পারবেন ?
রণধীর।—হীরে ধীরে থেতে পারি।
বীর।—চলুন তবে যাই।

িউভয়ের প্রস্থান।

একাদশ দৃশ্য।

কাশ্মীর-শ্রীনগর-বিতন্তানদী-পার্শস্থ কারাগার।

(বিতলস্থ গবাস্ক্ষে মলহর সিংহ, ভীপ্পাচার্য্য এবং তুর্জ্জয় সিংহ আসীন।)

মলহর সিংহ।—গুরো! এ জগতে আমাদের জীবনের—স্থধের আশা, ভরদা সমস্তই শেষ হল।

ভীম্মাচার্য্য।—উত্তলা হবেন না। আপনি বিজ্ঞ, বীর, স্বদেশ উদ্ধার জন্ম কত বীর, কত বিপদে পতিত হয়ে কির্মণে উদ্ধার পেরেই-ছেন, তাত আপনি জানেন।

মলহর।—জানি বটে, কিন্তু রণজিতের নিকট আপনি আর দয়ার আশা কোরবেন না।

হুর্জ্জর সিংহ।—দে কথা মিথ্যা নর বটে, কিন্তু রণজিৎ বেমন
অন্তার রূপে বিনা সংগ্রামে আমাদের বন্দী কোরেছে, তার কি
কোন প্রতিকল পাবে না ? স্থানর সিংহ এখনও জীবিত, অনেক
দেনানায়ক জীবিত, সহত্র সহত্র সৈন্তও জীবিত, দেশবাসী
হিন্দুরাও জীবিত, তারা কি আমাদের উদ্ধারের কোন উপার
কোরবে না ? তারা কি জন্মভূমির উদ্ধার জন্য প্রাণ বলি দেবে
না ? অবশ্যই দেবে, আপনি শাস্ত হন।

মলহর।—কতক দৈত্য বন্দী হয়েছে, বাকি দৈত্য কোথায় তা জানি না। স্থন্দর সিংহ অপ্পবয়ক্ষ যুবক, উপযুক্ত সেনাপতি নাই, আশা কোথায় ? ভীষা।—অবশাই আছে। সমস্ত হিন্দু যদি জন্মভূমির উদ্ধার জন্ম প্রাণ দেয়, তাহলেও আমাদের অনেক ত্রঃখ লাঘব হবে।

মলহর।—হিন্দু অধিবাসীরা সমবেত হয়েছিল বটে, এখন তারা সহায়হীন। বাহক, এখন আমর এ কারাগার হতে উদ্ধার প্রেত পারি, এমন কোন উপায় আছে কি ?

ছুর্জ্জর।—দে আশা পুরণ হওয়া অসম্ভব। দেখছেনত দেনা-পতি দেওয়ান চাঁদ আর কুমার খড়া দিংহ ব্যতীত কেহই এ গুহে প্রবেশ কোরতে পায় না। চৌদিকে প্রহরী, সমুখে বিভস্তা, ফেন আমাদের ছুর্দ্দশা দেখে কলনাদে তরক চালনা কোরে চলেছে। পলায়নের উপায় কৈ ?

্ ভীন্ম।—ভগবান ভবানী-পতি ও দাক্ষায়ণীর চরণ স্মরণ করুন, অবশ্যুই সত্নপায় হবে।

মলহর।—প্রভো! যদি চামুণ্ডার করুণায় মুক্তিলাভ করে বিচিত্রনিবাদে উপস্থিত হতে পারি, তাহলে দেখব কেমন রণজিৎ দিংহ, দেখব কেমন দে বীর, দেখব কেমন দে তুর্গে শিখজয়-পভাকা উড্ডীয়মান করেছে।

ফুর্জ্জন্ন।—নদীতে কিসের শব্দ হচ্চে না ?
মলহর।—এ মধ্য রজনীতে নদীবক্ষে আবার কি শব্দ হবে ?
ফুর্জ্জন্ন।—যেন ভরী চালনার শব্দ আসচে।
ভীষ্ম।—কারাগারের এ পার্শ্বেভ কখন ভরী আসে না।
মলহর।—দেখা যাক কাণ্ডটা কি ।

(বিতস্তা-বক্ষে ক্ষুদ্র তরী চালনা পূর্ব্বক স্বর্ণবর্মান্ত বীরের প্রবেশ ম)

স্বৰ্ণবৰ্ষাবৃত বীর।—(স্বগত) এইত দেখছি কারাগার। সর-

দার মলহর সিংহ, দ্বিতলের তৃতীয় গৃহে বন্দী। তৃতীয় গৃহ কোনটা তাই বা দ্বির করি কিরপে? কারাগার মধ্যে প্রবেশ করা সম্পূর্ণ অসম্ভব জেনেই এই উপায় অবলম্বন করেছি, কিন্তু এ উপায় সফল হওরা তুক্কর। যদি প্রহরীরা এ দিকে আসে, তাহলে আমাকেও চিরজাবনের জান্যে এই কারাগারে আশ্রেয় নিতে হবে। এখন রজনী দ্বিপ্রহর, যদি মলহর সিংহ, নিদ্রা গিয়ে থাকেন, তাহলে সকলই রুধা হবে। আর আমিই যে তাঁর উদ্ধার জন্ম এ আয়োজন করেছি, তাওত তিনি জানেন না। উপায় কি? নাম ধরে ডাকলেও বিপদ। ঐ একটা গবাক্ষ দ্বার খোলা না? স্তিমিত আলোক যে দেখতে পাচিচ। এই ছানেই তরী সংলগ্ন করা যাক।

মলহর।—গুরো! এ কি ? দেখছি এক বর্মারত মনুষ্য, ক্ষুদ্রতরী আরোহণে উপস্থিত। লোকটা কে জিজ্ঞাসা কোরব কি ?

ভীম্ম ৷—তাতে হানি কি ?

মলহর।—(বীরের প্রতি) আপনি কে?

বীর।—(স্বগত) ভাইত, কে কি জিজ্ঞাসা কোচ্চে না ?

মলহর।—তরী আরোহণে আপনি কে ?

বীর।—-আমি ষেই হই না, অগ্রে আপনার পরিচয় চাই। যদি
ঈশ্বর মানেন, ভাছলে সেই ঈশ্বরের দিব্য, সত্য পরিচয় দিন।

মলহর। -- আমি মলহর সিংহ।

বীর।—সভ্য বলছেন, আপনি মলহর সিংছ?

ফলছর।—ফিথ্যা বলবার প্রয়োজন নাই। আপনি এখানে কেন ?

বীর।—আপনার উদ্ধার জন্ম।

মলছর।—আপনি উদ্ধার কোরবেন কিরুপে? উদ্ধার করা অসম্ভব। বীর।—যতক্ষণ না উদ্ধার কোরতে পাচ্চি, ততক্ষণ অসম্ভব। এখন আমি যা বলি তাই করুন। আমি যে উপায় অবলম্বন করেছি, তা সহজ নয়, আপনাদের যথেষ্ট সাহস চাই।

মলহর।—জাপনার কথায় যদি প্রাণ যায়, ভাতেও ভীত নই। বীর।—দীপটা গবাক্ষের নিকট রাখুন। মলহর।—(তথাকরন)

বীর।—দেখুন, আমি এই জোনাকির গাত্তে সুক্ষ স্ত্ত বেঁপে ছেডে দিলেম, আলোক দেখে গবাকের নিকট গেলেই আপনি জোনাকি ধরে, সাবধানে হুত্ত টানবেন। (জোনাকির গাতে অতি স্থন্ম স্থত্ত বন্ধন করিয়া ছাডিয়া দেওন) আপনি এই স্থত্র অতি ধীরে ধীরে চানবেন, যেন ছিল্ল না হয়। আপনি যত হত্ত টানবেন, ততই ক্রমে ক্রমে স্থূল হত্ত পোতে পারবেন, শেষে রজ্জু পর্যান্ত প্রাপ্ত হবেন। (স্বগত) লোকে মনুষ্যের বুদ্ধির প্রশংসা করে থাকে, কিন্তু আমি বলি সে বৃদ্ধি মনুষ্যের নয়, সে বৃদ্ধি ঈশ্বরের। মনুষ্টের নিজের স্বত্ব কিছুই নাই। দেহ, হৃদয়, জীবন, ছয় রিপু, জ্ঞান, বুদ্ধি, সমস্তই ঈশ্বরদত্ত, অতএব মনুষ্য কিরুপে সে স্তবুদ্ধির কারণ প্রশংসা পেতে পারে ? এই যে মলহর সিংহকে উদ্ধার কোচ্চি, এই যে উপায় আবিষ্কার করেছি, একি আমার বৃদ্ধি-বলে ? কখনই না। জগদীশ্বর, নিজেই রূপা করে মনুষ্যকে উপলক্ষ কোরে জীবকে বিপদ হতে হক, বা যে কোন কার্য্য হতে হক উদ্ধার করেন। যাহক, এখন জগদীশ্বর সদয় হলেই মলহরের বেমন মঙ্গল, আমারও সেইমত ভাবী মঙ্গলের সম্ভাবনা।

মলহর।—মহাশয় ! ধরেছি।

বীর।—জগদীর্শ্বকে শহাবাদ দিন। আপানি এখন ধীরে ধীরে স্কুত্র ধরে টানুন। মলহর 1— (সূত্র ধরিয়া টানন) গুরো! দেবী দাক্ষায়ণীর করুণায় আজ বোধ হয় এ পাপ কারাগার হতে উদ্ধার পেলেম। বোধ করি দেবীর চরণে আমরা কোন অপরাধে অপরাধী হয়েছিলেম, ভাই রণজিৎ বিনা যুদ্ধে আমাদের বন্দী কোরেছিল।

ভীষ্ম।—আমরা অপরাধী না হলে কখনই এ বিপদে পতিত হতেম না। যাহক, এখন যদি একবার সেই বিচিত্রনিবাসে উপনীত হতে পারি, তাহলে দেখি, দেবী আমাদের মনোভিলাষ পূর্ন করেন কি না। আমার মতে দেবীর তুটি সাধন জন্ম নরবলি দান করা কর্ত্তব্য। বিশেষ আমরা যে বিপদে পতিত, তাতে যদি দেবীর সমকে 'কুমারী' বলি দিতে পারি, তাহলে আরও মঙ্গল।

হুর্জ্জর।—আপনি এখন যা বলবেন, আমরা তাই কোরতে প্রস্তুত। দেবীর সমক্ষে নিজ পুত্র বলি দিলেও যদি আমরা জন্ম-ভূমিকে শক্র-কর হতে উদ্ধার কোরতে পারি, তাতেও প্রস্তুত আছি।

ভীম্ম।--জন্মভূমির উপযুক্ত পুত্রের এ উপযুক্ত কথাই বটে।

মলহর।—গুরো! কি বলব, রণজিৎ যে এত শীদ্র এত গুপ্ত-তাবে এদে আক্রমণ কোরবে, তা জানতে পারি নাই। জানতে পারলে, দেখতেম রণজিৎ কেমন বীর, দেখতেম রণজিৎ কেমন শ্রীনগরে প্রবিষ্ট হয়। পাপাত্মা অর্জ্জুন দিংহের দ্বারাই যে আমা-দের এই দুর্গতি হয়েছে, তা বলা বাহুলা।

ভীত্ম।—তার আর সন্দেহ কি ? অর্জ্জুনই দূতকে উৎকোচ
দিয়ে রণজিতের আগমন সংবাদ গোপন করে। অর্জ্জুনই ঘোর
পাবণ্ডের স্থায়—ঘোর বিশাসঘাতকের স্থায় আমাদের মন্ত্রণা-সংবাদ
গোপনে রণজিতকে দিয়ে এই বিপদে নিক্ষেপ কোরেছে। যে
পাপাত্মা এরপে জন্মভূমির তুর্গতি উপস্থিত করে, অনস্তকাল তারে
নরকে বাস কোরতে হবেই হবে। দেবী দাক্ষায়ণী অবশ্যুই তারে

উচিত ফল দেবেন। যদি সংগ্রামে জয়লাভ কোরতে পারি, দেখব কেমন অর্জ্জুন সিংহ। তারে দেবীর নিকট বলি দিয়ে খণ্ড খণ্ড কোরে কুক্ক র-মুখে নিক্ষেপ কোরব।

মলহর।—মহাশয়! রজ্জু ধরেছি, এখন কি করি বলুন ? বীর।—আমি এই লেহিচ্ছেদক অস্ত্র বেঁধে দিলেম। আপনি গবাকের একটা লেহিদও শীত্র কোরে কর্ত্তন করুন।

ভীষ্ম।—(স্থগত) এ বীর পুরুষ যেরূপ অসাধারণ বুদ্ধিশক্তি-সম্পন্ন, তাতে একে কখনই সাগাত্ত মানব বলা যায় না। এরূপ উপায়ে এরূপ কারাগার হতে উদ্ধার করা সামাত্ত ব্যক্তির কর্ম নয়।

মলহর।—(অন্তর্জারা লেহি দও কর্ত্তন করিতে করিতে স্থাত)
এ অস্ত্রে এখনই এ দও ছেদিত হবে, কিন্তু নীচে নামিব কিরুপে ?
দেখা যাক বীরবর কি উপায় করেন।

ভীষ্ম।—(তুর্জ্জারের প্রতি) আপনি দ্বারের নিকট অবস্থান করুন। কর্তুনের শব্দ শুনে যদি কেউ উপস্থিত হয়, তাহলেই ঘোর বিপদ। আপনি বরং দ্বার কন্ধ করুন। (স্থাগত) জগদন্থে! অম্বালিকে! কালিকে! এই সময়ে সহায় হও মা। যদি চরণে কোন অপরাধ কোরে থাকি, মা! ক্ষমা কর। মা! আজ ভোমার যোড়শোপঢ়ারে পূজা দেব, নরবলি দিয়ে ভোমার ভুষ্টি সাধন কোরব। দেবি বিপদ্ধারিণি! কল্যানি! কুপা কর মা। জননি! রণজিং হিন্তু নয়, রণজিং শিখ, রণজিং বিধর্মী, মা! সে কাশ্মীর-সিংহাসন প্রাপ্ত হলে ভোমার আর মহিমা থাকবে না। দেবি! দয়াময়ী! দয়া কর। ভোমার করুণায় হাদয়ে যোজাশাবীজ বিপভ হয়েছে, দেখো মা! সে আশাবেন সমূলে ধ্বংস না হয়।

মলহর।—গুরো! কর্ত্তন শেব হল, দেবীকে উদ্দেশে প্রাণাম কফন। মহাশায়!লে হলও কাটা হয়েছে, এখন কি করি বলুন? বীর।—আপনি রজ্জু আর একটু টানলেই একটি রেশমের সিঁড়ি পাবেন। গবাক্ষের ছুই পার্ম্বের দণ্ডে সিঁড়ি বেঁধে একে একে অবতরণ করুন।

ভীষ্ম।—ধন্য আপনার বুদ্ধি!

(গবাক্ষের ছই পার্ষের লোহ দত্তে সিঁড়ি বাঁধিয়া তদবলম্বনে মলহরের তরী-বক্ষে অবতরণ।)

মলহর।—আপনি আমার জীবনদাতা, এ জন্মে এ ঋণ পরিশোধ্য নয়। যদি জগদীশ্বর সদয় হন, যদি রণজিতের হস্ত হতে
কাশ্মীর উদ্ধার কোরতে পারি, আপনাকে উপযুক্ত পুরস্কার দেব।
আপনি বীরপুক্ষ, বীরের যা প্রার্থনীয়, আপনি তাহাই প্রাপ্ত
হবেন।

(ভীম্মাচার্য্য এবং হুর্জ্জন্ম দিংহের উক্ত রূপে অবতরণ।)

বীর।—এখন আর এখানে বিলম্বের আবশ্যক নাই। আপনারা কোথায় যাবেন বলুন ?

ভীষ্ম।—সকলেই বিচিত্রনিবাদে যাব, কিন্তু একবার লক্ষ্মী-খালের নিকট একটু অপেক্ষা কোরতে হবে।

বীর।—আপনাদের আজ্ঞাই শিরোধার্য্য।

[সকলের তরী আরোহণে প্রস্থান।

দ্বাদশ দৃশ্য।

কাশ্মীর—লক্ষ্মথালের তীবস্থ ভীক্ষাচার্য্যের গুপ্তবাদ-দংলগ্ন উপবন। ´(স্থ্রস্তুন্দরী আদ্মীনা।)

স্থরস্থান্দরী।—(স্বগত) দে অমৃতময় রূপরাশি কেন আর कुनदा छेना इत ? এकनिन এकवात माज याँत महे माइन ছবि দেখেছি, মন কেন তাঁরে ভুলেনা? এ যে দাকন যাতনা। আমি জানি আমার ভাগ্য মন্দ, আমি অনাধিনী, অভাগিনী, কেন তবে আবার আশা কুছকিনী আমায় মজায় ? প্রাণ যারে চায়, প্রেমে যে নাচায়, দে যদি না চায়, তবে জীবনে কি ফল? প্রেম, প্রেম, প্রেম-প্রেম স্থাময়, প্রেম নির্জীবের জীবন, কিন্ধ প্রেম সজীবকে দাহন করে কেন? কে বলে গরল আর অমৃত একত্রে থাকে না? প্রেমের প্রথমেই বিষের জ্বালায় কুলবালায় কাঁদায় দেখছি, শেষে অমৃত আছে কি না তাত জানিনা। কিন্তু প্রেম, সুধা, বিষ উভয়ই প্রদব করে। বিধির এ বিচিত্র বিধান! আমার যে প্রাণ যায়, বিধি তা বুঝাবে কেন ? পুরুষ, পুরুষেরই হাদয়ের প্রকৃত চিত্র জানে, রমণী, রমণীর হাদয়ের অন্তন্তল পর্য্যন্ত দেখতে পায়। বিধি পুরুষ, সে রমণীর জ্বালা কি বুঝাবে ? বুঝাতে পারে না বলেইত এ জগতে রমণীর এত তুর্গতি। আমার তুর্গতি কি দূর হবে না ? সেই মন-চোর আমার মন চুরি কোরে অদৃশ্য, আমি তাঁর জন্য পাগ-লিনী, তৃতাশ পবন, হাদয়কে অনবরত উদাস কোচে, শর-তের জলের তায় মন আমার এই আছে এই নাই! ধারে চাই

ভারে পাই কৈ? আমি এই হৃদয়সিংহাসন পেতেছি, প্রেমন্তত উজ্জাপনের সমস্ত আয়োজন করেছি, মনচোরকে পেলে এই হৃদয়সনে বসিয়ে, নয়ন জলে তাঁর কমলচরণ শিক্ত করে এই কেশে মুছাব, শেষে যৌবন নৈবেজ্যের সহিত এই প্রাণ দক্ষিণা দেব, আর মন?—মন আগেই তিনি নিয়েছেন। তাঁরে কি পাব? এ আশা কি পূর্ব হবে? না, বোধ হয় না। বিধির বিচিত্র বিধি! যে যারে চায়, যার জন্মে যার প্রাণ, মন কাঁদে, দে তারে না পায় কেন? তিঃ! এ প্রাণে এ যাতনা অসহ্য। দেই নিষ্ঠুর—দেই নিদয়কে—
যারে আপন ভেবে মন দিলেম, দে কেন জীবন হরণ করে? না, আমার প্রেমন্ত্র সাক্ষ হল। সাধের ভালবাসা শৃত্যে যিশাল।

গীত।

রাঝিণী কামোদ—তাল রূপক।

মন প্রাণ যারে চায়,
সে কেন দহন করে অবলায় ?
আমি কাঁদি যার তরে, দেত না স্মরণ করে,
মন প্রাণ দিয়ে পরে, হল একি দায় !
হেরি যার রূপরাশি, আনন্দ-নীরেতে ভাসি,
গলে দিয়ে প্রেম ফাঁসী, সে কেন পালায় ঃ—
প্রেম-ত্রত সাঙ্গ হল, মুদিল স্থুথ কমল,
জীবন সদা বিকল, বিরহ-জালায় ।

ভীম্মাচার্য্য এইন জীনগরে বন্দী, কিন্তু এ কারাগার প্রহরী বেষ্টিত, পলায়নের কোন উপায় নাই, উপায় থাকলে সেই হৃদর- রাজের নিকট গিয়ে অভিদারিকা দেজে জীবন বিক্রেয় কোরতেম।
চক্রিকা, প্রাণপ্রতিমকে আনবার জন্য শ্রীনগরে গিয়েছেন,
যদি আমার ভাগ্য পরিবর্ত্তিত হয়, তবেই আশা পূর্ণ হবে, নচেৎ
এ জীবনের শেষ সীমা আজই জগতকে দেখাব। বিরহ বিকারেই
আমার জীবনাম্ভ হবে।

(সহচরীগণের প্রবেশ।)

প্রথম-সহচরী।—একি! আজ যে দেখছি কেবল কমলের মিলন? নয়ন কমল হতে কমলাবলি পতিত হয়ে স্থানয়কমলকে প্লাবিত কোচেচ। সত্য বটে আশাবাঁধ ভাঙ্গলেই হুঃখ-জলধি উথলে উঠে প্রবল তরঙ্গ বিস্তার করে, কিন্তু এখনওত আপনার আশা বিদ্রিত হয় নাই। আপনি কেন রুখা রোদন কোরে আমাদের তাপিত কোচেচন?

(সহচরীগণের নৃত্য ও গীত।)
রাগিণী থাম্বাজ—তাল থেমটা।

নাল নারজ নয়নে নার নিরথি কেন প্রাণসজনি ? স্থামাথা বিধু মুথ কেনগো মলিন কি তুঃথ গণি ?

নবান জীবনে প্রেম-পিপাসা,
গেঁথেছ হুদে যে ভালবাসা,
পূরিবে অচিরে সে স্থ্থ-আশা,
পোহাবে তব ছুঃখ-রজনী।
হুদয়ে হুদয়ে বাধিয়ে তায়,
ভুড়াবে জীবন ভুড়াবে কায়,

ললিত রূপেতে ভুলাবে সে জনে
যে জন তোমারে প্রেমে নাচায় :—
বিনোদ অধরে বিনোদ হাসি,
বিনোদ রূপ বিজলী বিকাশি,
বিনোদ শারদ স্থধাংশু আসি,
উদয় হের রুমণী-মণি।

ু দ্বিতীয় সহচরী।—মঞ্জুল বকুল কুঞ্জে গোপীরঞ্জন উদয় হয়ে যেমন রাসেশ্বরী রাধার হালয়াকাশ আলোকিত করেন, ঐ দেখুন সেইমত বীরবর রণধীর সিংহ মোহন বেশে উদয় হচেন।

(রণধীর এবং চন্দ্রিকার প্রবেশ।)

চন্দ্রিকা।—সথি! এ কি । তুমি কি কাঁদছিলে? প্রেম-কাননে প্রবেশ না কোরতে কোরতেই এত, না জানি এর পর বিছেদ কণ্টকে বিদ্ধাহলে কি হবে।

রণধীর।—বিচ্ছেদকে কণ্টক বোলনা। বিচ্ছেদই প্রেমের স্থাব মূল। বিচ্ছেদ ব্যতীত প্রেমের মান বুদ্ধি হয় না, ভালবাসা সঞ্জীব থাকে না। অন্ধকার যেমন তপনের মান প্রকাশক, বিচ্ছেদ দেইমত প্রেমের মহিমা বাডায়।

চন্দ্রিকা।—দে সব কথা আর আমাদের বুঝালে কি হবে? সথি! নাও, তোমার মনচোরকে নাও, প্রণয়-কাননে প্রবেশ কোরে মনের আশা মিটাও।

(সহচরীগণের গীত ও নৃষ্ঠ্য।) রাগিণী জংলা আড়ানা—তাল থেমটা।

বিমল নব ঘনে নির্থি নব নলিনী নব তপনে, বিকাশিয়ে স্থামাখা আনন হাদিল প্রমোদ মনে। সাধের প্রেম পবন-হিল্লোলে,
মৃত্রল মৃত্রল মরি কি দোলে,
স্থাবেশে পড়িছে চলে,
দেখিয়ে দথি ! জুড়া জীবনে।
উভয়ে উভয়ে চায়, আমরি কি শোভা পায়,
স্থ্য-সৌরভে আকুল হুজনেঃ—
সাধের মিলন সলিলে ভাসি,
বিষম বিরহ-বিকার নাশি,
অনুপম রূপ প্রকাশি,
বাঁধিছে চারু প্রেম বন্ধনে।

[রণধীর এবং স্থরস্করী ব্যতীত সকলের প্রস্থান।

স্থ্যস্থান । —বীরবর ! তপন দেব, ভূবনে যে কিরণ বিতরণ করেন, তা আর পুনার্ত্রহণ করেন না। আপানি আমায় আশা দিয়ে, আপানিই আবার দে আশা হরণ করায় বড়ই ছুঃখিত ছিলেম। পুক্ষের লীলাই কি এইরূপ ?

রণধীর।—সুন্দরি! আমার জন্ম সমগ্র পুরুষজাতিকে (জুষ েবেন না। আপনারে কারাগার হতে উদ্ধার কোরতে পারি নাই বলে, আমি যে কি পর্যান্ত ছুঃখিত ও লজ্জিত, তা আপনি সহ-জেই বুঝতে পারেন। আমি দে দিন জীবন পর্যান্ত ও পণ কোরতে প্রস্তুত ছিলেম, কিন্তু কি অবস্থায় পতিত হয়ে, প্রতিজ্ঞা সকল কোরতে পারি নাই, তাওত আপনি জানেন।

স্থরস্থনদরী।—তা জানি, কিন্তু এতদিন যে আপনি দাসীরে বিশ্বতি-দলিলে নিকেপ করেছিলেন, ইছাই আমার পরম হুঃখ। রণধীর।—লোকে মনে করে, বর্ষা ভিন্ন অন্ত ঋতুতে জলদ, সোদামিনীকে পরিহার করে, কিন্তু বাস্তবিক তা নয়। বর্ষাকালে নীরদ, চপলাকে অন্তরে রাখে, অন্ত ঋতুতে অন্তরে গোঁথে রাখে। সেইমত আপনি জানবেন, এ হৃদয়পটে আপনার ঐ স্থাময়ী মূর্ত্তি দৃঢ়রপেই অঙ্কিত।

স্থুরস্থানর ।— ঠিক কথা, পুরুষদের মত ভোষামোদকারী জগতে নাই।

রণধীর।—কিন্তু রমণীকুল যদি এত তোবামোদের অধীন না হত, তাহলে পুক্ষদের এ ছুর্ণাম বহন ক্রিটিই হত না। যাহক, আপনার প্রিয়সখী চন্দ্রিকাকে ষত্যবাদ। তিনি যে উপায়ে গুপ্তদার দিয়ে আজ আমারে এখানে এনেছেন, তাতে তাঁকে বিশেষ বৃদ্ধিমতী বলতে হবে। আপনার ভাগ্য স্থপ্রসন্ধ, পাপাত্ম। ভীত্মাচার্য্য বন্দী, এখন অনুমতি হয়ত আজই আপনারে এ কারাগার হতে মুক্ত করি।

(ভীম্বাচার্য্য এবং তিন জন প্রহরীর প্রবেশ।)

ভীষা।—রণধীর ! তুই জানিস, ভগবতী দাক্ষায়ণীর কল্যাণে ভীষাচার্য্য কখনই শক্র-করে বন্দী থাকে না। ! কিন্তু আজ আর তোর নিস্তার নাই। তুই কোন্ সাহসে আবার শৃগাল হয়ে, সিংহ-বিবরে এসেছিস ? মনে বড় আশা, ভীষাচার্য্য বন্দী, স্থরস্থন্দরীকে উদ্ধার কোরে বাহাছুরী নিবি। এ জগতে আজ ভোর সকল বাহাছুরীই শেষ হবে। প্রহরীগণ! ভোরা কি আমার বেতনভোগী নস ? কোন্ সাহসে এ পাণিষ্ঠকে আমার অবর্ত্তমানে আবাসে প্রবেশ কোরতে দিলি ?

প্রথম-প্রহরী।—আমরা সকলেই নিজ নিজ দ্বার রক্ষা কোচিচ,

এ কিরুপে এখানে প্রবেশ কোরলে ধর্মের দিব্য আমরা জানি না। ভীষা।—আচ্ছা, নে, পাপিচেঠর প্রাণ নে।

রণধীর।—পাষও! আজ ভোর সহত্র প্রহরী এলেও নিস্তার নাই। ভোর মুগুপাত কোরে স্করমুন্দরীকে উদ্ধার কোরবই কোরব।

ভীষা।—আগে আত্ম-মন্তক রক্ষা কর, পরে যা মনে আছে কোরবি। (প্রছরীদিগের প্রতি) ভোরা এখনও কেন ছুরাচারের মুণ্ড ছেদন কোচ্চিদ না? যে এর মুণ্ডপাত কোরতে পারবে, আমি ভারে সহস্র মুদ্রা পারিভোষিক দেব।

রণধীর।—দেখ্, ভোদের যদি প্রাণের ভয় থাকে, দরে যা,
নইলে রণধীরের নিকট আজ ভোদের নিস্তার নাই।

(তিনজন প্রহরীর সহিত রণধীরের যুদ্ধ।)

ভীষ্ম।—পাপিনি! আয় তোরে পাধাণ-প্রতিমার নিকট বলি দিইগে। (স্থ্রস্কুন্দরীর কেশাকর্ষণ)

স্থ্রস্থানরী।—পাপাত্মা! ছাড়, ছাড়, ও পাপকরে স্পার্শ করিসনে।

[স্থরস্থন্দরীকে লইয়া ভীষ্মাচার্য্যের প্রস্থান এবং স্বর্ণবর্ম্মারত বীরের প্রবেশ।

বর্দ্মারত বীর।—ক্ষান্ত হও, ক্ষান্ত হও। প্রা-প্রহরী।—কে তুমি ?

বীর।—আমি থেই হই না কেন, ডোমরা যুদ্ধে কাস্ত হও। তোমরা তিনজন, ইনি একক, এরপ যুদ্ধ নিতান্ত অন্তার। ছি-প্রহরী।—ভোমার কাছে প্রামর্শ চাই না। বীর।—বটে, (রণধীরের প্রতি) আস্থন, দেখি আমরা ত্রজনে
তিনটা মুখিক বধ কোরতে পারি কি না।

(সকলের যুদ্ধ এবং প্রহ্রীত্রয়ের একে একে পতন ও মৃত্যু ।)

রণধীর।—আপনি দেই গভীর রজনীতে দেই গহনবনে একবার আমার জীবনদান কোরেছিলেন, আর আজ আবার এই কালের কবল হতে আমারে উদ্ধার কোরলেন। শত জন্মেও আমি আপনার এ ঋণ পরিশোধ কোরতে পারব না।

বীর।—মহাশয়! সে দব কথা পারে হবে, এখন এ ছান হতে প্রস্থান করি চলুন। আবার অতিরিক্ত প্রহরী এলে বিপদ

রণহীর।—আপনি জীবনরক্ষক, আপনার আজ্ঞাই শিরো-ধার্যা।

[উভয়ের প্রস্থান।

ত্রোদশ দৃশ্য।



কাশ্মীর-বীরাঙ্গনগর-পার্যস্থ ভূধর-শিখর।

(রণধীর সিংহ এবং বর্মারত বীরের প্রবেশ।)

রণধীর।—যে উদ্দেশে আপনার আগমন তা সকল হয়েছে কি ?

বর্মারত বীর।—অনেকটা হয়েছে বটে। একটা কথা জিজ্ঞাসা করি, আপনি ভীম্মাচার্য্যের আবাসে গিছলেন কেন?

রণধীর।--দানবের পাপ হস্ত হতে পারিজাত উদ্ধার জন্ম।

বীর।—পারিজাতটি কে ?

त्रवशैत ।--- खूत्र खुन्मती ।

वीत ।—सूतस्रमती (क ? हिट्ड भातत्वम ना।

রণরীর।—ভারতবিদিতা রূপবতী স্থ্রস্থন্দরীকে আপনি চিনেন না?

বীর।—আপনি কি তার প্রেমে মুশ্ধ ?

त्रवीत ।-- मण्ये न नग्र।

বীর।—অর্দ্ধেক ? হতে পারে, পুক্ষের মন এক রমণীর প্রতি সমান থাকে না।

त्रनशैत । - आश्रिन कि श्रृंक्य नन ?

বীর।—না, তাবলছি না। স্থরস্থারীর নিকট মন বিক্রেয় করেছেন কি ? রণধীর।—না, আমার একটি মন কয় জনকে দেব ?

বার।—তবে আরও আছে না কি ? ব্রজন্নাল ঞ্জীরুঞ্চের স্থায় আপনিও কি প্রেমের ফাঁদ পেতেছেন ?

রণধীর।—আমি প্রেমের ফাঁদ পাতি নাই, কুরক্ষিণীরা আপ-নারাই সাধ করে ফাঁদে পতিত হচেচ।

বীর।—আপনি ভাগ্যবান পুরুষ। কয়টি কুয়ঙ্গণী আপ-নার প্রেমজালে পড়েছে ?

রণধীর।—আর তিনটি।

বীর।—আরও তিনটি! আশ্চর্য্য নয়, আপনার এ অনঙ্গনোছন রূপ দেখে আমি পুক্ষ, আমারই মন মুগ্ধ হয়, তা রমণী। আপনি কারে ভালবাদেন?

রণধীর।—তাইত স্থির হচেচ না। প্রথম প্রেতপ্রতা—তাঁর বিচিত্র সোনদর্য্য শারণ হলে অন্য কাহাকেই হ্রদয়ে স্থান দিতে ইচ্ছা হয় না।

वीत ।—स्रुतश्चन्मतीत कि त्रिनमर्या जूरन नाइ ?

রণধীর।—আছে, কিন্তু প্রেতপ্রতার গুণ অধিক। তার নয়ন মুগল যেন অমিয়মাধা।

বীর।—আর ?

রণধীর।—প্রেতপ্রভার সংহাদরা স্থরপ্রভা। জগতে এতদিন আমি ছুইটি মনুষ্যের অবিকল মূর্ত্তি দেখি নাই, আপনিও দেখেন নাই, কিন্তু বিদি, প্রেতপ্রভা ও স্থরপ্রভার স্ফি কোরে লোককে তা দেখাচ্চেন। উভরের রূপে গুণে আরুতি অঙ্গে কিছুমাত্র বিভেদ নাই।

বীর।—বলেন কি ? এ যে অতি বিচিত্র!
রণধীর।—সত্য বলছি, প্রাডেদের মধ্যে সুরপ্রভার কেশজাল

নীবিড় রুঞ্চ নীরদরাজির স্থায়, আর প্রেতপ্রভার কেশ নবোদিত প্রভাকরের স্থায় আরক্তিম।

বীর।—তাইত, স্থরপ্রতা আর প্রেতপ্রতা জগতের মধ্যে অনুপ। আর কে আপনার মন মুগ্ধ কোরেছে ?

রণদীর।—অনুপলাবণ্যতী অতুলনা ললনা অনুপকুমারী।
অনুপকুমারীর দকলই অনুপ। আকর্ণবিক্ষারিত লোচন যেন
দরলতাপূর্ণ, মুখখানি যেন প্রেমভরা, রূপরাশি যেন অক্লব্রিম প্রেমের
জ্যোতিঃ। তারে ভুলতে পারি নাই। এ জন্মে পারবও না।

বীর।—আপনি তোরে ভালবাদেন ?

রণণীর।—হাদয়ে হাদয়ে ঘাত প্রতিঘাত না হলে ভালবাস। রূপ বিহুতে দৃষ্ট হয় না। আমি তারে ভালবাসি, সে বাসে কি না জানি না।

বীর।—যদি সে ভালবাসে ? রণধীর।—জীবন স্বার্থক জ্ঞান করি।

রণগার।—জাবন স্বাথিক জ্ঞান কার।

বীর।—যদি সে আজ এসে হৃদয় দান কোর্ত্তে চায় १

রণণীর।—মনে করি পুনর্জীবন প্রাপ্ত হলেম।

বীর।—তবে মনে কৰুন, আমিই সেই অনুপ্রুমারী।

রণধীর।—আপনি উপহাস কোচ্চেন বটে, কিন্তু বদি আপনি বর্ম্ম পরিধান না কোরতেন, বদন কমলে ক্লফ্স ভ্রমরের স্থায় নবীন। গোঁপ-রেশা না হত, তাহলে আপনাকে অনুপকারী বলে ভ্রম হত।

ৰীর।—আপনি কি বিরহবিকারের প্রলাপ দেখছেন ।
রপধীর।—আপনার স্বরও যেন ঠিক অনুপকুমারীর মত।
বীর।—ভাইত, আপনি যে ক্ষেপে উঠলেন দেখছি। যদি

আবার সত্য সত্যই আমাকে অনুপকুমারী ভেবে আলিঙ্কন কোরতে

আদেন তাহলেই প্রভুল ! প্রেমের এমনি মহিনাই বটে। আপনার দক্ষে মিত্রতাপ্তত্তে আবদ্ধ হয়েছি, আস্থান উভরের অস্থুরী বিনিময় কোরে মিত্রভাবস্কন দৃচ করি। আর আপনিও না হয়, ভারুন যে, অনুপ্রুমারীর সহিভ প্রেমের বিনিময় কোচেনে। (উভয়ের অঙ্কুরী বিনিময়।)

রণদীর।—আপনি ছুইবার কালের করাল কবল হতে আমার জীবন রক্ষা করেছেন, আপনার ঋণ আমি এ জন্মে পরিশোধ কোরতে পারব না।

বীর।—বাহক ভাই! আমরা যে মিত্রতাহতে বন্ধ হলেম, বেন আবার প্রেতপ্রভা, স্থরপ্রভা প্রস্তৃতি আপনার প্রেমভিধারিশীরে তাড়নায় ছিন্ন না হয়। বিরহ্বিকারে আপনি আকুল হয়েছন, মনে করুন, আপনার চারিজন প্রেমভিধারিশীর জন্য একজনই বেন প্রার্থনা কচ্চে,—

গীত।

রাণিণী খ্রাম—তাল একতালা।
মনে রেখো নাথ! মিনতি চরণে।
বিকায়েছি মন, প্রাণ, এ যোবনে।
নানা ফুলে রঙ্গ, কর তুমি ভঙ্গ!
যেন হুথ-ভঙ্গ, ঘটে না জীবনে।
হেরি রূপরাশি, হুখ-নীরে ভাসি,
প্রণয় প্রয়াসী, নব রসময় হেঃ—
ও চরণে স্থান, চাহি তাই প্রাণ,
রেখো প্রেম-মান, প্রম যতনে।

রণধীর।—আপনি যেমন বীর, তেমনি রূপবান, রসিক, এবং আপনার স্বরও সেইমত কমনীয়।

বীর।—আপনার মনকে শাস্ত করবার জন্মই যা জানি তাই গাইলেম।—আপনি এ কাশ্মীরে আর কদিন থাকবেন ?

রণধীর।—শিধরাজ কাশ্মীর জয় সমাধা কোরলেই তাঁর সঙ্গে লাহোরে যাব।

বীর।—তবে আপনার সঙ্গে এখন আরও দেখা হবার সম্ভাবনা। এখন চলুন যাই।

িউভয়ের প্রস্থান।

ठकुर्मन पृना ।

কাশ্মীর-বীরাঙ্গনগর-বিচিত্রত্বর্গ-সন্নিহিত শিথ-শিবির।

(রণজিৎ সিংহের প্রবেশ।)

রণজিং।—(স্থাণত) যে রণজিং এই অসি-বলে সমগ্র পঞ্চনদ রাজ্য একছত্র করেছে, যে রণজিং রাজনীতি-কৌশলে তুর্দান্ত শিখ সরদার দিগকে পদতলে দলন কোচেচ, যে রণজিং চতুরচুড়ামণি ইংরাজ জাতিকে ক্রকেপ করে না, আজ সামান্ত মলহর সিংছ সেই রণজিতের প্রতিদ্বন্দি! কি বিজাট! সত্য বটে মলহর, কারাগার হতে অপুর্ব্ব উপায়ে পলায়ন করে, আমার চক্ষে ধূলি

নিক্ষেপ করেছে, কিন্তু যদিও আমি তার প্রাণ দান কোরতেম, এখন আর তার নিস্তার নাই। এই অসি নিশ্চয়ই তার রক্তপান কোরবে। কাপুরুষ মলহর, আর কদিন বিচিত্রতুর্গ রক্ষা কোরবে ? ভারত মহাসাগরের প্রবল তরঙ্গ-মুখে কতদিন বালির বাঁধ থাকবে ? কাশ্মীরের সমগ্র হিন্দু উত্তেজিত, সকলেই স্বাধীনতা—জাতীয় স্বাধীনতা পুনঃ প্রাপ্তির জন্ম অসিহত্তে দণ্ডায়মান বটে, কিন্তু আমি বলছি, এ ভারতে হিন্দুর স্থাসূর্য্য চিরদিনের মত অন্তগত। যেদিন দেই কাগুগারের সমর-প্রাঙ্গণে আর্য্যকুলরাজ বীরবর পৃথীরাজ মহমাদ ঘোরীর হত্তে জীবন দিয়েছেন, সেই দিন হতেই হিল্পুজাতির স্বাধীনতা দীপ চিরদিনের জন্ম নির্ম্বাপিত হয়েছে। আর যবন ?— যে যবনের প্লাবনে ভারত ছার খার হয়েছে, যে যবনের বাহুবলে— অত্যাচারে ভারতের স্থধ-নিশী বিগত, এখন আর দে ববন নাই। এখন দে যবন অলম-বিলাদী। বিলাদিতাই স্বাধীনতার পরম শক্র। আমি আবার বলছি, হিল্কুর মুখমূর্য্য অন্তগত। রণজিতের এই অসি একদিকে কাবুল কান্দাহার, তিব্বত তাতার জয় কোরে শিখ-রাজ-পতাকা মুত্রলহিল্লোলে উভাবে, অক্সদিকে চতুরচ্ডামণি ইংরাজ জাতি ভারতের অবশিষ্টাংশ গ্রাস কোরবে। আর আশা নাই। যেখানে ধর্মবিচ্ছেদ দেখানেই অবনতি। ভারতে ষত্তদিন এক ধর্ম ছিল, ততদিন শাস্তি নৃত্য কোরেছে, এখন ভারতে নানা ধর্ম প্রভূত্ব কোচ্চে, নানা জাতি বিরাজ কোচ্চে, যত দিন না এই ধর্মবিচ্ছেদ বিদূরিত হবে, যত দিন না সকল জাতি এক হবে, ততদিন ভারতের মঙ্গল নাই। কিন্তু যতদিন রণজিৎ জীবিত থাকবে, ভতদিন কি হিল্ফু, কি যবন, কি ইংরাজ কোন্ জাভির সাধ্য রণজিং সিংহের কবল হতে এক খণ্ড রাজ্য গ্রাছণ করে ? (দেওয়ান চাঁদের প্রবেশ।)

त्रणिक ।- कि मश्याम ?

দেওরান চাঁদ।—বড় স্থ্রিধা নর। এ বিচিত্রহুর্গ অভেন্ত। ক্রমাগত ছুই দিন যাবত গোলা বর্ষণ করা যাচেচ, কিন্তু একস্থলও ভেদ করা গোল না।

রণজিৎ।—হুর্গে কত সৈত্য আছে বোগ হয় ?

দেওয়ান চাঁদ।—নিশ্চিত বলতে পারি না। শুনা যায় দশ সহস্রাধিক সৈত্য আছে।

রণজিৎ 1—কোপতি! মলহর, কয়দিন এই দশ সহস্র সৈন্ত লয়ে তুর্বে অবস্থান কোরবে ?

দেওয়ান চাঁদ।—এখন কি করা কর্ত্তব্য ?

রণজিৎ।—বেমন অবরোধ করে গোলা বর্ষণ কোচচ, ক্রমাগত তাই চলতে থাকুক। মলহর, কয়দিন আত্মমর্মপণ না কোরে হুর্গে থাকবে ? থাক্স ও বারুদ, গোলা, সকলই শীন্ত্র শেষ হবে। কাজেই তখন আত্মস্রপণ ব্যতীত আর অত্য উপায় নাই।

দেওয়ান চাঁদ।—কিন্তু যেরূপ দেখছি, তাতে এরা অনাহারে মরবে, তথাপি আত্মসমর্পন কোরবে না।

রণজিং।—ও তোমার বুঝবার অন্য। খাদ্য শেষ হলে দৈন্তোরা কখনই মলছরের আজ্ঞায় অনাহারে মরবে না। তারা তখন জীবন রক্ষার জন্ম অবশ্যাই বিনা বন্দোবস্তে তুর্গ দমর্পন কোরবে।

দেওয়ান চাঁদ।—যদি সন্ধি কোরতে প্রস্তুত হয় ?

রণজিৎ।—সন্ধি ?—সন্ধি কারে বলে ? কাশ্মীরের রাজধানী জয় করে আবার সন্ধি ? আমি কি সন্ধি করবার জন্মে এই দূরদেশে এসে কাশ্মীরকে নররক্তে প্লাবিত কোচিচ ? দিখিজয় যার বাসনা, সে কি সন্ধির নাম শুনে ? আর সন্ধি কোরবই বা কার সন্ধে ? মলহর, কি কাশ্মীরের অধিপতি ? ধনবান্ সরদার মাত্র, ভার সঙ্গে রণজিং সিংহ সন্ধি কোরবে ? তুমি বাও, বতক্ষণ না মলহর আত্মসমর্পণ করে, তভক্ষণ এক মুহূর্ত্ত যেন গোলাবর্ষণ নির্ত্তি না হয়।

দেওয়ানচাদ।—যথাজ্ঞা—

[দেওয়ান চাঁদের প্রস্থান!

রণজিং ।—(স্বগত) জগতে যে পুক্র, সাহস আর বীরত্বে ভূবিত, সে পুক্র যদি সেইমত রাজনীতিকুশলী হয়, তাহলে তার অসাধ্য জগতে কিছুই নাই। শুনেছি, চতুরচূড়ামণি ক্লাইব, এইমত ভাগ্যবান পুক্র ছিলেন। তিনি বিজাতীয় হলেও বীর বলে আমি তাঁরে সহস্রবার প্রণাম করি। রণজিং যদি ক্লাইবের মত আর একটি সহচর পায়, তা হলে দেখে,স—মগ্র ভারত দুরে থাক, সম্প্রেজগত জয় কোরতে পারে কি না।

(কুমার থড়গদিংহ এবং শেতপতাকাহতে জনৈক দতের প্রবেশ।)

খড়াসংহ।—বিচিত্রত্ব হতে মলহর সিংহের প্রেরিত এই দৃত উপস্থিত।

রণজিং।—শ্বেভপতাকা হত্তে দেখছি। সন্ধিপ্রার্থী ? খড্যাসিংহ।—আজ্ঞা হাঁ।

রণজিৎ।—দূত! তোমার প্রভুর কি অভিপ্রায়?

দূত।—সরদার মলহর সিংহ, যথাবিহিত অভিবাদন করে, এই প্রস্তাব উপস্থিত কোচেন যে, মহারাজ রণজিৎ সিংহ যুদ্ধ হতে কাস্ত হন। সরদার মলহর সিংহ, এই যুদ্ধের ব্যয় কারণ পঞ্চাশ লক্ষ মুদ্রা দান কোরতে প্রস্তুত, এবং প্রতি বৎসর রাজকর স্বরূপ বিংশতি খণ্ড উৎক্ষট কাশ্মীরী শাল এবং দশ লক্ষ মুদ্রা দান কোরতে বাসনা করেন। রণজিৎ।—রণজিৎ সিংছ এই প্রস্তাবের উত্তরে বলছে যে, কাশ্মীর-দুর্গে শিখরাজ-পতাকা চিরদিনের জন্ম উড্ডীয়মান কোর-তেই শিখদৈন্তদল এখানে উপস্থিত। সন্ধিবন্ধন করা প্রার্থনীয় নয়।

দূ হ। — সরদার মলহর সিংহ এ প্রশ্নের এই উত্তর দান কোচেন যে, শিখরাজ যদি সদ্ধি বন্ধন কোরতে অস্বীকৃত হন, ভাহলে তাঁর কাশ্মীর শাসন করা ত্রুরহ হবে। কাশ্মীরের প্রত্যেক হিন্দু, সময়ে অবশ্যাই আবার অসি ধারণ করে শিথরাজকে উচিত শিক্ষা দেবে।

রণজিং।—রণজিং সিংছ এ উত্তর প্রবণে ভীত নয়। কাশ্মীরের সমস্ত হিন্দু ষড়যন্ত্র কোরে রণজিতের বিফদ্ধে অসি ধারণ
কোরেছিল, তারা এখন কোধায় ? তোমার প্রভুকে বোলো
স্বাধীনতার নামে সকল জাতিই সহজে উত্তেজিত হয় বটে, কিন্তু
জগদীশ্বর যাদের পদে পরাধীনতা-শৃঞ্জল দিয়েছেন, তারা সহস্র চেষ্টা
কোরলেও অসময়ে স্বাধীনতা উপার্জন কোরতে পারবে না।
রণজিং, যতদিন জীবিত পাকবে, ততদিন মলহর সিংছ,
সহস্রবার চেষ্টা কোরলেও জাতীয়-স্বাধীনতা উদ্ধার কোরতে

দৃত। — সরদার মলছর সিংহ, এ কথার এই উত্তর দেন যে, যদি শিখরাজ সহজে সদ্ধি কোরতে প্রস্তুত না হন, তাহলে তিনি যেন ভাবেন না যে, বিচিত্রহুর্গ তাঁর হস্তগত হবে। একণে আমি্ বিদার হই।

[দূতের প্রস্থান।

খজাসিংহ।—চর-মুখে ওনলেম, জীনগরের কতক অধিবাসী

না কি পলারিত সৈত্য সংগ্রহ করে আমাদের পশ্চান্তাগ আক্র-মণ কোরতে বাসনা কোরেছে।

রণজিং।—যে রাজ্যের প্রজারা স্বাধীনতার জন্ম উদ্দীপ্ত, তাদের সহজে বশ করা যায় না। তুমি এই দণ্ডেই দশ সহজ্র দৈন্য লয়ে শ্রীনগর অভিমুখে যাও। রাজধানীতে গিয়ে ঘোষণা করে দাওগে যে, যে প্রজা শিখ-দৈন্তের বিরুদ্ধে অদি ধারণ কোরবে, যুদ্ধ দমাপ্তির পর ভার বংশের একজনও জীবিত থাকবে না।

খড়না দিংহ।-- गথাজ্ঞ।

[খড়গ সিংহের প্রস্থান।

রণজিং।—(স্বগত) কাশ্মীরবাদী হিন্দুরা স্বাধীনতার নামে পাগল। কিন্তু কি আশ্চর্য্য! এরা ভাবে না যে, এরপ অবস্থায় স্বাধীনতা অর্জন ছুরহ। যথন প্রত্যেক অধিবাদীর শিরায় শিরায় স্বাধীনতার আশা প্রবাহিত হবে, যথন প্রাণকে অসার ভেবে জন্মভূমির জন্ম বলি দিতে উপ্তত হবে, যথন কণজন্মা বীরবুনেদ জন্মভূমি ভূষিত হবে, তথন একদিন এ আশা সফল হতে পারে। নচেং দেহে বল নাই, সমাজে ঐক্যতা নাই, গৃহে অন্ন নাই, দাসত্ব যথন সার, তথন সে জাতির আরও শত বংসর অপেক্ষা করা কর্ববা।

(স্বর্ণবর্মারত বীরকে লইয়া ছুইজন দৈনিকের প্রবেশ।)

প্রথম-দৈনিক।—এই অস্ত্রধারী, প্রধান দেনাপতির বস্ত্রাবাদের পশ্চাতে এক বৃক্ষতলে গুপ্তভাবে অবস্থান কোচ্ছিল। মহারাজের নিকট বিচারার্থ আনয়ন কোল্লেম।

রণজিৎ ৷—ভুমি কে ?

বীর।—সত্য কথা বোললেও আপনি আমারে শত্রুপকীর ভাববেন।

রণজিং।—বুঝেছি, তুমি একজন বড় চতুর লোক। তোমার অঙ্গ বর্মাবৃত, সঙ্গে অস্ত্র, তুমি শত্রুপক্ষের চর নওত কি ? কেন তুমি শিবিরের পার্যে অবস্থান কোচ্ছিলে ? তোমার উদ্দেশ্য কি ?

বীর।—আমার কোন উদ্দেশ্যই নাই। আমি বৃক্ষতলে বসে বিশ্রাম কোভিলেম মাত্র।

রণজিৎ।—যদি প্রাণের আশা রাখ, সত্য বল, নচেৎ সামরিক বিচারে ভোমার কি দণ্ড দেওয়া উচিত তা জান ?

বীর।—আমি এ জন্মে একবারও সামরিক বিচারে দণ্ড পাই
নাই। সামরিক বিচারালয় যে আছে, তাও জানি না।

রণজিৎ।—আমার নিকট ছলনা ? তুই শত্রুপক্ষের গুপ্ত চর, ভোর প্রাণ দণ্ড বিহিত।

বীর।—সভ্য বলছি, আপনার শত্রুপক্ষের সহিত আমার কোন সংস্থাব নাই।

রণজিৎ।—আবার মিধ্যা কথা। তোর আর নিস্তার নাই। বল তুই কে ?

বীর।—আমি শ্রীনগর হতে আসছি, যুদ্ধ সম্বন্ধে আমি কিছুই জানি না।

রণজিৎ।—ভবে রে পাপাত্মা! (কাটিভে উদ্ভভ)

বীর।—মহারাজ! কাটবেন না, কাটবেন না, বলছি, বলছি। রণজিৎ।—বল, তুই কে ?

বীর।—(ক্লত্রিম গোঁপ এবং উষ্ণীষ নিক্ষেপ) মছারাজ ! দেখুন আমি কে।

রণজিং।—একি! তুমি রমণী! বালিকা! তুমি এ বীর-

বেশে ভূষিতা কেন? শান্তি সতার এ বিদ্রোহ ভূষণ কেন? বীর।—(নিজ বক্ষস্থা হইতে স্বর্গকোটা বাহির করিয়া রণ-জিতের হস্তে প্রাণান।) মহারাজ! এই নিন, জানুন আমি কে।

রণজিং।—(কেটি খুলিয়া কেশ ও অঙ্কুরী দর্শনে স্থগত)
একি ! হা! বিবাহ-রজনীতে প্রাণেশ্বরী হিন্দণকুদারীর অঙ্কুলীতে যে এ অঙ্কুরী দিয়েছিলেম ! আজি পঞ্চদশ বর্ষ হল সে
প্রাণময়ীর কোন সংবাদ নাই ! ওঃ ! প্রিয়া এ জগতে নাই।
উঃ ! হৃদয়ের নির্বাণিত শোকানল আবার জ্বলে উঠল।

বীর।—(স্থাত) একি? শিখরাজ এমন বিমর্ষ হলেন কেন? এত বীরত্ব, এত উত্তেজনা, এত ভীতি প্রদর্শন, এক সাঘাত্য অঙ্কুরী আর কেশ গুড়ুছ দর্শনে দূর হল। কি বিচিত্র! আমিত কিছুই বুঝতে পাজি না। বীরের হুদর পাষাণে গাঁখা। যাঁদের নিজের প্রাণের প্রতি মমতা নাই, সহস্র সহস্র লোকের প্রাণ বাঁরা হাস্তাবদনে হরণ করেন, তাঁদের সেই হ্রদরকে ভিন্নভাবে পরিণত করে, জগতে এমন কি পদার্থ আছে?

রণজিৎ।—তুমি এ অঙ্গুরী আর কেশ কোথার পেলে ? বীর।—বিচিত্রনিবাদের এক ব্লব্ধ ভূত্য ধরম সিংহ আগায় দিয়েছে।

রণজিৎ।—ধরম দিংহ ?–এখনও দে জীবিত আছে ? বীর।—আজ্ঞা হাঁ।

রণজিৎ।—তুমি কে ?

বীর।—শ্রম দিংছ বলেছে যে, এই অঙ্গুরী ও কেশ যার, আমি তাঁর অভাগিনী তনরা। আমার নাম অনুপকুমারী।

রণজিও।— জঁঁা! তুমি তাঁর অভাগিনী তনরা। (দুরে অসি নিক্ষেপ পূর্বক স্থাত) ওঃ! আজ কি পাণ-পক্টেই লিপ্ত ছচ্ছিলেম। নিজ হস্তে নিজ তনয়ার প্রাণবধ! বংসে! অনুপকুমারী! তুমি অভাগিনী নও, আমিই অভাগা—আমিই ভোমার
পাপিষ্ঠ পিতা—

অনুপকুমারী।—(রোদন স্বরে) পিতা!—পিতা!—পিতা! আমার মা কোথার?

রণজ্বিং।—(স্বগত) যে কাষ্ঠ খণ্ড একবার প্রজ্জুলিত হয়ে নির্বাপিত হয়েছে, সে কার্চ-মুখে অগ্নি-কণা পতিত হবা মাত্রেই দ্বিগুণ প্রজ্ঞলিত হয়। আজ আমার শোকানল-দক্ষ হৃদয়ের দশাও সেইমত। প্রিয়তমা হিঙ্গণকুমারির শোকে হাদয় এক সময়ে প্রজ্ঞালত হয়ে জীবনকে আকুল করেছিল, সময়ের গতিতে সে কাতরতা নিবারিত হয়, আজু আবার সেই যাতনা—সেই ভীম বজ্রাঘাত পুনঃ পতিত হল! হিন্দণকুমারী যে নাই, বোধ হয় অনুপ তা এখনও জানতে পারে নাই, এখন এরে দেকথা বলা উচিত নয়। কিন্তু আমি আর স্থির থাকতে পাচিচ না। সহস্র বৃশ্চিক যেন আমার স্বদয়কে দংশন কোচেচ। উঃ! কি যাতনা! (প্রকাশ্যে) অনুপ! উতলা হয়োনা, অচিরে বিচিত্রনিবাস জয় হলে বৃদ্ধ ধরম সিংহের নিকট সমস্ত বিষয় জানতে পারবে। এখন চল, তোমার বৈমা-ত্তেয় ভ্রাতা খড়ন সিংহের সহিত তোমার সাক্ষাৎ করিয়ে দিইগে। আজ আমার পরম দৌভাগ্য যে তোমার স্থায় হারানিধিকে প্রাপ্ত হলেম। আমি বীর, কিন্তু কাশ্মীর বিজয়ে আমি যতদুর না আনন্দিত হয়েছি, তোমারে প্রাপ্ত হয়ে তার সহস্রাংশে প্রমোদ-পারিজাত-সৌরতে পুলকিত হলেম। তোমার এ নিক্ষ-লক্ষ মুখচন্দ্র যে দেখতে পাব, এ জীবনে আমার এ আশা ছিল না।

িউভয়ের প্রস্থান।

অঞ্চদল দুলা।



কাশীর—বীরাঙ্গনগর—শিথ-শিবির-সন্নিহিত কুঞ্জবন। (অনুপকুমারীর প্রবেশ।

অমুপকুমারী।—(স্বগত) ভালবাদা ভাল কে বলে ? ভাল-বাদার যত জ্বালা, জগতে এমন জ্বালা আর কিছুতেই নেই। আমি ছিলেম অনাথিনী-ক্রমক-বালা, এখন শিখরাজ-নন্দিনী! বলতে পার, এমন সেভাগ্য পরিবর্ত্তনে আবার হুংখ কিসের ? কিন্তু আমার ছুঃখ কে বুঝাবে ? আমি বনে বনে বেডাতেম, বন-ফল খেতেম, বন ফুলের হার গেঁথে পরতেম, বন লভার বিবাহ দিয়ে কাল কাটাতেম, মনে কোন জ্বালাই ছিল না, কিন্তু যে দিন (হা! যে দিন স্মরণ হলে এখনও হৃদয় নুত্য করে!) যে দিন সেই গভীর রজনীতে গহন কাননে বীরবর রণধীর আমায় দম্বাহস্ত হতে উদ্ধার করেন, দেই দিন—দেই মুহ্ত্ত হতেই আমার শূন্য স্থদয়ে যেন পাষাণভার পতিত হয়। রণধীর—আমার রণধীর সেই মোহন বেশে—সেই হেসে হেসে যথন আমায় অভয় দেন, তথনই যেন কে আমার হানয়ে সেই পাষাণভার অর্পণ করে। সে ভালবাসা-পাষাণ-ভার আর নড়ে না, কিন্তু আমার প্রাণ মে যায়। হা! সেই রণ্ধীর, ষখন সেই পর্বকৃতীর হতে বিদায় হন, সেই স্বর্গীয়রূপে यन युक्ष कटत थीरत थीरत भयन करतन, माहे निन, हाः! मि निन कि আর আসেবে ? রণধীর যতই ধীরে ধীরে নয়নের অন্তর হলেন, ততই যেন সেই ভালবাসা পাষাণ আমার অস্তুরে অস্তুরে বদ্ধ হল।

রণধীর—'সেই রণধীর, এখন কার ? আমার ?—না—বীরবেশে পরীক্ষা কোরেও দেখলেম, রণধীর কেবল আমার নন, রণধীর পরের। রণধীরকে কি পাব না ? যদি না পাই, তবে কেন সে রণধীর, আমার সরল মনে এ ভালবাসা অক্কিত কোরলেন ? ভালবাসার এই দশা জানলে কখনই রণধীরকে অমৃত্যয় ভেবে, মনে মনে বরণ কোরতেম না।

গীত।

রাগিণী কোকভ—তাল আড়াঠেকা।

স্থথ-সাধ তরী,

ডুবিল কি করি!
ভালবেসে পরে, দহিল অন্তরে,
বিরহ-বিকারে, বুঝি প্রাণে মরি।
ভাবিনে কখন, পুরুষ এমন,
করে জ্বালাতন, অবলা বালারে ঃ—
ভালবাসা ভাল, হল বুঝি কাল,
অকালে শুকাল, প্রণয়-বল্লরী!

(রণধীর সিংহের প্রবেশ।)

রণনীর।—(স্থণত) একি ! এবে সেই প্রাণপ্রতিমা অনুপ কুমারী ! আমি মনে করেছিলেম প্রেতপ্রতা। আহা ! স্থাগীররূপে কানন কি জুলস্কু জ্যোতিই বিকাশ কোচেচ। (প্রকাশ্যে) সুক্ষরি ! আপনি যে এখানে ?

জনুপকুমারী।—জাপনার অন্নেষণে। রণ্ধীর।—জামার কি এমন সোভাগ্য হবে যে, আপনার স্থায় স্বর্গীয়রূপ ভূষণে ভূষিতা রমণীরত্ব, আমার স্থায় হতভাগ্যের অন্থে-ষণে প্রারুত্ত হবেন ?

অনুপকুমারী।—বীরবর! জগতে এমন কোন ভাষা নাই, এবং সে ভাষার এমন কোন শব্দ নাই, যাতে আমার মনের ভাব আপনারে জ্ঞাত করি। আমি ক্লমক-বালা, আপনি সম্ভাস্ত বীর, আপনার ওরপ বাক্য প্রয়োগ আমার পক্ষে লক্জাকর। যাহক, আপনি এভদিন বােধ হয় প্রমানন্দে ছিলেন।

রণধীর।—স্থন্দরি! আনন্দ যে জগতে আছে, তা এখনও জানতে পারি নাই। এতদিন কেবল আপনার এই অমিয়মাখা ক্রপরাশি ধ্যান কোরেই জীবিত ছিলেম।

অনুপকুমারী।—ভারতবিদিতা রূপবতী স্থরস্থন্দরী কি আপ-নার নবীন জীবনে নবীন স্থখ দান করে নাই ?

রণধীর।—স্থরস্থন্দরী—স্থরস্থন্দরী—হাঁ, তাঁরে কারাগার হতে উদ্ধার কোরতে চেউ। করেছিলেম বটে, কিন্তু—কিন্তু—

অনুপকুমারী।—আর প্রেতপ্রতা ? গুণবতী প্রেতপ্রতার অনুপ রূণজ্যোতিতে আপনার নয়ন কি প্রতাহীন হর নাই ?

রণদীর।—প্রেতপ্রভা, বটে তাঁরে এই শিখরাজের শিবিরে দেখেছি। কিয়

অনুপকুষারী।—আর স্থরপ্রভা ? সে কি আপনার স্থানরকে বিচলিত করে নাই।

রণধীর ৷—(স্বগত) তাইত, এদকল বৃত্তান্ত অনুপ জানলেন কি করে ?

अनुशक्षाती ।—वीत्रवतः ! नीतरव रित्रालन एवं १

রণধীর।—সুন্দরি! আমি এই অসি স্পর্শ কোরে বলছি, আমার মন কখনই আপনাকে ক্ষণমাত্র বিস্মৃত হর নাই। শরতের নাল নৈশাকাশে উজ্জ্বল তারকাবলি নয়নকে আকর্ষণ করে বটে, কিন্তু সিত চন্দ্রিক। উদয় হলে আর সে তারকার প্রতি নয়নের দৃষ্টি পতিত হয় না। একটি কথা জিজ্ঞাসা করি, আপনি এ সমস্ত বিষয় কিরপে জানলেন ?

অনুপকুমারী।—ভাগ্যবলেই আপনার সঙ্গে সঙ্গে ছিলেম।
রণবার।—(স্থগত) এ কি কথা? আমার সঙ্গে সঙ্গেদ?
কিছুইত বুঝতে পাচ্চি না। (প্রকাশ্যে) স্থন্দরি! উপহাস
কোচেন?

অনুপকুমারী।—উপহাস নয়। মনে পড়ে—সেই গহন বনে আপনি ধরাসনে পতিত? সেই প্রেমের জন্মে জীবন দানে উদ্ভত হয়েছিলেন ? মনে পড়ে—সেই ভীত্মাচার্য্যের আবাসে স্থরস্থন্দরীকে উদ্ধারের জন্মে গমন কোরেছিলেন? সেই প্রহরীদের সঙ্গে যুদ্ধ? মনে পড়ে—সেই ভূধরশিখরে ছুই বীরের আলাপ ?—সেই অঙ্কুরী পরিবর্ত্তন?—সেই হৃদয়ের কথা?

রণদীর।—(স্বগত) ভাইত, কিছুই যে অজ্ঞাত নাই। অঙ্কুরী পরিবর্ত্তনের কথা জানলেন কি করে ? সেই বীরবর কি অনুপকুমারীর হানরের ধন ? তিনিই কি এ সব কথা বলেছেন ? না, এই যে, আমার সেই অঙ্কুরী অনুপের চম্পকাঙ্কুলীতে রয়েছে! আমার অনুমান সত্য হল না কি ? সেই বর্মারত বীর যখন হেসে হেসে আলাপ করেন, তখনই আমি বলেছিলেম যে, আপনার স্বর সেই অনুপকুমারীর মত। ইনিই কি সেই বীর ? (প্রকাশ্যে) স্থন্দরি! দেখছি আপনার অজ্ঞাত কিছুই নাই। আপনিই কি বীরবেশে এ দাসকে বার বার ছুইবার মৃত্যু-মুখ হতে উদ্ধার করেন ? অনুপকুমারী।—উদ্ধার কোরেছি বটে, কিন্তু আপন ভেবেই উদ্ধার কোরেছিলেম, এখন জেনেছি যে, আপনি পরের প্রাণ।

রণধীর।— আমি এই অদি স্পর্ণ কোরে পুনরায় বলছি যে, যদিও আমি অন্ত রমনীর জন্ম প্রাণ পর্যান্ত প্রদান কোরতে উদ্ভাত হয়েছিলেম, কিন্তু তথাপি আপনার ঐ সহাস আনন এক মুহূর্ত্তের জন্মও ভুলতে পারি নাই। আপনিত বীরবেশে জানতে পেরেছেন যে, আপনার জন্ম আমার হৃদয় কাতর কি না? আপনি আমার জীবন রক্ষক, আপনার ঝণ আমি সহস্র জন্মেও পরিশোধ কোরতে পারব না। এই অসি আপনার চরণে অর্পণ কোরলেম— এ জীবন আপনাকে বিক্রেয় কোরলেম— স্থরপ্রতা, প্রেভপ্রতা, ফুরস্থানরী সকলকেই হানয়াকাশ হতে বিদূরিত কোরলেম, এখন বলুন আপনি কি আমার?

অনুপকুমারী।—আমি ছুংখিনী ক্লযকবালা, আপনি সন্তান্ত বীর—রণবীর।—স্থান্দরি! আপনি ক্লয়ক-বালা বর্টেন, কিন্তু আপনার ন্যায় রূপবতী রমণী ভারতে নাই। বীর-বালা অপেক্ষা আপনার মাহস, আপনার ক্ষমতা বীরবালা অপেক্ষা অধিক। বেদিন আপনি সেই বনমধ্যে দস্থা-হন্তে পতিত হন, সেদিনকার আপনার সেই মুদ্র্যুপিনভাব স্মরণ হলে বোব হয় আপনি সে অনুপকুমারী নন। তপান কিরণ আর জলদকণা মিপ্রিত হলে বেমন নয়নরঞ্জন রামবনুর উদর হয়, সেইমত আপনার সরলতাময় স্মভাব, আর বীরত্ব একত্র মিপ্রিত হয়ে, বিচিত্র সোন্দর্য্য প্রকাশ কোচেত। আবার বলি, আমি এ জীবন আপনার চরণে বিক্রের কোরলেম, আপনি যদি ক্রপা না করেন, বলুন, এই অসি এখনই আমার জীবনের শেষ সীমা আপনারে দেখাবে।

অনুপকুমারী। —বীরবর ! আপনি যদি আমারে রুবক-বালা বলে ছুণা না কোরে পরিণয় স্থাত্তে আবদ্ধ কোরতে চান, তাছলে আমার পিতার অনুমতির অপেকা কোরতে ছবে। রণধীর।—আপনার পিতা সেই উদারস্কদয় শিবদয়াল সিংহ বোধ করি কখনই অমত কোরবেন না। আমি আক্সই তাঁর নিকট গমন কোরতে প্রস্তুত আছি।

অনুপকুমারী।—তাঁর নিকট গমন করা রুধা। তিনি আমার পালক পিতা।

রণধীর।—সে কি । তবে আপনার জনক কে । অনুপকুমারী।—মহারাজ রণজিৎ সিংহ।

রণধীর ।—মহারাজ রণজিৎ সিংহ । কি বিচিত্র কথা! তবে আগনি এতদিন ক্রফ-বাসে ছিলেন কেন? কোথার লাছোর, কোথার কাশ্মীর, কোথার রাজপ্রাসাদ, কোথার পর্ণ কুটির, কোথার রাজচক্রবর্ত্তী, কোথার ক্রফ, এর মধ্যে কি রহস্য আছে বুঝতে প্রাচিচ না।

অনুপকুমারী।—আমিও এ রহস্তের অর্থ অনবগত। পিতা বেদিন বিচিত্রতুর্গ জয় কোরবেন, সেই দিন এই রহস্ত প্রকাশ পাবে, তিনি এমন আশা দিয়েছেন।

(স্থরপ্রভার ধীরে ধীরে প্রবেশ।)

সুরপ্রভা।—(স্বগত) কে বলে পুরুষ, রমণীর শক্র ? কে বলে পুরুষদের ই রমণীদের জ্বালাতন করে ? কে বলে পুরুষদের নিষ্ঠুরাচরণেই রমণীরা চিরদিন যাতনানলে দগ্ধ হয় ? না, কখনই না। রমণীর শক্র—রমণী। প্রত্যেক রমণীই নিজ নিজ রপরূপ অনলকুও প্রজ্বলিত কোরে বদে আছে, পুরুষ পতক্ষেরা তাতে ঝম্পা প্রদান কোচেচ। যে রমণীর রপাগ্নি অপরের অপেকা সমন্বিক প্রজ্বলিত, সেই রপানলপ্রিয় পুরুষ পতক্ষ অমনি সেই কুণ্ডে পতিত হবার জত্য উদ্ভবিমান হয়। আমার হৃদয়ের নিমি, জ্বীবন-সর্বস্থা,

রণধীর আন্দেশ্য রণধীর আজ পরের! এ কে? এ রাক্ষসী কোথা-হতে এসে আমার হাদয়াকাশের মোহন শশীকে কেড়ে নিলে? (ধীরে ধীরে অপ্রাসর) এ মহারাজ রণজিৎ সিংছের শিবির—এ শিবিরে রণবীরই বা কি সাহসে এ চণ্ডালিনীকে এনে আমার শৌদ্ধের মন্ত্র পাঠ কোচেচ?

রণধীর।—সূরপ্রভা! এতদিন তোমরা তুই ভগ্নী ছিলে, এই নাও আর এক ভগ্নী।

সুর প্রভা।—(স্থাত) কি! এতদিন "আপনার, আপনি" শুনতেম, আজ কি না "তোঘার" শুনতে হল। দেখছি প্রেম একটি চমমা বিশেব, যতক্ষণ পুরুষের চক্ষে থাকে, ততক্ষণ ভাল-বাদা—আর চমমা ভাঙ্গলেই পর।

রণধীর।—ইনি মহারাজ রণজিৎ সিংহের নন্দিনী।

স্থরপ্রান্তা। — কি ! মহারাজ রণজিং দিংছের নন্দিনী ? না, কখনই না।

(রণজিৎ সিংহের প্রবেশ।)

রণজিং i—হাঁ স্থরপ্রভা, অনুপ আমার কন্সা—হারানিগি। অনুপ! স্থরপ্রভাকে আমি ভনরার ন্যায় জ্ঞান করি। ভণ্নী বলে এঁরে মান্ত কোরো। (স্থরপ্রভার হস্তে অনুপকে দান)

অনুপকুমারী।—(স্বগত) ইনিই কি রণধীরের হ্বদয় অধিকার কোরেছিলেন ? এঁকে স্পর্ণ কোরতেই যে হ্রদয় কাতর হয়।

স্থারপ্রতা।—(স্থানত) এতক্ষণ দূরে থেকে এ রাক্ষণীকে দেখেই কেবল আমার হৃদয় জ্বলে যাতিহল, এখন রাক্ষণীর অঙ্গ স্পার্শ কোরে সর্বাঙ্গ জ্বলছে। আমার সাক্ষাতে আমার হৃদয়ের নিধিকে কেড়ে নিলে! এ যাতনা কি সহা হয়? রণবীর।—মহারাজ ! অনুপকুমারী যে আপনার তনরা, তা আমি ভ্রমেও ভাবি নাই। এঁরে আমি রদ্ধ ক্রমক শিবদরাল সিংহের আবাসে দেখেছিলেম। কিন্তু তখন এঁরে দেখে আমার মনে বিশেষ সন্দেহ উপস্থিত হয়। কারণ এরপ প্রমাস্থান্দরী গুণবতী রমণীর ক্রমক-প্রবেষ জন্ম গ্রহণ করা অতীব আশ্চর্য্যের বিষয়।

রণজিও।—আপনি সে কৃষক-বাসে গিছলেন কেন ?
রণধীর।—অনুপকুমারীর নিতঃস্ত অনুরোধেই আমি তথার
যেতে বাধা হই।

অনুপকুমারী।—পিত, আমি একদিন সন্ধ্যার সময়ে দস্ত্য কর্তৃক আক্রোপ্ত হই, ইনিই আমারে সেই বিপদ হতে উদ্ধার কোরে আমার জীবন রক্ষা করেন।

রণজিং।—বটে?—বীরবর! আপনি আমার তনন্ত্রার প্রাণরক্ষক; এতদিন আপনারে কেবল মিত্র বলে জানতেম, এখন
জানলেম যে, আপনার এ ঋণ অপরিশোধনীয়। আপনি এক
পক্ষে স্থরপ্রতার প্রাণ রক্ষা করেছেন, আবার অন্ত পক্ষে আমার
নয়নের তারা হারানিদি অনুপের জীবন রক্ষা কোরেছেন, আমি
এ জন্মে আপনার এ ঋণ পরিশোধ কোরতে পারব না। অনুপ!
জিজ্ঞাদা করি, দম্যুরা তোমাকে কেন আক্রমণ কোরলে
। আর
ভারা কে?

অনুপকুমারী।—শিত ! পাপিষ্ঠের নাম উচ্চারণ কোরতে দ্বনা বোধ হয়। মলহর সিংহের পুত্র পাপাত্মা স্থন্দর সিংহ নিজে চারিজন দম্যু লয়ে আমারে আক্রমণ করে।

রণজিৎ।—কি ! পাপাত্মা স্থন্দর সিংহের স্থানর এত কলুষিত ? এর উচিত ফল অবশ্যই পাবে। রণধীর।—মহারাজ! প্রবল পরাক্রান্ত শিধরাজের কন্তা কাশ্মীরে কৃষক কুটীরে কেন ছিলেন, এটি জানতে বড়ই বাসনা হচেচ।

রণজিং।—অবশ্য, রাজকন্সার ক্লংক-বাদে অবস্থান অতি
বিচিত্র। কিন্তু অনুপকুমারা বে, এতদিন রুষক বাদে ছিল, তা
আমি জানতেম না। জানলে বোধ হয় মাকে এত কন্ট ভোগ
কোরতে হত না। আপনি অনুপের জীবন রক্ষক, অতএব এক্ষণে
এ সম্বন্ধীয় যংকিঞ্চিং গূচ রহস্য প্রকাশ কোরতে বাধ্য ছচিচ।
আপনি আমার পরম মিত্র, পরমোশকারী, আপনার নিকট কোন
কথা আর গোপন করাও আমার উচিত নয়। চতুর্দ্দশ বর্ষ অতীত
হল, অনুপের মাতা রাণী হিশাকুমারীকে আমি হারায়েছি।

রণধীর।-কারণ ?

রণজিং।—অতি বিচিত্র ঘটনা তাছার কারণ। আ্যার সংসারের কতকগুলি রমণী রব তুলে যে, রাণী হিঙ্গণ্নুযারী, কোন গুপ্ত উদ্দেশে আ্যার প্রাণহরণের ষড়বন্দ্র কোচেচন। দে সকল রমণী একথা উত্থাপন করেন, তাঁরা এই কথার সমর্থন জন্ম অনেক প্রমাণও আ্যারে দেখান। আমি ছুর্ভাগারশভঃ ক্রোথাস্ক হয়ে, রাণী হিঙ্গণকুমারীকে যথেন্ট তিরক্ষার কোরে তাঁরে তাঁর পিতালয়ে পাঠায়ে দিই। পরে পাঁচবংসর কাল আমি তাঁর আর কোন সংবাদ রাখিনা। এই পাঁচবংসর পরে দেরমণী, রাণীর এই বড়বন্দ্রের কথা আ্যারে শুনার, দাকণ রোগে তার মৃত্যু সময় উপস্থিত হলে, সে সেই মৃত্যু শাস্যার শারন করে সমস্ত আ্যায়গানগের সমকে প্রকাশ করে দে, রাণী হিঙ্গণকুমারী সম্পূর্ণনিরপরাধিনী।

অনুপরুমারী।—(স্বগত) মা!—মা!

রণধীর।—তার পরে ?

রণজিৎ।—সেই কথা শুনে আমার স্থানরে যেন বজ্রাঘাত হয়। অকারণে নিরপরাধিনী সহধর্মিণীকে পরিহার কোরেছি বলে, স্থানক অনুতাপে দক্ষ হয়। সেই দণ্ডেই রাণীর পিত্রালয়ে লোক প্রোরণ করি, কিন্তু সেধান হতে রাণীর কোন সংবাদই পাই না।

অনুপকুমারী। - পিত! আমার মা १ - মা কি নাই १ (রোদন)

রণজিং।—কেঁদোনা, মা, কেঁদোনা, স্থির হও। িচিত্রত্নর্গ জয় হলেই ধরম সিংহের মুখে সমস্ত শুনবে।

অনুপকুমারী।—ভাগ্যগুণে যদিও আপনারে পিতা বলে ডাকতে পেলেম, মাকে কি দেখতে পাব না? এতদিন কুটীরে থেকে শুনতেম যে আমার মা জীবিতা আছেন। কিন্তু তিনি কোথায় তা কেউ বলতে পারত না।

রণজিৎ।—কেঁদনা, কেঁদনা, শাস্ত ছও।

রণ্ধীর।—মহারাজ রাজ্ঞী হিঙ্গণকুমারীর নামে সে রমণী কেন এ কলঙ্ক অর্পণ কোরেছিল ?

রণজিং।—-মৃত্যুকালে তা প্রকাশ পায়। আমার অন্ত এক স্ত্রী বসস্তকুমারীর সঙ্গে রাণী হিঙ্গণকুমারীর বিবাদ ঘটে; বসস্তকুমারীর পরামশেই সেই রমণী এই কলঙ্ক দিয়ে রাণীর প্রতি অকারণে আমার ক্রোধোদয় করিয়ে দেয়। বীরবর ! রাণী হিঙ্গণকুমারীকে অকারণে মনস্তাপ দিয়ে, আমি য়ে পাপ করেছি, এ জনতে আমার সে পাপের প্রায়শিত হবে না।

রণধীর।—সমস্তই অদৃষ্টে ঘটে। মনুষ্য উপলক্ষ মাত্রে, কার্য্যের কলাকল ঈশ্বরই দান করেন। যে রমণী, সাধ্যা সতীর নামে এ কলঙ্ক অর্পন করে, তার কল যখন সে সম্পূর্ণ প্রাপ্ত হয়েছে, তখন আপনার শোক অবশ্যই লাঘব হবে। রণজিং। —বীরবর ! এখন চলুন, আমরা শিবিরে যাই। যাতে আজই বিচিত্রপুর্ব জয় হয়, যাতে আজই রদ্ধ ধরম সিংহের মুখ হতে রাণী হিঙ্গণকুমারীর শেব সংবাদ জানতে পারি, চলুন ভার উপায় করিবো।

[রণজিৎ, রণধীর এবং অনুপকুমারীর প্রস্থান।

স্বপ্রপ্রভা।—(স্বগত) যাও, বনধীর! তুজনে যাও, হৃদরে হৃদরে, প্রাণে প্রাণে মিশিরে যাও, আর আমিও বাই। আর আমার এ জগতে—এ দেহে—এ প্রাণে কি প্ররোজন? মনে মনে যার চরণে দেহ, প্রাণ, মন উৎসর্গ করেছিলেম, সেই তুমি আজ আমারে হিমালর-শিশ্বর হতে উপত্যকার নিক্ষেপ কোরলে! অনুপকুমারী!—চণ্ডালিনি! তুই কোখা হতে এনে আমার হৃদরের নিধি—সর্কস্বধনকে কেড়ে নিলি? না—আর এ প্রাণ রাখব না। শতবার—সহস্রবার জন্ম লয়ে দেশব, রণধীরকে পাই কি না। রণধীর! তুমি আমায় তুললে, ভোল, আমি কিন্তু তুলি নাই, তুল্ব না, এজন্মে না, সহস্র জন্মেও না। তুমি ভোমার অন্তর হতে আমাকে যতই অন্তর করনা, আমি ভোমারে কোন জন্মেই অন্তর হতে আন্তর কোরতে পারব না। দেশবো, সহস্র জন্মে দেশবো—ভোমায় পাই কি না। আর চণ্ডালিনি!—অনুপকুমারি! তুইও দেশবি—যদি ভিন্ন জগতে দেশা হয়, তুইও দেশবি—আমার হৃদরের নিবিকে হৃদরে বসাতে পারব কি না।

ি স্বরপ্রভার প্রস্থান।

ষোড়শ দৃশ্য।

কাশীর—বীরাঙ্গনগর—বিচিত্তনিবাদের মৃত্তিকাভ্যস্তরস্থ তমসাবৃত পাষাণময় গৃহের মধ্যস্থলে

পাষাণ-প্রতিমা।

(ভীষ্মাচার্য্য কুশাসনে আসীন, মলহর সিংহ এবং স্কন্দর সিংহ দণ্ডায়মান।)

মলহর।—আচার্য্য! দেবির কি করুণা হবে না ? প্রতি পলেই আশাদীপ নির্বানোল্লুখ হচেত। রণজিং বিষম বিক্রমের সহিত গোলা বর্ষণ কোচেত। প্রতি মুহূর্ত্তেই আমি পরাজয়ের অপেকা কোচিত। গুরো! উপায় কি ?

ভীষ্ম।—আমি বার বার বলছি, আপনি কেন এত কাতর হচ্চেন? মহামায়া অবশ্যই কঞ্গা কোরবেন। পূজা সাঙ্গ হল, এক্ষণে নরবলি দিলেই মা চামুগু ক্লপা চক্ষে চাইবেন।

মলহর।—দেব! স্থরস্থন্দরী অনুঢ়া, তারে বলিদান—

ভীম্ম।—ঐত দোষ; মনোমধ্যে খুঁট থাকলে কথনই শুভকর্ম দিল্প হয় না। সহস্রবার নরবলি দেওয়া গোছে, আপনিত এক দিনও এসব কথা কন নাই। যদি রাজমুকুট ধারণ করবার বাসনা থাকে, আপনি মনের মালিন্য দূর কোরে মার চরণে মনের ফুংখ জানান। সংগ্রাঘে বিজয় প্রার্থনা করুন।

(স্থরস্ক্রনীকে লইয়া তুইজন প্রহরীর প্রবেশ।) ভীন্ম।—এসেছিন, আয়। আজ তোর জন্ম সার্থক হবে, আজ তোরে চামুণ্ডার প্রীতির জন্ম বলি দেব। আজ তোর শুভদিন।

স্থুরস্কুন্দরী।—আমায় বলি দেবে ? জাঁা! কেন ?—কেন ? জাচার্য্য ! কেন আমায় বলি দেবে ? আমি ভোমার চরণে কি অপরাধ করেছি ? সরদার মলহর দিংহ! তুমি আমায় বলি দেবে ? এ অবলা—অনাথিনীকে বলি দিয়ে তোমার কি সুধ হবে ? তুমি রাজ-সিংহাসন চাও, তোমার কি এ বিচার ? আমি রমণী—অনা-থিনী, আমার কেন বলি দেবে? মা! চামুণ্ডে! নিরপরাধিনী অবলার রক্তপান করে কি ভোমার ত্ঞা দূর হবে ? মা ! দাক্ষা-য়ণি! তুমি রমণী, সতীপ্রধানা, কুমারী, তুমি এত নিদয়া হলে কেন মা ?

ভীত্ম।—থাম, থাম, কাঁদিদনে। ভক্তিভরে দেবীকে প্রণাম কর। তোকে আর এ জগতে আসতে হবেনা। এখন প্রাণ বলি দিতে প্রস্তুত হ।

সুরস্থন্দরী।—ভীমাচার্য্য! পাষ্ড! তুই আমায় বলি দিবি ? বলি দেবার জত্তেই কি তুই এত দিন আমারে কারাগারে বন্ধ কোরে রেখেছিলি ? আমার তাপিত হৃদয়ে আশাবীজ বপন কোরেছিলি ? ধিক! তোরে শত ধিক! মলহর সিংহ! ডোমায় সহস্র ধিক ! তুমি একজন বিজ্ঞ হয়ে, কোন্ ছানরে এই ভণ্ড পাষণ্ডের কথায় ভূলে অবলা রমণীর প্রাণ হরণ কোরতে উন্তত হয়েছ? মা! চামুতে! আমার রক্ত পান করে যদি তুমি তুই হও, নাও, আমার প্রাণ নাও। তোমার হস্তের অদি দাও, আমি নিজ মুও নিজ হত্তে কেটে ভোমার রক্ত-পিপাসা শান্তি করি। আর না, 🖔 এ জগতে আর আমার কোন আশা নাই। মা! আমি ছঃখে জ্বাছি, হুঃখে শৈশব, বাল্য কাটিয়ে, হুঃখে ঘেবিন-মুখে উপনীত

হয়েছি, মা! তুমি অক্তাপি আমার ছুংখের শেষ কোরলেনা! মা! তুমি সতীপ্রধানা, আক্তাশক্তি, আমার ছুংখ হরণ কোরতে তোমার সকল শক্তিই কি ফুরাল? নাও, এখন ছুংখিনীর জীবন নাও। আর রণবীর! প্রাণপতি! আমি তোমার মনে মনে পতিপদে বরণ করেছিলেম, কিন্তু তোমার অার পাবনা, এ জন্মে না, আমি চল্লেম। এ জগতে তোমার চরণ সেবা কোরতে পারলেমনা, মনে এই ছুংখ রৈল। পায়ও ভীম্মাচার্য্য! দেখছি, তুই নিশ্চয়ই আমার প্রাণ বলি দিবি; আমার রোদনে—বিলাপে তোর পায়ণ মন কথনই কাতর হবে না। দে, তরবারি দে, আমি নিজ্ হস্তে নিজ হ্বদয় চিরে মহামায়াকে রক্তপান করাই।

তীত্ম।—তোমরা বস্ত্র দ্বারা ওর মুখ বন্ধন কর, নতুবা বলি দেওরা ত্বকর হবে।

স্থরস্থনরী।—পাতকি! আমি নিজেই নিজ প্রাণ বলি দেব। ছাড—ছাড—

(প্রহরীদ্বয় কর্তৃক বস্ত্র দ্বারা স্থরস্থন্দরীর মুথ বন্ধন।)

ভীষা।—মা ! ভদ্রকালিকে ! ব্রহ্মাণি ! হরপ্রিয়ে ! দরাময়ি ! দরা কর । মা ! চারিদিকে শক্র অনবরত গোলা বর্ষণ কোচেচ, শক্রভয় হরণ কর । বরদে ! বর দাও, মা ! সংগ্রামে বিজয় দাও । মা ! তুমি যে চন্তীরূপে মহাচন্তকে মহাসমরে নিখন কোরেছিলে, সেই বেশে একবার সমর-প্রাঙ্গণে অবতীর্ণ হয়ে শিখবর্ধশ ধ্বংদ কর । আর বিলম্বের প্রয়োজন নাই । তোমরা এরে দৃঢ়রূপে ধরে বসাও ।

(প্রহরীগণ কর্তৃক বলপূর্ব্বক স্থরস্থন্দরীকে মধ্যস্থলে উপবিষ্ট করন এবং স্থরস্থন্দরীর অষ্ণুট রোদন।) ভীষ্ম।—স্থির হও, এখনি ভূমি স্বর্গধামে থাবে। (ভীষ্মাচার্য্যের বধোদ্যম এবং সকলের অজ্ঞাতে রণজিতের প্রবেশ।)

রণজিং।—কর কি ?—কর কি ? ভীম্ম।—কে ভুই ? রণজিং ? ধর, ব্যাটাকে ধর। (প্রাহরীগণ কর্তৃক রণজিতকে ধারণ এবং স্থন্দর সিংহ কর্তৃক রণজিতের অসি কাড়িয়া লওন।)

মলহর।—এ এল কোথা হতে ?

ভীষ্ম।—এর আয়ু শেষ হয়েছে, মহামায়া আপনিই একে আনিয়ে দিয়েছেন। দাও, স্বয়স্ক্রীকে ছেডে দাও।

[স্থরস্করীর বেগে প্রস্থান।

রণজিৎ।—তোমরা আমার বন্দী কোরলে? কর, কিন্তু জিজ্ঞাসা করি এখন তোমরা কি চাও?

ভীষা।—ব্যাচার সাহস দেখ, বন্দী হয়ে আবার জিজ্ঞাসা কোচেচ "কি চাও ?" কি চাই, এখনি দেখবি। ভোর ইফদেব নানককে স্মরণ কর, এখনই এই মহামারার নিকট ভোরে বলি দেব। ব্যাচাকে কলে ধর, যেন না ছাড়াতে পারে। মহারাজ মলহর সিংহ! দেখলেন, দেবীর অনুগ্রহ দেখলেন। আজ আপনার আশা পূর্ব হল। আজ আপনি কাশ্মীরের অধীশ্বর হলেন। জর মহারাজ মলহর সিংহের জয়। সকলে। -- মহারাজ মলহর সিংহের জয়।

ভীষা।—এখনি রণজিতকে বলি দিয়ে আপনার কপালে রাজটীকা দেব। বদাও, ব্যাটাকে কদে ধরে বদাও। নে, ব্যাটা এইবার ভেবেনে—ভোর লাছোর রাজধানী, ভেবেনে—ভোর যত রাণী, আর যে যেখানে আছে।

রণজিতকে বলপূর্ব্বক উপবেশন করাইবার চেফী এবং রণজিতের ইঙ্গিত মাত্র রণধীর সিংহ এবং শিখ-সৈন্যগণের প্রবেশ ও মলহর, ভীম্মাচার্য্য এবং স্থান্দর সিংহকে ধ্রত করন।)

রণধীর।—(ভীম্মাচার্য্যের গলদেশ ধরিয়া) মহারাজ !
অনুমতি হয়ত এই পাষণ্ডের মস্তকচেছদন করে মনের ক্ষোভ মিটাই।
পাপাত্মা, শত সহত্র নরনারীকে—শত সহত্র জীবকে অকারণে এই
খানে বলি দিয়েছে।

ভীষ্ম 1—না, বাবা ! আমায় কেটোনা। আমায় ছেড়ে দাও। আমি পালাই। কোন্ শালা আর কাশ্মীরে থাকবে। ভোমার পায়ে পড়ি, আমায় ছেড়ে দাও।

রণজিৎ।—আমায় না বলি দিতে উদ্ভাত হয়েছিলে ?

ভীষ্ম।—আমি কিছু জানিনা বাবা, এই পাজি ব্যাটা মলহর দিংহই এর মূল। ঐ ব্যাটাইত রাজা হবে বলে এত কাও করেছে। আমাকে রাজগুরুর পদ দেবে বলেই আমি এ কাওে হাত দিয়ে-ছিলেম। আমার ছেড়ে দাও বাবা, কেটোনা, আমি এক ঘটী জল খেয়ে প্রাণটা বাঁচাই বাবা।

রণধীর।—কেন ? মনে নাই—তুমি যে আমার মুগুপাত জন্য সহজ্র মুদ্রা পারিতোষিক দিতে চেয়েছিলে ? মনে নাই—স্থুরপ্রভাকে মহারাজের শিবির হতে হরণ করবার জন্মে চর পার্চিয়েছিলে ? এখন তোমার মুগু রাখে কে ?

ভীষ্ম।—দোহাই বাবা !—দোহাই মহারাজ রণজিৎ সিংহ! আমার বাঁচাও, আমি দুংখী ত্রাহ্মণ, ত্রাহ্মণীর আর কেউ নাই বাবা।

রণধীর।—পাপাত্মা ! এ জগতে তোর আর এ পাপদেহ রাধবার প্রয়োজন নাই। যে মুখে তুই সতী রমণীর প্রতি কুবাক্য বর্ষণ কোরেছিস, বীরের নিন্দা করেছিস, কুমন্ত্রণার কথা উচ্চারণ করেছিস, তোর সে পাপমুখ দেহ হতে বিচ্ছিন্ন করাই বিহিত। (তীম্মাচার্য্যের মন্তব্য ছেদন)

রণজিৎ।—মলহর সিংছ! তুমি বড় আমার চক্ষে ধূলি নিক্ষেপ কোরে গোপনে কারাগার হতে পলারন কোরেছিলে, এখন ভোমার উপায়? কাশ্মীর-সিংছাসনে বসে রাজমুকুট শিরে ধারণ কোরতে বড়ই বাসনা কোরেছিলে, সমগ্র হিন্দু অধিবাসীকে উত্তে-জিত কোরে সংগ্রামে রণজিতকে পরাস্ত কোরতে বড়ই সাধ ছিল, এখন?—এখন কি হয়? এখন ভোমার কি বাসনা বল?

মলছর।—বাসনা একবার শিথরাজের সহিত অসিযুদ্ধ করে মনের ক্ষোত মিটাই।

রণজিং।—শৃগাল হয়ে সিংছের সহিত যুদ্ধ প্রার্থনা ? তুমি ঘোর মূর্থ, নির্বোধ, অজ্ঞান, তা নইলে এ অবস্থায় তোমার মূর্থ দিয়ে অমন কথা বেরবে কেন? দেখ, যার বংশে কোন কালে কাহারও শিরে রাজছত্ত শোভিত হয় নাই, তার রাজা হবার আশা করা নিতান্ত অনুচিত।

মলহর।—রণজিতের কোন্ পূর্ব্বপুক্ব সমগ্র পঞ্চনদ রাজ্যের অধীশ্বর ছিল? আমি কেবল রাজা হবার আশায় সমগ্র হিন্দু-অধিবাসীকে উত্তেজিত করি নাই। আমি স্বাধীনতার জন্যে— জাতীয় গৌরব বৃদ্ধির জন্মে—জন্মভূমির ছুর্গতি দূর করবার জন্মেই ভোমার বিকল্পে অসি গারণ করেছিলেম, যদিও আমাদের আশা পূর্ব হল না, তাতে আমাদের হুঃখ নাই। কাশ্মীরের প্রত্যেক অধিবাদী-প্রত্যেক ভাতা মিলিত হয়ে, পরিণামপুণ্যজনক কার্য্যে নিযুক্ত হয়েছিলেম, ভাগাবশেই সফল হলেম না, এতে আর দুঃখ কি ? তুমি আমার প্রাণবণ কোরতে চাও, কর, ভাতেও আমার তুঃখ নাই। জন্মভূমির জন্মে আমি এইরূপ সহস্রবার অসি ধারণ কোরে অসার প্রাণকে বলি দিতে কাতর নই। যে ব্যক্তি, আগার তায় জন্মভূমির উদ্ধার জন্ম জীবন দিতে প্রস্তুত নয়, ভারে আমি মনুল্য বলি না। রণজিৎ! তুমি মনে কোরনা যে, তুমি চিরদিনের জন্ম এই কাশ্মীর জয় কোরলে। মনে কোরনা যে এই কাশ্মীর-দুর্গে তোমার জয়পতাকা অনন্তকাল উচ্চীয়মান হবে। মনে কোরনা যে, তুমি নিকণ্টকে কাশ্মীর শাসন কোরতে পারবে। তুমি আমার প্রাণ নাও, আমার পুত্র এই স্থন্দর সিংছের প্রাণ নাও, কিছুতেই তুমি নিরাপদে কাশ্মীর শাসন কোরতে পারবেনা। আজ না হক, ছুদিন পরে—সময়ে অবশ্যুই আবার কাশ্মারবাদী হিন্দুরা তোমায় উচিত শিক্ষা দেবে।

রণজিৎ।—মলহর সিংহ! তুমি ঘোর বিদ্রোহী। তুমি অকারণে আমার অনেক ক্ষতি সাধন করেছ। যদিও তোমার প্রাণের প্রতি আঘাত কোরতেম না, কিন্তু তুমি এত দিন যে পাপ সঞ্চয় কোরেছ, তাতে তোমার এ জগতে থাকবার আর আবশ্যুক নাই। শুনলেগ, তুমি তুই বংসর ধরে চক্রান্তজাল পেতে গোপনে গোপনে হড়গন্তু চালনা কোরেছ। মুসলমান সম্রোট জব্বর খাঁর সর্বনাশ জন্য তুমি এই অজ্ঞাত স্থানে এই "পাষাণ-প্রতিমা" স্থাপন করে, রাজ্যের প্রধান প্রধান সরদারের সঙ্গে মন্ত্রণা করে, বিদ্রোহ-বহিন

প্রজ্বলিত করবার চেষ্টা করেছ। যে সরদার বা যে লোক ভোমার মোহন বাক্যে মুগ্ধ হয় নাই, তারেই তুমি এখানে এনে এই পাষাণ-প্রতিমার নিকট বলি দিয়েছ। এই পাপের জন্ম ভোমারে অনম্ভকাল নরক যাতনা ভোগ কোরতে হবে। অস্ত বৈকালেই ভোমার প্রাণদণ্ড হবে, এখন ভোমার স্মরণীয়—এই ভীমা পাযাণ-প্রতিমা। একবার নরন মুদিত কোরে, ভূত পাপচিত্র স্মরণ কোরে হৃদয়ে ধ্যান কর এই—পাবাণ-প্রতিমা। স্থান্দর সিংহ! তুমি ভোমার পাপিষ্ঠ পিতা মলহর অপেক্ষাও পাপী। তুমি অনেক সাধ্যাসতীর সর্বস্থন হরণ কোরেছ। আমি এখনি স্মহস্তে ভোমার প্রাণ বলি দিতেম, কেবল একবার ভূত পাপচিত্র স্মরণ করে দেখবে বলে সময় দিলেম। ভোমার পিতার সঙ্গেই ভৌমারও প্রাণদণ্ড সমাধা হবে। এখন ভোমার প্রতার স্মরণীয়—এই ভীমা পাষাণ-প্রতিমা।

(অনুপকুমারী, ধরম সিংহ এবং শিবদয়াল সিংহের প্রবেশ।)

অনুপকুমারী।—পিত! এই সদয়হৃদয় শিবদয়াল সিংহের কল্যাণেই আমি এত দিন জীবিত ছিলেম। আর এই সাধু ধরম সিংহের মন্ত্রণাতেই আমি আপনারে আজ পিতা বলে সম্ভাষণ কোরতে সমর্থ হয়েছি।

রণজিং।—ধরম সিংহ! তোমারি কল্যানে আমি নিরপ-রাধিনী রাণী হিঙ্গণকুমারীর গর্ভজাতা অনুপকুমারীকে আজ প্রাপ্ত হয়েছি। রাণী হিঙ্গণকুমারী এখন কোখায়, আর এই অনুপই বা এত দিন কিরূপে জীবিত ছিল, প্রকাশ করে উৎকণ্ঠিত প্রাণ শীতল কর।

ধরম।---মহারাজ ! ছুর্ভাগ্যবশে রাণী হিঙ্গণকুমারী রাজধানী

পরিত্যাগ কোরলে আমি তাঁরে তাঁর পিত্রালয়ে লয়ে যাবার জন্ম অনেক যত্ন করি, তিনি কোন মতেই যেতে সন্মত হন না। শেষ পাদচারে জ্রমণ করে করে মুলতানের এক সরাইয়ে এসে উপনীত হই। রাণী সেখানে দাকণ রোগে শ্যাগত হয়ে শেষে স্বর্গ-

অনুপকুষারী।—অ্যা!—আমার মা তবে নাই! (রোদন)

রণজিৎ।—উঃ! তবে নিশ্চরই রাণী নাই? মধ্যে এক অস্বাক্ষরিত পত্তে রাণীর মৃত্যুসংবাদ পাই বটে, কিন্তু তাতে আমি বিশ্বাস করি নাই।

ধরম।—আমিই সেই পত্র লিখেছিলেম। মহারাণী মৃত্যুকালে একটি স্থর্ন কোঁটা আমার হাতে দিয়ে বলেন, ধরম সিংহ! এইটি তোমার নিকট রাখ, আর আমার মৃত্যুসংবাদ মহারাজকে নিও। যদি কখন এ জগতে এ সাখ্যা সতীর এ কলক্ষ দূর হয়, তবে আমার অনুপকুমারী রৈল, এরে কন্সার ন্তায় পালন কোরো, সেই কলক্ষ মোচনের পর মহারাজের সমুখে এরে উপস্থিত করে, এ দাসীর অপরাধ মার্জনা প্রার্থনা কোরো।

রণজিৎ।—উঃ! আমি কি নরাধম—নরপিশাচ। হা! প্রিয়ে! তুমি সতীপ্রধানা ছিলে, তুমি অনস্তুকাল সতীলোকে বাস কোরবে, কিন্তু আমার এ পাপের ফলভোগ কখনই শেষ হবে না।

অনুপরুমারী।—পিত! আমি অভাগিনী, যদিও আপনার চরণ দর্শন পেলেম, কিন্তু আমার মাকে—(রোদন।)

রণধীর।—ভার পর কি হল ধরম সিংহ ?

ধরম।—তার পর মূলতান হতে কাশ্মীরে এদে এ পর্য্যস্ত বাদ কোচিচ। শিবদয়াল আমার পরম মিত্র, এঁর করে অনুপকে অর্পণ করে নিজে এই বিচিত্রনিবাদে এই সরদার মলহর সিংহের স্কৃতাপদে নিযুক্ত হই। যে বেতন পেতেম, তা সংগোপনে শিবদয়ালের হত্তে দিতেম। অনুপের পিতা মাতা কে, তা শিবদয়াল জানতেন না ও অপর কেইই জানতনা। অনুপ হুইবর্ষ বয়ঃক্রম কালে শিবদয়ালের আবাদে আদেন, অনুপও জানতেননা যে, কে তাঁর পিতা মাতা। তবে হিঙ্কপকুমারী মাতা হন, এইটিই জানতেন। কিন্তু হিঙ্কপকুমারী কে তাজানতেন না। একণে জগদীখনের ককণাতে আজ রাণী হিঙ্কপকুমারীর আশা পূর্ব হল।

শিবদয়াল।—মহারাজ! আমি জানতেম না যে, আমার হানয়ের অনুপ আপনার তনয়া। আমার পর্ণকুটীরে এত দিন ধে প্রবল প্রতাপান্বিত শিধরাজ-নন্দিনী অবস্থান কোরলেন, এতে আমার জীবন পবিত্র হয়েছে। মা অনুপক্ষারী! তোমারে অনেক সময়ে অনেক কটু কথা বলেছি, মেহভরে কত কি বলেছি, আজ আমার সে দোষ মার্জ্জনা কর।

অনুপকুমারী।—আপনি আমার পালক পিতা, আপনার ঋণ এ জন্মে পরিশোধ্য নয়।

রণজিং।—ধরম দিংছ! তুমি বেমন সাধু, শিবদরালও সেইমত পরম সাধু। তোমাদের তুজনের কল্যাণেই আজ আমি এই
ছারানিধিকে পেলেম। রাক্তীর মুধাক্তিতে অনুপের মুধাক্তির
কিছুমাত্র বিভেদ নাই। অনুপ বধন প্রথম আমারে স্থর্ণকেটি।
দিয়ে পরিচয় দিলে, তখনই আমি জেনেছি যে, ধরম সিংহের
অনুপ্রহে মা জীবিতা। এই দেখ মায়ের কনিষ্ঠাকুলীর পার্শে
কুদ্দে মাংসপিও, এইটি দেখেই আমার সে প্রতীতি আরও
প্রবল হয়। অনুপের বয়স বধন দেড় বংসর তখন আমি অনুপকে
হারা হয়েছি, কিন্তু আজ বদি রাণী হিন্দপকুমারীর দেখা পেতেম,

তাহলে স্থানজনে তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করে তাপিত প্রাণ শীতল কোরতেম। যাহক, আজ্ঞ অবধি তোমাদের হুজনের আর কোন কফ্ট থাকবে না, উভয়েই উপযুক্ত জায়গীর প্রাপ্ত হবে।

ধরম। — মহারাজ ! আমরা উভরেই রুদ্ধ হয়েছি, সংসারের বাসনা আমাদের শেষ হয়েছে। এক্ষণে যতদিন জীবিত থাকব, মহারাজের চরণ সেবা করেই কাল কাটাব। এক্ষণে প্রার্থনা যে, অনুপকুমারী উপযুক্ত পাত্তে অপিত হয়ে পরমস্থাথে কালযাপন করেন।

রণজিৎ।—ধরম সিংহ! তোমরা জান ইনি কে?

धत्रम । - अटन हि, इंडाँत नाम वीतवत तनशीत मिश्ह ।

শিবদয়াল।—মহারাজ ! ইনি সামাত্য ব্যক্তি নন, ইনি মহাবীর, উদারহদয়। ইহাঁরই কল্যানে মা অনুপ্রুমারীর এক সময়ে জীবন রক্ষা হয়।

রণজিং।—আমি তা শুনেছি, এই পাপিষ্ঠ স্থন্দর সিংহই দিয়া লয়ে গছনবনে মারে আক্রমণ করে, তার উচিত ফল ক্ষণ বিলবেই পাপিষ্ঠ প্রাপ্ত হবে। ধরম সিংহ! এই বীরবর রণধীর সিংহ, কোটাগিরির রাজকুমার। ইনি বেরূপ বীর, সেইরূপ সরল, সভ্য। উভয়ের মনে প্রণরাক্ক্রর বপিত হয়েছে, তা আমি জানতে পেরেছি। সেই জন্ম ইচ্ছা করি যে, অমুপকে রণধীরের করে অর্পণ করে স্থুখী হই।

ধরম।—বীরবর রণধীরের করে অনুপকে অর্পণ কোরলে সক-লেই স্থা হবেন।

শিবদয়াল।—মহারাজ ! বীরবর যে দিন অনুপকে উদ্ধার করেন, সেই দিনই আমি মনে করেছিলেম যে, এই বীরের ফ্রায় পাত্রের করে অনুপকে অর্পণ কোরব। আমি দীন ক্লযক, ইনি সম্রান্ত বীর, অতথব আমার আশা ইনি পূর্ণ কোরবেন কি না ভেবেই আমি ইছাঁর নিকট সে প্রস্তাব কোরতে পারি নাই। এখন আপনি রতনের সঙ্গে রতন মিশিয়ে সকলের আননদ বর্দ্ধন করুন।

রণজিং। —বীরবর রণধীর ! আমার অমুপকে আজ ডোমার করে অর্পণ করলেম। উভয়ে পরমানন্দে কাল যাপন কর ইহাই আমার প্রার্থনা। (রণধীরের করে অমুপকুমারীকে অর্পণ।)

(বেগে প্রেতপ্রভার প্রবেশ।)

প্রেতপ্রভা।-রণজিৎ সিংহ! কে বলে তুমি নরসিংহ? তুমি প্রেতিদিংহ। ভোমার হানয় ঘোর পাষাণে গাঁথা। এই বে পাবাণ-প্রতিমা দেখছ, এ অপেক্ষাও তোমার হৃদয় পাবাণ। আমি তোমারে আয়বান রাজা-পিতার প্রম্মিত বলে, ভীমাচার্য্যের কারাগার হতে পালিয়ে এদে তোমার চরণে আতার লই, তুমি আমায় অশেষ আশা দিয়ে, কত কথায় ভুলিয়ে, শেষে আমার क्रनत्यत १न-जीवत्नत जीवन तनशीतक ताक्रमीत करत जर्मन কোরলে ? ধিক! ভোমারে শত ধিক! রণধীর!-প্রাণেশ্বর! তুমি এখন এই রাক্ষসীর প্রাণেশ্বর হলেও আমার প্রাণেশ্বর। প্রাণেশ্বর! তুমি জান আমি প্রেতপ্রভা—কিন্তু আমি প্রেত-প্রভা নই। শুন আমার শুপ্ত রহস্থা—আমার জীবনের বিচিত্র ইতিহাস। যথার্থই আমার পিতার নাম বলেন্দ্র সিংছ, যথার্থই তিনি একজন মহাবীর ছিলেন, যথার্থই তিনি এই পিশাচের মহোপকার করেন, যথার্থই রণজিৎ তারে পরম মিত্র পদে বরণ করে, আমি সেই আশাতেই এর আত্রার লই। কিন্তু এই নরপ্রেত রণজিং, ভোমার জাগমন বাজা পেরে, পাছে তুমি সরদার মলহর সিংহের দৈত্যদলে প্রবিষ্ট হয়ে, কাশ্মীর জয়ের ব্যাঘাত দাও, এই জ**ভে**

এই পাপাত্মা আমারে প্রেতপ্রভা সাজিয়ে তোমার মন হরণ কোরতে উপদেশ দেয়। আমি কিন্তু জগদীশ্বরের দিব্য দিয়ে বলছি, এর উপদেশেই হক বা ভাগাবশেই হক, যে ক্ষণে ভোমার চাক রূপরাশি আমার নেত্রপথে পতিত হয়, সেই ক্ষণেই আমি ভোমারে হাদয়রাজ রূপে মনে মনে বরণ করি। আমি সেই ক্ষণেই ভোষার অনুগামিনী হতেম, কেবল এই রণজিতের প্রলোভনে— আশার মুগ্ধ হয়েই মনের বেগ সম্বরণ করি। জানি না, কি কারণে এই নরপ্রেত আমারে উপদেশ দিয়ে তোমারে গছনবনে প্রেতের সহিত সংগ্রাম কোর্ত্তে পাঠায়। রণধীর! দে প্রেত আর কেউ নয়, এই দেই নরপ্রেত রণজিৎ সিংহ। দেই প্রেত, আজ ভোমারে রাক্ষ্মীর করে অর্পণ কোরলে। তুমি জ্ঞান, আমি প্রেতপ্রভা, আর আমার এক ভগ্নী আছে, তার নাম স্থরপ্রভা। কিন্তু তা নয়, এই দেখ দেখি আমি কে? (ক্লিম রক্তিমকেশ উম্মোচন) এই দেখ রণধীর! আমি কে?—আমি সেই স্থর-প্রভা। আমি এইরপেই তোমার মন পরীক্ষা কোরেছি, এই স্থর-প্রভারপেই জেনেছি তুমি আমার। পাছে পাপাত্মা ভীম্মাচার্য্যের চরেরা আমারে চিন্তে পারে, এই জন্যেও রণজিৎ আমারে প্রেত-প্রভা নাম দিয়ে নূতন কেশ পরায়। রণধীর! এখন তুমি জানলে আমি কে? আমি প্রেতপ্রভা নই, আমি স্থরপ্রভা। প্রাণেশ্বর! তুমি আমারে প্রেমভরে আশার উচ্চ দোপানে তুলে অতল জলে নিক্ষেপ কোরলে, কর, তুমি যাতে স্থথে থাক, আমি তাই চাই, তাতেই আমার স্থা। কিন্তু তোমার হানয় যে পাযাণ অপেকাও কঠিন তা জানতেমনা। এখন আমার শেষ ভিক্ষা—মনে রেখো, ভলোনা। আর চণ্ডালিনি!—অনুপক্ষারী! তুই আমার হৃদয়ের নিধিকে কেড়ে নিলি! নে—কিন্তু জানিস, এ জন্মে যারে পেলেম না, শতজন্ম চেক্টা কোরব—তারে পাই কি না। তুই যোর পাত-কিনী। এই যে পাষাণ প্রতিমা দেখছিদ, এ অপেকাও তোর হ্বদর দৃঢ় পাষাণে গাঁথা। তুই পাষাণ-প্রতিমা। ত্রিজগত চিরদিন সাক্ষ্য দেবে, তুই রাক্ষ্যী—অনুপ্রমা পাষাণ-প্রতিমা। (নিজ বক্ষে ছুরী-কাষাত ও প্রাণত্যাগ।)

(বেগে হুরহুন্দরীর প্রবেশ।)

ञ्चतञ्चमतो। — तनशीत! अ कि? ऋशंकरतत वारम अ ठखा-লিনী কে ? রণধীর! তুমি না আমার? তুমি না আমারে কারা-গার হতে উদ্ধার জন্ম প্রাণ পর্যান্ত পণ কোরেছিলে? এখন তুমি কার ? এ চণ্ডালিনী—রাক্ষদীর ?—রণধীর ! ভুমি এত নিষ্ঠর ? তুমি মৃতপ্রায় মাধবীলতাকে আশাবারি সিঞ্চনে জীবিত কোরে, শেষ সহস্তে তার জীবন নাশ কোরলে ? রণবীর! আমি তোমারে আমার ভেবেছি, এখনও আমার ভাবছি। তুমি আমার—হতকণ বাঁচব, ভাববো, তুমি আমার। এ দেহ পরিহার করে ভিন্ন জগতে গিয়ে ভাববো—তুমি আমার। কিন্তু তুমি আমার বলে পরিছার কোরলে ? হা নিষ্ঠুর! হা নিদর! ভোমার আর কি বলব ? এখন শোন আমি কে ? এই যে প্রেমের জন্মে—ভোমার জন্মে বক্ষে ছুরীকাঘাত কোরে মল এ কে? আমার সহোদরা। এ সুরপ্রভা, আমি অনাধিনী স্বরস্থন্দরী। স্বরপ্রভা সেভিাগ্য-বশে পাণাত্মা ভীত্মাচার্য্যের কারাগার হতে পলায়ন করেন, আর আমি তোমার প্রেমের ভিথারিণী হয়ে, তোমার আশায় দেই কারা-भारत ছिल्म । तनदीत ! आत आभात कीवरन थराजन नाइ। শেষ ভিক্ষা—মনে রেখো। অনুপকুমারী !—পাতকিনি ! তুই আমার হুদয় কাননের ফুল্ল পারিজাতকে হরণ কোরলি ! হা ! ভোর দেহ

পাষাণে নির্ম্মিত, তুই অনুপমা পাষাণ-প্রতিমা। দিনি !—স্থর-প্রতা! তুমি ধে উদ্দেশে ধে পথে নিয়েছ, আমারও সেই পথে গতি। দিনি! মনে রেখো, ভুলোনা—এই পাষাণ-প্রতিমা। (স্থরপ্রতার বক্ষ হইতে ছুরীকা লইরা নিজ বক্ষে আঘাত ও প্রাণত্যাগ।)

যবনিকা পতন।

কৃতজ্ঞতা স্বীকার।

পাষাণ-প্রতিমার সংগীত গুলি কলিকাতা বন্ধ সংগীত বিদ্যা-লয়ের সংগীতাধ্যাপক শ্রীযুক্ত বাবু মদনমোহন বর্মণ কর্তৃক অনুপ্রাহ পূর্মক প্রদত্ত স্থবানুসারে রচিত।

দৃশ্যকাব্যোক্ত ব্যক্তিগণ।

রণজিৎ সিংহ	•••	***	পঞ্জাব-পতি।
মলহর সিংহ	•••	•••	কাশ্মীরের অন্তর্গত বীরাঙ্গ
			নগরের সরদার।
স্থন্দর সিংহ		***	ঐ পুত্র।
তৃৰ্বজয় সিংহ	•••		কাশ্মীরের অন্তর্গত পর্ণ-
			পুরের সরদার।
অৰ্জুন সিংহ			গুণর নগরের সরদার।
রণধীর সিংহ			পঞ্জাবের অন্তর্গত কোটা-
			গিরির রাজকুমা র ।
খড়্গ সিংহ		•••	রণজিৎ সিংহের পুত্র।
দেওয়ানটাদ	•••		ঐ দেনাপতি।
ভীন্মাচার্য্য	• • • •		মলহর সিংহের গুরু।
ধরম সিংহ			ভূতা।
শিব্দয়াল সিংহ			কৃষক।

সেনাপতিগণ, দৃত, প্রছরীগণ এবং দৈলগণ।

		স্ত্রীগণ।	Sweeter
অহুপকুমারী	•••	•••	র ণজি ং সিংহের কন্তা।
স্রস্কর ী			মৃত বলে ক্র সিংহের কন্সা।
স্বপ্রভা বা	}		English Com
প্রেতপ্রভা	5		4
চন্দ্ৰিকা	•••	•••	ऋत्र ः स्वीतः मथी।
		সহচরীগণ।	

বিজ্ঞাপন।

যৌবনে যোগিনী।
(ঐতিহাদিক দৃশুকাব্য।)
(প্রেট ন্যাসনাল থিয়েটেরে অভিনীত।)
মূল্য ২ এক টাকা, ডাকমাণ্ডল 🗸 আনা।

বিধবার দাঁতে মিশি। (দৃশ্যকাব্য।)

(নানা স্থানে অভিনীত।) মূল্য ১্এক টাকা, ডাকমাণ্ডল / প্যানা।

শ্রীগোপাল চন্দ্র মুখোপাধ্যায় প্রণীত উপরোক্ত দৃশ্রকাব্যন্তর এবং পাষাণ-প্রতিমা, কলিকাতা, পটোলডাঙ্গা, মিরজাপুর খ্রীটে সংস্কৃত্ত যন্ত্রের পুত্তকালয়ে, কলেজ খ্রীটে ক্যানিং লাইব্রেরিতে, চিনাবাজারে পদ্ম চন্দ্র নাথের দোকানে, হোগলকুঁড়িয়া, মসজিদ বাটী খ্রীটে সংবাদ প্রভাকর কার্য্যালয়ে, এবং শোভাবাজার, ৫০ নং গ্রে খ্রীটে গ্রন্থকারের নিকট

যৌবনে যোগিনী সম্বন্ধে সংবাদপত্র সমূহের অভিমতি;—

" সাধারণতঃ আমরা যে সকল নাটক দেখিরা থাকি, তাহা অপেকা
ইহা অনেক গুণে শ্রেষ্ঠ। নাটক থানির নামটি যেরূপ স্থমিষ্ট ইহা

পাঠ করিরাও আমরা সেইরূপ তৃপ্তিলাভ করিলাম।" অমূত্রবাজার

"সচরাচর আমরা বেরূপ বাঞ্চালা নাটক দেখিতে পাই, তাহার অনেকানেক অপেকা এ থানি উৎক্র ইইয়াছে, তাহার সন্দেহ নাই। নাটককার দেখাইয়াছেন, গৃহ বিচ্ছেদ, ইক্রিয়পরতা, বৌদ্ধর্ম ও হিন্দুধ্রের বিরোধ এবং অতি সরলতা, এই কারণ চতুষ্ঠয় সমবেত হইয়া শ্রবীর ভারতের নিপাতন সাধন করিয়াছিল। ইহার উপাথাান রচনায় বিলক্ষণ পারিপাট্য আছে।" এডুকেশন গেজেট।

"বৌবনে যোগিনীকার রসরচনপটু। যে উদ্দেশে যৌবনে যোগিনী প্রকাশ, তাহা অধিকাংশে সফল হইরাছে।" সাধারণী।

" এই নাটক থানি অধিকাংশে উৎক্ষঠ হইরাছে। এইরূপ গ্রন্থ দারা বন্ধ সাহিত্যের অনেক উন্নতির আশা করা যায়।" ভারত সংস্কারক।

" এখানিও উৎকৃষ্ট নাটক হইয়াছে। ইহারও রচনা প্রাঞ্জল এবং স্থানিষ্ট। আনরা মৃক্তকণ্ঠে বলিতে কুষ্ঠিত নই যে, যৌবনে যোগিনী নাটকথানি উৎকৃষ্টই হইয়াছে। লেখকের অন্ধননিবেশনাদির শক্তিদর্শন করিয়া বোধ হইল, অভিনয়াংশে কিসে উৎকৃষ্ট হইতে পারে, সে বিষয়ে তাঁহার সবিশেষ পট্টতা আছে।" ঢাকা প্রকাশ।

"তাহার পর চারি থানিতেই একই সময়ের চিত্র। তম্মধ্যে গৌরবে প্রধান যৌবনে যোগিনী।" বান্ধব।

'' যৌবনে যোগিনীর উদ্দেশ্য মহৎ। গ্রন্থকার যথাসাধ্য আর্য্য গৌরব উদ্দীপনের চেষ্টা করিয়াছেন। আমাদের মৃতপ্রাণ সঞ্জীবিত করিতে স্থানে অস্থানে বীররস ঢালিয়াছেন। যৌবনে যোগিনী অভিনয় ভূমিতে দর্শকের মন আকর্ষণ করিবে।" ভারত মিহির।

" সাধারণতঃ ঐতিহাদিক বিবরণসংযুক্ত দৃশ্রকাব্যথানি উত্তম পাঠোপ-যোগী হইরাছে।" বরিশাল বার্ত্তাবহ। "মানরা এই কাবাধানির আব্যেপান্ত পাঠ করিল। পরিত্র হইরাছি। বে সকল নাটক এথানকার নাট্যশালার প্রায় অভিনীত হইয়া
থাকে, তাহাদের অনেকের হইতে এই থানি উচ্চছান প্রাপ্ত হইবার
যোগ্য। গোপান বাব্ এই কাব্য থানিতে বতগুলি উপমা দিয়াছেন,
সকল গুলিই ফুনর ও ফুললিত হইয়াছে। অস্তান্ত প্রস্তাব গুলি
অতি উত্য হইয়াছে।" হাবড়াহিতকরী।

"মাথে মাৰে ৰাভাবিকী কমতা দেখা দিয়াছে। ভাষা ও বৰ্ণনাদি 'স্থানেক স্থান ক্ৰিয় হইয়াছে। ঘটনায় বৈচিত্ৰ আছে। গোপাল বাৰু বৰ্ণনীয় কালেৰ ইতিহাস জ্ঞানে অনেক শ্ৰেষ্ঠ।" মধাস্থ।

"নাটক বিধানির রচনা তাঁহার (সম্পাদকের) বিবেচনায় অতি সুক্লর হইরাছে। তিনি (সম্পাদক) সকলকেই এই নাটক থানি পাঠ করিতে বিশোষ অন্ধুরোধ করেন।" অণুবিক্ষণ।

"The plot is interesting * * it is a good performance—description are lively and the style is clear." Bengal agazine.

"How dismine among the Indian Princes led to the naccess of the Mahomedan invaders, is very clearly brought not in the work. The Author seems to possess considerable nower. He can understand the internal working of the mind and the move of the passions." Bengalee.

The author seems to possess some insight in to the man heart. It seems also the author possess considerable powers of writing Bengalee in high and excellent style." National Magazine.

বিধবার দাঁতে মিশি সম্বন্ধে সংবাদপত্তের অভিমতি, –

"অনেকানেক রঙ্গভূমি হইতে আরম্ভ হওরায় একণকার নাটক

ভূলিও পূর্বাপেকা কিছু কিছু তাল হইতে আরম্ভ হইরাছে। রঙ্গভূমি

গুলি হইতে যদিও আৰ কিছু না হউক কিন্তু এই এক প্রত্যক্ষ কল দৃষ্ঠ হইতেছে। বিধবার দাঁতে মিশি নাটকথানিও এই নবোৎসাহজনিত কল। এ থানি সাবেক উষ্ণ বাঙ্গালা নাটকের দলে মিশিতে পারে না।" এডুকেশন গেজেট।

"ইহাতে সমাজ চিত্রটি স্থলর হইয়াছে। নামটি গুনিতে ভাল নহে বটে, কিন্তু পুস্তকথানি পড়িয়া প্রীতিলাভ করা যায়।" অমৃত-বাজার পত্রিকা।

"নাটক থানির প্রস্তাবটি ন্তন, মনোরম, উপদেশক, ন্মাজ সংস্কানক, সারবিশিষ্ঠ, অথচ বিশেষ হাস্যোদ্দীপক। গ্রন্থকারের কল্পনা শক্তির এবং রচনা নৈপুণ্যের উৎক্ষ্ঠতায় নাটকথানি প্রথম শ্রেণীর মধ্যে পরিগণিত হইতেছে।" হালিসহর পত্রিকা।

"We are glad to notice the publication of a very useful Bengalee Drama called Bidhobar Datamishi by Gopaul Chunder Mookerjee, who endeavours to point out in mainfold evils arising from wine and other forms of disipation amongst the 'enlightend' portion of the native community." Friend of India.

ছুর্গাস্থন্দরী। (বিনা মূল্যে বিভরিত।)

क्लिकाजा, ८० नः ८ । द्वीरि श्रेथिया। मकत्रत्य जोकमाञ्चल ३० श्रेत्रता

